



# Unemployment Insurance



## বেকারত্ব বিমা দাবিদারের জন্য একটি পুস্তিকা

অক্টোবর 2017



### নিউ ইয়র্ক রাজ্য শ্রমিক দপ্তরের এক শাখা

নিউইয়র্ক স্টেট-এর শ্রম দপ্তরটি একটি সমান সুযোগদায়ী (ইকোয়াল অপারচুনিটি) কর্মনিয়োগকারী এবং কার্যক্রম প্রদানকারী। অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য আনুসঙ্গিক সহায়তা এবং পরিষেবা অনুরোধক্রমে প্রাপ্তিসাধ্য। এই পুস্তিকাটি NYS ডিপার্টমেন্ট অফ লেবার বা শ্রম দপ্তরের দ্বারা প্রকাশিত হয়েছে। এতে NYS বেকারত্ব বিমা আইনগুলির অধীনে আপনার অধিকার, দায়িত্ব, এবং সুবিধাগুলি সম্পর্কে সাধারণ তথ্য আছে। তথ্যটি আইনের সমস্ত ধারাগুলিকে অন্তর্ভুক্ত করার অভিপ্রায়ে প্রস্তুত করা হয় নি।

## গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি

এই পুস্তিকাটি আপনার পড়া প্রয়োজন বেকার বেকারত্ব বিমা কীভাবে কাজ করে সে সম্পর্কে এটি ব্যাখ্যা করে এবং আপনার অধিকার এবং দায়িত্বসমূহ সম্বন্ধে এটি জানায়। আপনার হয়ত এমন অনেক প্রশ্ন আছে এই পুস্তিকাতে যেগুলির উত্তর দেওয়া হয়েছে। যদি আপনার প্রশ্নগুলির উত্তর এখানে দেওয়া না হয় তাহলে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) দেখুন, বিশেষ করে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী। আমাদের হোমপেজ থেকে, বেছে নিন “বেকারত্ব সহায়তা পান (Get Unemployment Assistance)” এবং তারপরে “প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Frequently Asked Questions)”।

এই হ্যান্ডবুকটি নিম্নলিখিত ভাষাগুলিতেও পাওয়া যায়:

- আলবেনিয়ান
- আরবি
- বাংলা
- চাইনিজ
- ফরাসি
- হাইতিয়ান ফ্রেংল
- ইতালিয়ান
- কোরিয়ান
- পোলিশ
- রাশিয়ান
- স্প্যানিশ

যদি আপনার নির্দিষ্ট কোনো প্রশ্ন থাকে এবং আপনার ভাষা উপরের তালিকায় নেই তাহলে (888) 209-8124 নম্বরে কল করুন। নয় টিপুন, আমরা আপনার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করে দেব।

### NY.gov ID সম্পর্কে:

অনলাইনে দাবির আবেদন করতে, আমাদেরকে একটি নিরাপদ বার্তা পাঠান, ডিরেক্ট ডিপোজিট এবং আরো অনেক কিছুর জন্য সাইন আপ করুন, আপনাকে অবশ্যই [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ গিয়ে NY.gov অ্যাকাউন্ট তৈরি করতে হবে। NY.gov সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে এই হ্যান্ডবুকের 3 নং পৃষ্ঠা দেখুন: “আপনার NY.gov ID সেট করা।”

### ব্যক্তিগত গোপনীয়তা সুরক্ষা আইন সংক্রান্ত বিজ্ঞপ্তি

নিউ ইয়র্ক স্টেট আইন (নিউ ইয়র্ক পাবলিক অফিসারস আইনের ধারা 94(1) (d)) অনুসারে আমাদের আপনাকে জানানো প্রয়োজন যে বেকারত্ব বিমার কার্যক্রমগুলিতে আপনার অংশগ্রহণের জন্য আমাদেরকে আপনার কাছ থেকে অবশ্যই ব্যক্তিগত তথ্য সংগ্রহ করতে হয়। আমরা যে তথ্য জানতে চাই আপনি যদি আমাদের সেগুলি প্রদান না করেন তাহলে আমরা আপনার বেকারত্ব বিমার বেনিফিটগুলি দিতে অস্বীকার করতে পারি।

কতগুলি পরিস্থিতিতে এবং আইনের দ্বারা অনুমোদিত হলে, আপনার চাকরি এবং বেনিফিটগুলির জন্য যোগ্যতা যাচাই করতে আমাদের সংগৃহীত তথ্য আপনার কর্মনিয়োগকারী(গণ) এবং বিভিন্ন স্টেট ও ফেডারেল এজেন্সিগুলির কাছে পাঠানো হতে পারে। এর অন্তর্ভুক্ত হতে পারে কম্পিউটার সিস্টেমগুলির ব্যবহার যা আমাদের প্রাপ্ত তথ্যকে অন্যান্য ডেটাবেসের সাথে মেলায়; উদাহরণস্বরূপ, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স-এর দ্বারা রক্ষিত সম্পত্তি চাকুরিতে নিয়োজিত ব্যক্তিদের তালিকা।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার-এর দ্বারা রক্ষিত তথ্যগুলি পুনরীক্ষণ করার অধিকার আপনার আছে, যদি না আইনের দ্বারা আপনাকে নিবৃত্ত করা হয়। কোনো ব্যক্তি বেকারত্ব বিমার বেনিফিটগুলো পাওয়ার জন্য যোগ্য কিনা তা নির্ধারণ করতে আমরা নিয়মিতভাবে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও মার্কিন যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের অভিবাসন পরিষেবার মাধ্যমে করা বিদেশি রেজিস্ট্রেশন যাচাই করি। 1986 সালের ফেডারেল ইমিগ্রেশন রিফর্ম অ্যান্ড কন্ট্রোল অ্যাক্ট অনুসারে এটি প্রয়োজন হয়।

আপনি যখন একটি দাবি ফাইল করেন তখন ব্যক্তিগত তথ্যের অনুরোধ জানানোর ব্যাপারে রেগুলার স্টেট অ্যাণ্ড এক্সটেনডেড আনএমপ্লয়মেন্ট বেনিফিটস-এর জন্য নিউ ইয়র্ক স্টেট লেবার আইনের ধারা 18, ফেডারেল সিভিলিয়ান অ্যান্ড মিলিটারী আনএমপ্লয়মেন্ট কম্পেন্সেশন-এর জন্য ইউনাইটেড স্টেটস কোড-এর শিরোনাম 5-এর অধ্যায় 85, এবং ডিসাস্টার আনএমপ্লয়মেন্ট অ্যাসিস্ট্যান্স-এর জন্য ইউনাইটেড স্টেটস কোড-এর শিরোনাম 42-এর অধ্যায় 68 থেকে আমাদের কর্তৃত্বগুলি সম্পর্কে জানা যায়।

## আমাদের সাথে যোগাযোগ করুন

আপনার বেকারত্ব বিমার বেনিফিটগুলোর (বেনিফিটের জন্য প্রত্যয়ন করুন) দাবি করতে বেনিফিট পেমেন্টের স্থিতি যাচাই করুন:

- **অনলাইন:** [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ যান।
- **টেলিফোন:** সপ্তাহের 7 দিন, দিনের 24 ঘন্টা আমাদের টেল-সার্ভিস স্বয়ংক্রিয় ফোন সিস্টেমে (888) 581-5812 নম্বরে ফোন করুন।
- **TTY/TDD ব্যবহারকারী (শ্রবণ বৈকল্য):** (877) 205-3119
- **ভিডিও রিলে ব্যবহারকারীরা:** আপনি যদি ভিডিও রিলে সিস্টেম বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহার করেন তাহলে রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে তাকে (888) 783-1370 নম্বরে ফোন করতে বলুন।

বেনিফিটের জন্য আবেদন করতে (দাবির আবেদন করা) দাবি সম্পর্কে নির্দিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করুন:

- **অনলাইন:** [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ যান।
- **টেলিফোন:** সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে বিকাল 5টা পর্যন্ত আমাদের টেলিফোন ক্লেইম সেন্টারে (888) 209-8124 নম্বরে ফোন করুন। অধিকাংশ ভাষার জন্য দোভাষী পাওয়া যায়; দোভাষী পাওয়ার অনুরোধ করতে নয় টিপুন।
- **TTY/TDD ব্যবহারকারীরা:** (800) 662-1220 নম্বরে একজন রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে ফোন করতে বলুন।
- **ভিডিও রিলে ব্যবহারকারীরা:** আপনি যদি ভিডিও রিলে সিস্টেম বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহার করেন তাহলে রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে তাকে (888) 783-1370 নম্বরে ফোন করতে বলুন।
- **নিরাপদ বার্তা:** [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ সাইন ইন করুন এবং 'আমার অনলাইন পরিষেবা' পৃষ্ঠার উপরের ডানদিকে থাম আইকনে ক্লিক করুন।

NY.gov ID তৈরি বা ব্যবহার করতে:

- [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ যান।
- **সহায়তা প্রয়োজন?** ফোন করুন শ্রমবিভাগের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYSDOL ((888) 469-7365) নম্বরে সোমবার থেকে শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 টার মধ্যে। শ্রম বিভাগের যোগাযোগ কেন্দ্রের কোনো প্রতিনিধির সঙ্গে কথা বলতে 2 বিকল্পটি টিপুন।

ডেবিট কেয়ার সহায়তা – KeyBank গ্রাহক পরিষেবা:

- (866) 295-2955 নম্বরে ফোন করুন

আপনার 1099-G ফর্ম পাওয়ার জন্য:

- **অনলাইন:** [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অ্যাকাউন্টে সাইন ইন করুন। আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠায় “বেকারত্ব পরিষেবা (Unemployment Services)” এ ক্লিক করুন এবং তারপর “পেমেন্ট ও কর আটক রাখার বিকল্প এবং 1099G দেখুন/প্রিন্ট করুন (Payment and Tax withholding Options and View/Print 1099G)” বোতামে ক্লিক করুন।
- **টেলিফোন:** আপনার টেলিফোন ক্লেইম কেন্দ্রে কল করুন\* এবং আপনার 1099-G ফর্ম পেতে বিকল্পটি চয়ন করুন।

বেকারত্ব বিমার জালিয়াতি সংক্রান্ত হটলাইন

- (888) 598-2077 নম্বরে ফোন করুন

আরও সংস্থানসমূহ:

- এই বইয়ের অডিও সংস্করণ: <http://labor.ny.gov/ui/claimantinfo/Claimant-Handbook-Audio.shtm>
- বেকারত্ব বিমা সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী: <http://labor.ny.gov/ui/faq.shtm>
- নিউ ইয়র্ক স্টেটের \$15 ন্যূনতম পারিশ্রমিক সম্বন্ধে তথ্যের জন্য দেখুন: [www.labor.ny.gov/minimumwage](http://www.labor.ny.gov/minimumwage)
- নিউ ইয়র্ক স্টেটের সবেতন ছুটির কার্যক্রম সম্বন্ধে তথ্যের জন্য দেখুন: [www.ny.gov/paidfamilyleave](http://www.ny.gov/paidfamilyleave)

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



## বেকারত্ব বিমা সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত 15টি প্রশ্ন

1

**প্রঃ আমি কখন আমার প্রথম পেমেন্ট পাব? আমি বেকারত্বের বিমা বেনিফিটের জন্য এক সপ্তাহেরও বেশী সময় আগে আবেদন করেছি এবং কোনো খবর এখনও পায়নি। আমার কী করা উচিত?**

**উ.** আপনার দাবির আবেদন করা থেকে পেমেন্ট পেতে তিন থেকে ছয় সপ্তাহ সময় লাগবে, কারণ আমাদেরকে আপনার বেনিফিটের আবেদন পর্যালোচনা এবং প্রক্রিয়া করতে হবে। এই সময়ে আপনি কোনো বেনিফিট পাবেন না। যদি আপনি যোগ্য বলে বিবেচিত হন তবে আপনি আপনার প্রথম বার অর্থ প্রদানের সাথে পূর্বের সপ্তাহে বকেয়া কোনো অর্থ পাবেন।

এই সময়ে আপনাকে দুটি জিনিস করতে হবে:

- যে কোনো প্রমোবলী সম্পূর্ণ করে ফেরত পাঠান এবং শ্রম বিভাগ থেকে আপনাকে কোনো কল করা হলে অবিলম্বে কল করা হলে ফিরতি কল করুন; এবং
- আপনি যতদিন বেকার থাকবেন ও আবশ্যিকতা পূরণ করবেন ততদিন আপনি সাপ্তাহিক বেনিফিটের দাবি করা অবিরত করতে পারেন। বেনিফিটের জন্য আপনি যোগ্য হলে, আগের সপ্তাহগুলোর অর্থ ফেরত পাবেন।

2

**প্রঃ “সাপ্তাহিক বেনিফিটের দাবি করা চালিয়ে যাওয়া” বা “বেনিফিটের জন্য প্রত্যয়ন করা” কি “বেনিফিটের জন্য আবেদন করা” বা “দাবির জন্য আবেদন করা” মতোই একই?**

**উ.** না। “বেনিফিটের জন্য আবেদন করা” বা “দাবির আবেদন করা” হল বেকারত্বের বিমা বেনিফিটের জন্য আবেদন করা: আপনি বেকারত্বের বিমার জন্য দাবির আবেদন করবেন, অনেকটা বিমা কোম্পানির সঙ্গে দাবির আবেদন করা। আপনি আমাদেরকে আপনার, আপনার নিয়োগকর্তা এবং আপনি কিভাবে নিজের কাজ হারিয়েছেন তা জানাবেন এবং আপনি বেকারত্বের বিমা বেনিফিট পাবেন কিনা তার সিদ্ধান্ত আমরা নেবো। আপনি আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) বা টোল-ফ্রি নম্বর (888) 209-8124 এ কল করে বেকারত্বের বিমার জন্য আবেদন করতে পারেন। বেশীর ভাগ লোক অনলাইনে দাবির আবেদন করেন।

“সাপ্তাহিক বেনিফিট দাবি” বা “বেনিফিটের জন্য প্রত্যয়ন” এর সংজ্ঞার জন্য অনুগ্রহ করে 3 নং প্রশ্ন (পরবর্তী) দেখুন।

3

**প্রঃ “সাপ্তাহিক বেনিফিট দাবি করুন” মানে কি? এছাড়াও “বেনিফিটের জন্য প্রত্যয়ন” এর মানে কি?**

**উ.** “সাপ্তাহিক বেনিফিট দাবি” বা “বেনিফিটের জন্য প্রত্যয়ন” হল শ্রম বিভাগকে জানানো যে আপনি এখনও বেকার, প্রস্তুত এবং কাজ করতে সমর্থ, কাজ খুঁজছেন এবং তাদের বেকারত্বের বিমা বেনিফিটের প্রয়োজন। আপনি প্রতি সপ্তাহে অনলাইনে [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ অথবা আমাদের টেল-সার্ভিস টোল-ফ্রি ফোন লাইনে (888) 581-5812 নম্বরে কল করে এটি করেন।

আপনি সাপ্তাহিক সুবিধাগুলির দাবি করে থাকলে, আপনাকে প্রশ্নগুলির একটি ফর্ম জিজ্ঞাসা করা হবে। আপনার উত্তরগুলি সত্য এবং সঠিক তা আপনি শ্রম মন্ত্রকে শংসিত করার জন্য বিশ্বস্ততার সাথে উত্তর দেওয়া গুরুত্বপূর্ণ। এই কারণে প্রক্রিয়াটিকে “সুবিধাগুলি শংসিত করা” বলা হয়।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



4

**প্রঃ আমি একটি বিজ্ঞপ্তি পেয়েছি যেখানে আমাকে নিউ ইয়র্ক স্টেট চাকুরি কেন্দ্রে (কেরিয়ার সেন্টারে) একটি সভায় অংশগ্রহণ করতে বলা হয়েছিল, কিন্তু আমি যেতে পারি নি/যাই নি। এখন আমার বেনিফিটগুলো আমি আর পাইনা। আমার বেনিফিটগুলো আমি আবার কিভাবে পাওয়া শুরু করব?**

**উ.** প্রথমে, আপনাকে আপনার বিজ্ঞপ্তিতে তালিকাভুক্ত নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে অবিলম্বে ব্যক্তিগতভাবে যেতে হবে, সোমবার থেকে শুক্রবার সকাল ৪:৩০টা থেকে বিকাল ৪:৩০ টার মধ্যে তাদের কাজের সময়ে। আপনার কোনো অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই। টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করবেন না,\* কেন না আপনি চাকুরি কেন্দ্রে না যাওয়া পর্যন্ত তারা সাহায্য করতে পারবে না। আপনি অ্যাপয়েন্টমেন্ট-এ হাজির না থাকার সপ্তাহ থেকে শুরু করে কেরিয়ার সেন্টারে রিপোর্ট করার সপ্তাহ পর্যন্ত আপনার বেনিফিটগুলি আটকে রাখা হবে।

আপনি কেরিয়ার সেন্টারে সাক্ষাত করার পরে আপনাকে একটি অনলাইন প্রশ্নমালা সম্পূর্ণ করতে নির্দেশ দেওয়া হবে। দ্রুত পর্যালোচনার জন্য অথবা ৪৪ ঘন্টার ভিতরে কেরিয়ার সেন্টারে এই অনলাইন প্রশ্নমালাটি সম্পূর্ণ করুন। যে সপ্তাহগুলি আটকে রাখা হয়েছিল সেই সময়ের জন্য আপনি বেনিফিট পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণ করার জন্য আমরা প্রশ্নমালাটি পর্যালোচনা করব।

5

**প্রঃ আমি বেনিফিট পেতাম কিন্তু সেগুলো বন্ধ হয়ে গেছে। আমি কোনো সভায় অনুপস্থিত ছিলাম না। কি হচ্ছে? আমাকে কি টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করতে হবে?\***

**উ.** খুব সম্ভবত শ্রম বিভাগ এমন কিছু তথ্য পেয়েছে যা আপনার বেনিফিট পাওয়ার যোগ্যতা ক্ষমতা নষ্ট করতে পারে। সেই তথ্য আগেকার নিয়োগকর্তা থেকে আসতে পারে, আপনার ফেরত পাঠানো প্রশ্নাবলী থেকে জানা যেতে পারে অথবা আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে আপনার বেনিফিটগুলোকে প্রত্যাহিত করার চেষ্টা করে থাকতে পারেন (অনুগ্রহ করে নিচের ৪ নং প্রশ্ন দেখুন)। যখন এই রকম হয় তখন আমাদের অনুসন্ধান করতে হয়। যখন আমরা তা করি আপনার বেনিফিট মূলতবি রাখা হবে।

এই অনুসন্ধানের জন্য কয়েক সপ্তাহের প্রয়োজন হতে পারে। আমাদের তরফ থেকে কোনো প্রশ্ন, বার্তা বা ফোন করা হলে দ্রুত তার উত্তর দেওয়া ছাড়া আপনার আর কিছু করার নেই। টেলিফোন ক্লেইমস সেন্টার\* অনুসন্ধান চলাকালীন বেনিফিটগুলোর পেমেন্টের অনুমোদন করতে পারে না। যখন অনুসন্ধান সম্পূর্ণ হবে তখন আপনি বাকি থাকা সমস্ত বেনিফিট পাবেন বা ডাকযোগে আমাদের তরফে নির্ধারণ বিজ্ঞপ্তি<sup>1</sup> পাবেন।

যদি আপনার বেনিফিট **পাঁচ সপ্তাহের কম সময়ের জন্য** বাকি থাকে এবং আপনি কিছুই শোনেন নি তখন টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করবেন না।\* অনুসন্ধান তখনও চলছে। তবে, যদি তা **পাঁচ সপ্তাহ বা তার বেশী হয়** এবং আপনি যদি কোনো কিছু না শুনে থাকেন তাহলে আপনি আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে আমাদের নিরাপদ বার্তা পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো”**। যদি পাঁচ সপ্তাহ বা তার বেশী সময় অতিক্রান্ত হয় তাহলেও আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করতে পারেন\*।

**গুরুত্বপূর্ণ: অনুসন্ধান চলতে থাকার সময়, আপনি যতদিন বেকার থাকবেন ততদিন অনুগ্রহ করে সাপ্তাহিক বেনিফিটের দাবি করা চালিয়ে যান।**

<sup>1</sup>বেকারত্বের বিমা প্রোগ্রামের উদ্দেশ্যসমূহের জন্য, সিদ্ধান্তগ্রহণ হল আপনার দাবি সংক্রান্ত বিষয়ে শ্রম বিভাগের সিদ্ধান্তের আনুষ্ঠানিক নাম। আমাদের থেকে “সিদ্ধান্তগ্রহণ” শিরোনাম দেওয়া কোনো বিজ্ঞপ্তি পেলে সেটিকে পড়া, বোঝা এবং রেখে দেওয়া গুরুত্বপূর্ণ।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (৪৪৪) ২০৯-৪১২৪ নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (৪০০) ৬৬২-১২২০ নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (৪৪৪) ৭৪৩-১৩৭০ নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (৪৪৪) ৭৪৩-১৩৭০ নম্বরে কল করতে বলুন।

6

**প্রঃ আমি সাপ্তাহিক বেনিফিট দাবি করার চেষ্টা করেছিলাম, কিন্তু ফোন সিস্টেম আমাকে প্রত্যয়ন করার অনুমতি দেয় নি। আমি একটি বার্তা পেয়েছি যেখানে আমাকে [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) এ সাইন ইন করতে বা একটি বিশেষ ফোন নম্বরে ফোন করতে বলা হয়। কি হচ্ছে?**

**উ.** শ্রম বিভাগ জানতে পেরেছেন যে যখন আমি প্রত্যয়ন করেছেন তখন আপনি হয়তো কাজ করতেন। এই তথ্য একজন নিয়োগকর্তার থেকে অথবা অন্য কোনো উৎস থেকে এসে থাকতে পারে যা সেই সব মানুষকে সনাক্ত করে যারা যোগ্য না হওয়া সত্ত্বেও বেকারত্ব বিমার বেনিফিটগুলো সংগ্রহ করার চেষ্টা করছেন। কখনও কখনও তথ্য দেখা যায় যে আপনি কর্মরত, এমন কি যদি আপনি সম্প্রতি কর্মহীন হয়ে পড়েন তাহলেও। যখন এই রকম হয় তখন শ্রম বিভাগকে অবশ্যই নিশ্চিত হতে হবে যে আপনি সত্যিই বেকার।

এটার সমাধান করার জন্য, আপনাকে অবশ্যই [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ যেতে হবে এবং সাপ্তাহিক বেকারত্ব বিমা বেনিফিটগুলি দাবি করার জন্য ধাপগুলি অনুসরণ করতে হবে। আপনার দাবি শুরু হওয়ার পর থেকে আপনি যে সব তারিখে কাজ করেছেন সেই সবগুলি তালিকাভুক্ত করতে প্রস্তুত থাকুন। আপনার দাবি শুরু হওয়ার পর থেকে আপনি যে সব নিয়োগকর্তার হয়ে কাজ করেছেন তাদের সবার নাম, ঠিকানা ও টেলিফোন নম্বরও আপনাকে দিতে হবে। আপনার যদি একটি কম্পিউটার ব্যবহারের সুযোগ না থাকে তাহলে আপনার কাজের তথ্য প্রস্তুত রাখুন এবং (877) 280-4541 এ ফোন করুন।

7

**প্রঃ আমাকে শ্রম বিভাগ থেকে যে প্রস্তাবলী পাঠানো হয়েছে, মনে হচ্ছে আমার পরিস্থিতির সঙ্গে সম্পর্কযুক্ত নয়। আমার মনে হয় যখন আমি বেনিফিটের জন্য প্রত্যাশিত করেছি তখন কোনো ভুল হয়েছে। আমি কী করব?**

**উ.** যে কোনো ভাবে প্রস্তাবলী ফেরত দিন। প্রস্তাবলীর শীর্ষে ও শেষে লিখুন যে আপনার মনে হয় কোনো ভুল হয়েছে এবং উপযুক্ত বিবরণ প্রদান করুন। তারপর এটিকে নিরাপদ বার্তার মাধ্যমে ফেরত দিন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: "পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো"। অথবা প্রস্তাবলীটিকে ফ্যাক্স নম্বরে ফ্যাক্স করুন বা নিচের ঠিকানায় ডাকযোগে পাঠান। যদি সত্যিই ভুল হয়ে থাকে তাহলে আমরা পর্যালোচনা করে সংশোধন করে দেব। যদি আমাদের আরো তথ্যের প্রয়োজন হয় তাহলে আমরা আপনার সঙ্গে ফোন অথবা আমাদের সাথে থাকা আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে আপনার সঙ্গে যোগাযোগ করবো। আপনাকে টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করতে হবে না;\* তারা এই ধরনের উদ্বেগ উল্লেখ করতে পারবেন না।

8

**প্রঃ আমাকে দেশের বাইরে যেতে হবে। আমি কিভাবে বেনিফিটগুলো দাবি করব?**

**উ.** যদি আপনি অবকাশের জন্য ভ্রমণে যাচ্ছেন বা ব্যক্তিগত কারণে যাচ্ছেন এমন হয় তাহলে আপনি দাবি করতে পারবেন না এবং যে সময়ে গেছিলেন তার বেনিফিট পাবেন। আপনার অধিকারসমূহ সুরক্ষিত রাখতে, আপনি ভ্রমণে যাওয়ার আগে আপনাকে **অবশ্যই** আমাদের সঙ্গে যোগাযোগ করতে হবে, এমনকি আপনি কোনো চাকরি খোঁজার জন্য বা চাকরির সাক্ষাৎকারের জন্য গেলেও। আপনার ভ্রমণের আগে আমাদেরকে এই তথ্য দেওয়ার মাধ্যমে, আপনি বাইরে থাকাকালীন আপনার বেনিফিটগুলি সাময়িকভাবে মূলতুবি করা হবে। আপনি ফিরে আসার পরে আপনার বেনিফিটগুলি আবার শুরু করতে, আমাদের সঙ্গে যোগাযোগ করুন। আপনার স্বাভাবিক এলাকার বাইরে ভ্রমণ করার আগে আপনাকে অবশ্যই আমাদের সঙ্গে যোগাযোগ করতে হবে, এমন কি আপনি যদি যুক্তরাষ্ট্র, কানাডা, পুয়ের্তো রিকো বা ভার্জিন আইল্যান্ডস ছেড়ে না যান তাহলেও। আপনি আমাদেরকে একটি সুরক্ষিত বার্তা পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: "পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো"। আপনি টেলিফোন ক্লেইম সেন্টারে 1-888-209-8124 নম্বরেও কল করতে পারেন। আমাদেরকে ভ্রমণের তারিখ এবং ভ্রমণের কারণ জানাতে ভুলবেন না।

**গুরুত্বপূর্ণ:** আপনি যুক্তরাষ্ট্র, কানাডা, পুয়ের্তো রিকো বা ভার্জিন আইল্যান্ডস-এর বাইরে থাকার সময় কোনো কারণেই বেনিফিটগুলির জন্য প্রত্যয়ন করতে চেষ্টা করবেন না। আরো তথ্যের জন্য, এই দাবিদারের পুস্তিকার 6 অধ্যায় দেখুন: "আমি কী ভাবে সুবিধাগুলির জন্য প্রত্যয়ন করব?"

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

9

**প্রঃ আমি কিভাবে আমার পেমেন্টের ইতিহাস এবং/অথবা পেমেন্টের স্থিতি সম্পর্কে জানতে পারব?**

**উ.** আপনার বেকারত্বের বিমার বেনিফিট পেমেন্টের সম্পূর্ণ রেকর্ডের জন্য [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন। আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠায়, “বেকারত্বের পরিষেবা (Unemployment Services)”-তে ক্লিক করুন এবং তারপর “পেমেন্টের ইতিহাস দেখুন (View Payment History)”-এ ক্লিক করুন।

এছাড়াও আপনি আমাদের টেল-সার্ভিসে (৪৪৪) ৫৪১-৫৪১২ নম্বরে কল করতে পারেন। আপনার পেমেন্টের ইতিহাস এবং পেমেন্টের স্থিতি জানতে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করুন।

10

**প্রঃ শ্রম বিভাগ আমাকে যে প্রম্নাবলী/ফর্ম/চিঠি পাঠিয়েছিল তা আমি খুঁজে পাই না। আমার কী করা উচিত?**

**উ.** আপনি [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্ট থেকে নিরাপদ বার্তার মাধ্যমে প্রম্নাবলী/ফর্ম/চিঠির আরেকটি প্রতিলিপির অনুরোধ করতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার ১৪ অধ্যায় দেখুন: “**পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো**”। অথবা আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করতে পারেন।\*

**গুরুত্বপূর্ণ: অনুগ্রহ করে দ্রুত প্রতিশ্রুতপনের জন্য অনুরোধ করুন।** অনেক আইটেমের মেয়াদ অতিক্রমের তারিখ রয়েছে। এই মেয়াদ অতিক্রমের তারিখগুলোকে পরিবর্তন করা হবে না এমনকি বদল করা হলেও।

11

**প্রঃ আমার বেনিফিটগুলি সম্পর্কে আমার কোনো প্রশ্ন থাকলে কি হবে?**

**উ.** প্রথমে, এই দাবিদারের পুস্তিকাটি দেখুন। আমাদের টেলিফোন ক্লেইমস সেন্টারে\* এমন অনেক প্রশ্ন করা হয় যার উত্তর এই বুকলেটে রয়েছে। এছাড়াও আপনি আমাদের ওয়েবসাইট <http://labor.ny.gov/ui/faq.shtm> এ FAQ -- প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখতে পারেন।

এছাড়াও আপনি নিরাপদ বার্তা পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার ১৪ অধ্যায় দেখুন: “**পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো**”।

আপনাকে অবশ্যই টেলিফোন ক্লেইমস সেন্টারে ফোন করতে হবে,\* অনুগ্রহ করে অবগত থাকুন যে সোমবার এবং কোনো সর্বজনীন ছুটির দিনের পরের দিনটি ফোন কলগুলির জন্য ব্যস্ততম দিন। বৃহস্পতিবার এবং শুক্রবার স্বল্প ব্যস্ততম দিন।

12

**প্রঃ আমি শ্রম বিভাগের তরফ থেকে একটি সিদ্ধান্তের (“নির্ধারণ”) চিঠি পেয়েছি, এর সঙ্গে আমি সহমত নই। আমি কি করবো?**

**উ.** আপনি যদি এমন কোনো নির্ধারণের বিষয়ে সহমত না হন যা আপনাকে বেনিফিট দিতে অস্বীকার করে বা আপনার পাওয়া বেনিফিট অর্ধের রাশির উপরে প্রভাব ফেলে, তাহলে একটি শুনানির জন্য অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনাকে নির্ধারণের বিষয়ে ডাকে চিঠি পাঠানোর দিন থেকে ৩০ দিনের মধ্যে অবশ্যই লিখিতভাবে আপনার অনুরোধটি করতে হবে। আপনি যদি তাতে অসম্মত হন শুধু তাহলেই একটি শুনানির জন্য অনুরোধ করুন। তবে আপনি যদি তাতে অসম্মত হন শুধু তাহলে অবিলম্বে একটি শুনানির জন্য অনুরোধ করুন। এটা আপনার অধিকারসমূহকে সুরক্ষিত রাখে। একজন পক্ষপাতহীন প্রশাসনিক আইনি বিচারকের সামনে শুনানি অনুষ্ঠিত হবে। আপনি পরিস্থিতিটি বিচারককে ব্যাখ্যা করতে সক্ষম হবেন এবং বিচারক এই নির্ধারণটি পরিবর্তন করার সিদ্ধান্ত নিতে পারেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (৪৪৪) ২০৯-৪১২৪ নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (৪০০) ৬৬২-১২২০ নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (৪৪৪) ৭৪৩-১৩৭০ নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (৪৪৪) ৭৪৩-১৩৭০ নম্বরে কল করতে বলুন।



[www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) ওয়েবসাইটে আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে আপনি শুনানির অনুরোধ করতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো”**।

আপনার যদি আমাদের সাথে কোনো অনলাইন অ্যাকাউন্ট না থাকে, তাহলে কীভাবে তা খোলা যায় সেই সম্পর্কে নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে দাবিদারের পুস্তিকার 3 নং পৃষ্ঠা দেখুন: **“আপনার বেনিফিটগুলি পাওয়া: আপনার PIN, NY.gov ID, ডিরেক্ট ডিপোজিট এবং ডেবিট কার্ড”** কিভাবে সেটআপ করবেন তার জন্য নির্দেশনা।

আপনি এই পুস্তিকার পিছনে দেওয়া দাবিদারের শুনানির জন্য অনুরোধের ফর্ম (Claimant Hearing Request Form) পূর্ণ করেও অনুরোধ করতে পারেন। আপনি এই ঠিকানায় ডাকযোগে চিঠি পাঠাতে পারেন:

New York State Department of Labor  
PO Box 15131  
Albany, NY 12212-5131

**গুরুত্বপূর্ণ:** আপনি যে সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তির সঙ্গে অসম্মত তা 30 দিনের মধ্যেই অনলাইনে ডাকযোগে বা পোস্টমার্ক করে করতে হবে। যদি আপনার অনুরোধ 30 দিন পর করেন, তাহলে আপনার দেরি কেন হয়েছে তা আপনাকে অবশ্যই জানাতে হবে। আপনার সম্পূর্ণ নাম, আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা, আপনার বর্তমান ডাক ঠিকানা ও টেলিফোন নম্বর, সিদ্ধান্তগ্রহণের চিঠি পাওয়ার তারিখ এবং আপনি আমাদের সিদ্ধান্তে কেন সম্মত নন তার কারণ(গুলো) আপনার অনুরোধে অন্তর্ভুক্ত করুন।

শুনানি এবং আপীল প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এই দাবিদারের হ্যান্ডবুকের 10 অধ্যায় দেখুন: **“শুনানি এবং আপীল প্রক্রিয়া”**। **“আপনার UI শুনানির জন্য প্রস্তুতি”** ভিডিওটিও সহায়ক হবে। এটি দেখতে <http://labor.ny.gov/ui-appeal/> এ যান এবং সেই পৃষ্ঠায় থাকা “আরো জানুন” শিরোনামে থাকা লিঙ্কে ক্লিক করুন। এছাড়াও <http://labor.ny.gov/ui/claimantinfo/HearingProcess.shtm> এ শুনানি সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী চেক করুন।

## 13

**প্র: আমি কিভাবে আমার বেনিফিট পাওয়ার পদ্ধতির পরিবর্তন করবো?**

**উ.** নিরাপত্তার কারণে ডেবিট কার্ড থেকে ডিরেক্ট ডিপোজিট অথবা ডিরেক্ট ডিপোজিট থেকে ডেবিট কার্ড কেবলমাত্র অনলাইনে পরিবর্তন করা যাবে। আমাদের প্রতিনিধিরা আপনার জন্য এটা করতে পারেন না। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠায় “বেকারত্বের পরিষেবা” তে ক্লিক করুন। এটি আপনাকে বেকারত্বের বিমা বেনিফিটের অনলাইন পৃষ্ঠায় নিয়ে যাবে। “পেমেন্ট এবং কর মূলতবির বিকল্প এবং 1099G দেখুন/প্রিন্ট করুন” বোতামে ক্লিক করুন। ডিরেক্ট ডিপোজিট বিকল্পে পরিবর্তন বা ডিরেক্ট ডিপোজিট বাতিল করতে এবং ডেবিট কার্ড মারফত আমাদের বেনিফিটগুলো পেতে নির্দেশনা অনুসরণ করুন। আপনি যদি ডিরেক্ট ডিপোজিট বিকল্প চয়ন করতে চান তাহলে আপনার চেক ব্যবস্থা আছে কিনা চেক করে নিন, কেননা চেক থেকে গুরুত্বপূর্ণ নম্বরগুলো প্রয়োজন। আপনার অ্যাকাউন্টের তথ্য সঠিকভাবে লিখুন এবং আপনার রেকর্ডের জন্য ডিরেক্ট ডিপোজিট তথ্যের পৃষ্ঠা থেকে একটি প্রতিলিপি প্রিন্ট করুন। পরিবর্তন কার্যকরি হতে পাঁচ ব্যবসায়িক দিন পর্যন্ত সময় লাগবে।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে এই দাবিদারের পুস্তিকার 3নং অধ্যায় দেখুন: **“আপনার বেনিফিটগুলি পাওয়া: আপনার PIN, NY.gov ID, ডিরেক্ট ডিপোজিট এবং ডেবিট কার্ড”**।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

14

**প্রঃ আমি শ্রম বিভাগের কাছে কিভাবে আমার ঠিকানা বা ফোন নম্বর পরিবর্তন করবো?**

**উ.** আপনার ঠিকানা এবং/অথবা টেলিফোন নম্বর পরিবর্তন করার সহজ উপায় হল অনলাইন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং “বেকারস্বের পরিষেবা” তে ক্লিক করুন। এটি আপনাকে বেকারস্বের বিমা বেনিফিটের অনলাইন পৃষ্ঠায় নিয়ে যাবে। “সাপ্তাহিক বেনিফিটের দাবি করুন” বোতামে ক্লিক করলে সেটি আপনাকে বেনিফিট পেমেন্ট পৃষ্ঠায় আপনাকে নিয়ে যাবে। সেই পৃষ্ঠার “অবিরত করুন” বোতামে ক্লিক করুন, যেটি আপনাকে সাপ্তাহিক বেনিফিটের দাবির পৃষ্ঠায় নিয়ে যাবে। আপনার ঠিকানা এবং/অথবা ফোন নম্বর পরিবর্তন করতে “ঠিকানা/টেলিফোন নম্বর পরিবর্তন করুন” বোতামে ক্লিক করুন।

এছাড়াও আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করতে পারেন\* এবং আপনার ঠিকানা ও ফোন নম্বর পরিবর্তন করতে “PIN বা ঠিকানা পরিবর্তন” এর জন্য মেনু বিকল্প নির্বাচন করুন।

এছাড়াও (866) 295-2955 নম্বরে কল করে KeyBank গ্রাহক সেবায় (যদি আপনি ডেবিট কার্ড মারফত বেনিফিট পাচ্ছেন) বা আপনার ব্যাঙ্কে (যদি আপনি ডিরেক্ট ডিপোজিট) আপনার যোগাযোগের তথ্য আপডেট করুন।

15

**প্রঃ আমার নাম পরিবর্তন হলে আমি কি করব?**

**উ.** আপনাকে অবশ্যই নাম পরিবর্তনের যাচাইকরণ সংক্রান্ত আইনি নথি (যেমন বিয়ের সার্টিফিকেট, বিবাহ-বিচ্ছেদ বা তালাকের প্রত্যায়িত রেকর্ড, প্রত্যায়িত আদালতের আদেশ বা বৈধ, মেয়াদ উত্তীর্ণ হয়নি এমন মার্কিন পাসপোর্ট) এই ঠিকানায় পাঠাতে হবে:

New York State Department of Labor  
PO Box 15130  
Albany, NY 12212-5130

এছাড়াও আপনি আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে নিরাপদ বার্তা পাঠাতে পারেন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ সাইন ইন করুন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: “**পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো**”। আপনার অনুরোধের সঙ্গে আইনি কাগজপত্র যুক্ত করুন; আমরা PDF ফরম্যাট পছন্দ করি।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

## ব্যক্তিগত সততা এবং বেকারত্ব বিমা সম্পর্কে

সততার সঠিক অর্থ হল: সঠিক কাজ করা। বেকারত্ব বিমা ব্যবস্থার একজন অংশগ্রহণকারী হিসাবে, আপনি নৈতিকতা, সততা এবং সত্ উদ্দেশ্য নিয়ে কাজ করবেন এমনটাই আশা করা হয়।

অধিকাংশ যে সকল ব্যক্তি বেকারত্ব বিমা সুবিধা বা আনএমপ্লয়মেন্ট ইনসিওরেন্স বেনিফিট-এর জন্য আবেদন করেন তারা সঠিক কাজই করেন। তারা নিজেদের কোনো দোষ ছাড়াই চাকরিহীন বা বেকার হয়ে পড়েন, একটি নতুন চাকরি সন্ধান করার সময়ে তাদের সাময়িক সহায়তা প্রয়োজন হয়, সক্রিয়ভাবে চাকরি খুঁজতে থাকেন এবং তারা কাজে ফিরে যেতে প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ।

সততার অর্থ ঠিক তাই: সঠিক কাজ করা। বেকারত্ব বিমা ব্যবস্থার একজন অংশগ্রহণকারী হিসাবে, আপনি নৈতিকতা, সততা এবং সত্ উদ্দেশ্য নিয়ে কাজ করবেন এমনটাই আশা করা হয়। আশা করা হয় যে কর্মনিয়োগকারী, স্টেট-এর কর্মচারী এবং জনগণও সততার সাথে কাজ করবেন। যখন আমরা সকলে সততার সাথে কাজ করি, তখন এটি সুনিশ্চিত করতে সহায়তা করে যে, যে সকল ব্যক্তি চাকরিহীন অবস্থায় বেকারত্ব বিমার উপর ভরসা করেন তাদের বেনিফিটগুলির অর্থপ্রদানের জন্য অর্থ উপলব্ধ থাকে।

ডিপার্টমেন্ট অফ লেবার-এর বেকারত্ব বিমা বিভাগ বা আনএমপ্লয়মেন্ট ইনসিওরেন্স ডিভিশন বেকারত্ব বিমা ব্যবস্থাটির সততা সুনিশ্চিত করার জন্য দাবিদার, কর্মনিয়োগকারী, জনগণ এবং অন্যান্য ফেডারেল ও স্টেট এজেন্সিগুলির সাথে কাজ করে। যারা ভুল কাজ করতে চান তাদের প্রতিহত করার জন্য আমরা বিবিধ ডেটাবেসগুলির সাপেক্ষে কম্পিউটার ম্যাচিং বা কম্পিউটারের সাহায্য মেলানোর নতুন প্রযুক্তি ব্যবহার করা এবং নীতি এবং প্রণালীগুলি পরিবর্তন করার মাধ্যমে অযথা অর্থপ্রদানগুলি (“ওভারপেমেন্ট” বা “অতিরিক্ত অর্থপ্রদান” বলা হয়) সনাক্ত এবং বাতিল করার এবং জালিয়াতি প্রতিরোধ করার জন্য কাজ করছি।

আপনি যদি কোনো কোনো ভুল করেন — উদাহরণস্বরূপ, আপনার পাওয়া উচিত নয় এমন বেনিফিটগুলি পান — তাহলে আমরা সাহায্য করতে পারি। অনুগ্রহ করে আমাদের টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করুন\* অথবা আমাদের একটি সুরক্ষিত বার্তা পাঠান, এমনকি কোনো সমস্যা আছে কিনা তা আপনি না বুঝতে পারলেও। আমাদের সাথে এখন কথা বললে তা আপনাকে আপনার অতীত, বর্তমান এবং ভবিষ্যত বেনিফিটগুলি পাওয়ার অধিকারগুলি রক্ষা করতে সাহায্য করবে।

### বেকারত্ব বিমা সংক্রান্ত জালিয়াতি প্রসঙ্গে

বেনিফিটগুলির জন্য আবেদন করা বা সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার সময়ে যদি আপনি ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য দেন বা তথ্য না দেন, তাহলে আপনি জালিয়াতি করছেন। যদি আপনি জালিয়াতি করেন, তাহলে আপনার থেকে বেনিফিটগুলির ওভারপেমেন্ট-এর (অতিরিক্ত অর্থপ্রদান) উপরে 15 শতাংশ নগদ অর্থ জরিমানা বা \$100 (যেটি অধিকতর) দাবি করা হবে। এছাড়াও, আপনাকে অর্থটি ফেরত দিতে হবে এবং ভবিষ্যতে বেকারত্ব বিমা বেনিফিটগুলির পাওয়ার সুযোগ হারাবেন। এছাড়াও, জালিয়াতি করে পাওয়া বেশী অর্থ সংগ্রহ করার জন্য শ্রম বিভাগ আপনার বিরুদ্ধে একটি বিচারের আয় পেতে পারে। একবার তা হলে, বিচারের রায় বেধ হয় এবং আপনার বিরুদ্ধে কুড়ি বছরের জন্য ব্যবহার করা যেতে পারে, এবং আপনার অর্থ নিয়ে নেওয়া হতে পারে, যার মধ্যে আপনাকে প্রদত্ত অর্থের চেক এবং/অথবা ব্যাঙ্ক অ্যাকাউন্টের একটি অংশও থাকতে পারে। এছাড়াও, বিচারের রায় আপনার ক্রেডিট স্কোরের ক্ষতি করতে পারে এবং কোন বাসা ভাড়া করা, কোন চাকরি খোঁজা বা ঋণ নেওয়ায় ক্ষেত্রে আপনার সক্ষমতার উপরে প্রভাব ফেলতে পারে।

আমরা যদি সিদ্ধান্ত নিই যে আপনি বেনিফিটগুলি পাওয়ার যোগ্য নন এবং আপনি অসম্মত হন, তাহলে বিনা খরচে একজন প্রশাসনিক আইনি বিচারকের কাছে শুনানির অধিকার আপনার আছে। যদি শুনানিতে দেখা যায় যে আপনি জালিয়াতি করে অর্থ পেয়েছেন, তাহলে আপনাকে সেই অর্থটি ফেরত দিতে হবে। আপনার কাছে একটি জরিমানা দাবি করা হবে এবং আপনি ভবিষ্যতে বেনিফিটগুলির সুযোগ হারাবেন। যদি আপনি অর্থটি ফেরত না দেন, তাহলে আমরা উপরের বর্ণনা অনুসারে আপনার বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করতে পারি।

বেকারত্ব বিমার বেনিফিটগুলির জন্য প্রত্যারণাপূর্বক আবেদন বা দাবির জন্য আইনত সাজা এবং জরিমানা, অপরাধে অভিযুক্ত করা এবং এমনকি কারাদন্ডও হতে পারে। উদাহরণস্বরূপ, আপনি যদি একটি উল্লঙ্ঘনমূলক কাজে অভিযুক্ত হন, তাহলে \$500 পর্যন্ত জরিমানা, সর্বাধিক এক বছরের কারাদন্ড বা উভয় সাজাই হতে পারে। গুরুতর অপরাধের অভিযুক্ত হলে এর চেয়েও দীর্ঘতর কারাদন্ড হতে পারে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



আপনার এটাও জানা উচিত যে ফেডারেল আইনের আওতায়, সোশ্যাল সিকিউরিটি কার্ড পালটানো, কেনা, বেচা বা জাল করা গুরুতর অপরাধ। এই অপরাধের পরিণামে জরিমানা বা কারাদন্ড হতে পারে।

### সবচেয়ে সাধারণ দশটি বিষয় যা আপনার বেনিফিটগুলিকে বিরূপভাবে প্রভাবিত করবে

দাবিদাররা করে থাকেন এমন সবচেয়ে সাধারণ দশটি কাজ এখানে দেওয়া হল যা তাদের সুবিধা বা বেনিফিটগুলিকে বিরূপভাবে প্রভাবিত করে:

1. **চাকরিতে ফিরে যাওয়ার পরে বেনিফিটের দাবি।** আপনি একটি নতুন চাকরিতে যোগ দেওয়ার প্রথম দিনটি থেকেই আপনাকে অবশ্যই বেনিফিটগুলির দাবি বন্ধ করতে হবে, আপনি আপনার প্রথম বেতনটি পাওয়ার পরে নয়।
2. **অর্থ গ্রহণ করার সময়ে কাজ করা,** এমনকি যদি আপনি এক ঘন্টার কম সময়ের জন্য কাজ করেন এবং এমনকি আপনাকে যদি পারিশ্রমিক না দেওয়া হয় তাহলেও। **দ্রষ্টব্য:** স্বেচ্ছাসেবামূলক কাজ অনুমোদিত। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 22 দেখুন: **“আমি যদি স্বেচ্ছাসেবামূলক কাজ করি তাহলে কি হবে?”**
3. বেনিফিট দাবি করার সময়ে **“হিসাব বহির্ভূতভাবে”** বা **“গোপনে”** কাজ করা।
4. **শ্রম বিভাগের কাছে ভুল বিবৃতি দেওয়া বা তথ্য না দেওয়া।**
5. **মার্কিন যুক্তরাষ্ট্র, পুয়ের্তো রিকো, ভার্জিন আইল্যান্ডস বা কানাডার বাইরে থাকার সময়ে বেকারত্ব বিমার জন্য আবেদন করা বা সাপ্তাহিক বেনিফিট দাবি করার চেষ্টা করা।**
6. **আপনার PIN বা NY.gov পরিচয়পত্র এবং পাসওয়ার্ড অন্য কাউকে দেওয়া যাতে তারা আপনার হয়ে বেনিফিট দাবি করতে পারে।** আপনার পরিবারের সদস্য সহ কাউকে আপনার PIN বা NY.gov পরিচয়পত্র বা পাসওয়ার্ড দেবেন না। এটিকে জালিয়াতি হিসেবে বিবেচনা করা হয়। আপনি যদি অন্য কাউকে আপনার অনন্য NY.gov ID, পাসওয়ার্ড বা বেকারত্বের বিমা ডেবিট কার্ড ব্যবহার করতে দেন তাহলে আপনাকে দেওয়ানি বা ফৌজদারি শাস্তির মুখে পড়তে হতে পারে। যদি আপনার মনে হয় যে আপনার PIN, NY.gov ID, পাসওয়ার্ড বা ডেবিট কার্ড অন্য কেউ ব্যবহার করছে তাহলে অবিলম্বে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* যোগাযোগ করুন। **একমাত্র ব্যতিক্রম হল যদি আপনি নিজের PIN দিতে না পারেন, তখন আপনি একজন সাহায্যকারীকে দিয়ে তা প্রবেশ করতে পারেন। তবে, যখন আপনার সাহায্যকারী পাসওয়ার্ড বা PIN প্রবেশ করেন তখন আপনাকে অবশ্যই তার সঙ্গে থাকতে হবে।**
7. **চাকুরি সেন্টার-এ আয়োজিত প্রয়োজনীয় সাক্ষাৎকারগুলিতে উপস্থিত না থাকা।**
8. **আপনি চাকুরির সন্ধান না করা সত্ত্বেও মিথ্যা রিপোর্ট করা যে আপনি তা করেছেন।** অনুগ্রহ করে পৃষ্ঠা 24 - 30 দেখুন: **“চাকুরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি?”**, আপনাকে অবশ্যই কীভাবে চাকুরি খুঁজতে হবে সে ব্যাপারে বিশেষ তথ্যের জন্য।
9. **আপনি কাজ করতে সমর্থ না হওয়া সত্ত্বেও, মিথ্যা রিপোর্ট করা যে আপনি কাজের জন্য উপলব্ধ আছেন,** তা অসুস্থতা, ছুটি, বাস্তার তত্ত্বাবধানের বন্দোবস্ত বা অন্য যে কারণেই হোক না কেন। আপনি যখন অবিলম্বে কাজ নিতে পারবেন না বা উপলভ্য হবেন না তখন আপনি বেনিফিট নেওয়ার জন্য যোগ্য হবেন না।
10. **আপনি আপনার চাকুরি ছেড়ে দেওয়ার প্রকৃত কারণ আমাদের না জানানো।**

আপনার যদি সন্দেহ থাকে যে কোনো ব্যক্তি হয়ত বেকারত্ব বিমা সংক্রান্ত জালিয়াতি করছে, তাহলে তা (888) 598-2077-এ রিপোর্ট করুন। আপনি পরিচয় গোপন রাখতে পারেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

# বেকারত্ব বিমা দ্রুত শুরু করার নির্দেশিকা

আপনি এখন বেকারত্ব বিমার বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম বা দাবি ফাইল করেছেন, এই দ্রুত শুরু করার নির্দেশিকাটিতে এমন গুরুত্বপূর্ণ বিষয়গুলির একটি সংক্ষিপ্ত বর্ণনা আছে যা আপনার জানা উচিত। **গুরুত্বপূর্ণ: এই দ্রুত আরম্ভের নির্দেশিকাটি পড়া এই পুস্তিকাটির অবশিষ্ট অংশটি পড়ার একটি বিকল্প নয়। এই পুস্তিকাটি পড়ার এবং এটিতে প্রদত্ত তথ্য বোঝার দায়িত্ব আপনার।**

## 1 সাপ্তাহিক বেনিফিটগুলি ক্লেইম বা দাবি করা (বেনিফিটগুলির জন্য সুনিশ্চিতকরণও বলা হয়)।

আপনি যখন আপনার বেনিফিটগুলি পেতে শুরু করার অপেক্ষায় থাকেন সেই সময়টি সহ, **যখন আপনি বেকার থাকেন এবং চাকরির সন্ধানে থাকেন তখন প্রতি সপ্তাহে আপনাকে অবশ্যই বেনিফিটগুলি দাবি করতে হবে।** সাপ্তাহিক বেকারত্ব বিমার বেনিফিটগুলি ক্লেইম বা দাবি করার প্রক্রিয়াটিকেও বেনিফিটগুলির জন্য সুনিশ্চিতকরণ বলা হয়। বেশীরভাগ লোক সেটি রবিবার করে, কেননা সেদিন সপ্তাহ শেষ হয়। বেকারত্ব বিমার উদ্দেশ্যে একটি সপ্তাহ, সোমবার থেকে রবিবার পর্যন্ত চলে।

আপনি সাপ্তাহিক বেনিফিটগুলি ক্লেইম বা দাবি করার সময়ে আপনাকে এক সারি প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। জালিয়াতি এড়িয়ে চলার জন্য, আপনাকে অবশ্যই সততার সাথে এইসকল প্রশ্নগুলির উত্তর দিতে হবে।

**গুরুত্বপূর্ণ: আপনি দেশের বাইরে থাকলে বেনিফিটগুলি দাবি করতে পারেন না।** যদি আপনি তা করেন তাহলে আপনার প্রত্যয়ন অবরুদ্ধ করা হবে এবং আপনার বেনিফিটগুলো মূলতবি রাখা হবে। আপনি যদি এই অবরোধ অন্যভাবে এড়াতে চান, তাহলে আপনি বেনিফিট হারাতে পারেন এবং/অথবা ভবিষ্যতের বেনিফিটগুলি বজায় রাখা হতে পারে এবং আপনাকে দেওয়ানী বা ফৌজদারী শাস্তির মুখে পড়তে হতে পারে। আপনি বাইরে যাওয়ার আগে, আপনাকে অবশ্যই (888) 209-8124 নম্বরে টেলিফোন ক্লেইম সেন্টারে ফোন করতে হবে অথবা কেন আপনি ভ্রমণ করছেন তার ব্যাখ্যা সহ ভ্রমণের তারিখগুলি আমাদেরকে একটি নিরাপদ বার্তা পাঠিয়ে জানিয়ে দিন। আপনার স্বাভাবিক এলাকার বাইরে ভ্রমণ করার আগে আপনাকে অবশ্যই আমাদের সঙ্গে যোগাযোগ করতে হবে, এমন কি আপনি যদি দেশ ছেড়ে না যান তাহলেও। অনলাইনে নিরাপদ বার্তা পাঠাতে, [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অ্যাকাউন্টে সাইন ইন করুন। আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠায়, উপরের ডানদিকে থামের আইকনে ক্লিক করুন।

**গুরুত্বপূর্ণ: কাউকে আপনার PIN বা NY.gov পরিচয়পত্র বা পাসওয়ার্ড দেবেন না এবং অন্য কাউকে আপনার হয়ে বেনিফিট দাবি করতে দেবেন না।** এর মধ্যে আপনার স্বামী/স্ত্রী, অভিভাবক, উল্লেখযোগ্য অন্যান্য এবং পরিবারের যে কোনো সদস্য অন্তর্ভুক্ত। এটিকে জালিয়াতি বিবেচনা করা হয় এবং কারাদন্ড সহ, আপনার গুরুতর সাজা হতে পারে।

**একমাত্র ব্যতিক্রম হল আপনি যদি PIN বা NY.gov প্রমাণপত্রাদি দিতে না পারেন, তখন অন্য কেউ আপনাকে সেটিতে সাহায্য করতে পারে। তবে, যখন আপনার সাহায্যকারী পাসওয়ার্ড বা PIN দিচ্ছে তখন আপনাকে অবশ্যই তার সঙ্গে থাকতে হবে।**

আপনি সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করতে পারেন:

- **অনলাইন** [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ। অধিকাংশ ব্যক্তি সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করা সবচেয়ে সুবিধাজনক মনে করেন।
- **আমাদের টেল-সার্ভিস সিস্টেম ব্যবহার করতে** (888) 581-5812 নম্বরে ফোন করুন। TTY/TDD ব্যবহারকারীগণ (877) 205-3119 নম্বরে ফোন করুন। আপনি যদি ভিডিও রিলে সিস্টেম বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহার করেন তাহলে রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

# 2 বেনিফিটগুলি পাওয়া

- **আপনার বেকারত্বের বিমার প্রথম সম্পূর্ণ সপ্তাহের দাবি হল অপ্রদত্ত অপেক্ষামান সপ্তাহ।** আইন অনুসারে এই অপেক্ষামান সময়ের জন্য আপনাকে কোনো বেনিফিট দেওয়া হবে না। আপনি এই সপ্তাহে সম্পূর্ণ কাজ করেন বা অন্য কোন কারণে অপেক্ষার পূর্ণ সপ্তাহ জুড়ে কাজ না করেন, তাহলে অপেক্ষার সময়কালটি পরবর্তী সপ্তাহে(গুলো)তে পিছিয়ে দেওয়া হবে। **গুরুত্বপূর্ণ: আপনাকে এখনও অবশ্যই আপনার অপেক্ষামান সপ্তাহের জন্য ক্রেডিটের দাবি করতে হবে এবং বেকারত্ব বিমার যোগ্যতার অন্যান্য আবশ্যিকতা পূরণ করতে হবে।**
- **আপনার বেনিফিটগুলি শুরু হতে সাধারণত তিন সপ্তাহ থেকে ছয় সপ্তাহ সময় লাগে কারণ আপনার আবেদনটি আমাদের পর্যালোচনা এবং প্রক্রিয়াকরণ করতে হয়।** তবে, সমস্যা দেখা দিলে এতে দীর্ঘতর সময় লাগতে পারে। এই পর্যালোচনাধীন সময়ে আপনি কোনো বেনিফিট পাবেন না। আমরা যদি দেখি যে আপনি বেনিফিটগুলি পাওয়ার যোগ্য, তাহলে আপনি আপনার প্রথম অর্থটি পাওয়ার সময়ে অন্যান্য সপ্তাহগুলির জন্য আপনার প্রাপ্য বকেয়া অর্থ আপনাকে প্রদান করা হবে। **গুরুত্বপূর্ণ: আমরা আপনার আবেদনটি প্রক্রিয়াকরণ করাকালীন আপনি চাকরিহীন থাকার প্রতিটি সপ্তাহের জন্য বেনিফিটগুলি দাবি করতে থাকুন।**
- **আপনি আপনার ব্যাঙ্কের অ্যাকাউন্টে ডিরেক্ট ডিপোজিট বা ডেবিট কার্ডের মাধ্যমে বেনিফিটগুলি পেতে পারেন।** আমরা বেকারত্ব বিমা বেনিফিটের জন্য আর চেক ইস্যু করি না।

আপনি যদি **ডিরেক্ট ডিপোজিট** ব্যবহার করতে চান, তাহলে আপনাকে অবশ্যই এটির জন্য আমাদের ওয়েবসাইটে সাইন আপ করতে হবে। এর মানে হল এই যে আপনাকে অবশ্যই আপনার দাবি অনলাইনে করতে হবে এবং আমাদের জানাতে হবে যে আপনি দাবির আবেদন করার সময় ডিরেক্ট ডিপোজিট ব্যবহার করতে চান অথবা আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে ডিরেক্ট ডিপোজিট বিকল্পে পরিবর্তন করতে চান যদি আপনি ইতিমধ্যেই ডেবিট কার্ড ব্যবহার করে থাকেন। **আপনার বেনিফিটগুলোর বিলম্ব এড়াতে আপনার ব্যাঙ্কের তথ্য সঠিকভাবে প্রবেশ করান।** যদি আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টের পরিবর্তন হয়, তাহলে আপনার বেনিফিট পাওয়ার বিলম্ব এড়াতে অনুগ্রহ করে ডিরেক্ট ডিপোজিটের তথ্য আমাদের কাছে আপডেট করুন। **অনুগ্রহ করে মনে রাখবেন: যদি আগে আমাদের কাছে আপনার কোনো দাবি থেকে থাকে, তাহলে আপনার সুবক্ষার জন্য, সেই দাবির ক্ষেত্রে আপনার দেওয়া কোনো ডিরেক্ট ডিপোজিটের তথ্য কোনো নতুন দাবির ক্ষেত্রে প্রযোজ্য হবে না।** আপনি যখনই নতুন দাবি করবেন তখনই আপনাকে ডিরেক্ট ডিপোজিটের বিকল্প চয়ন করতে হবে এবং বর্তমান অ্যাকাউন্ট তথ্য যাচাই করতে হবে।

আপনি যদি **ডেবিট কার্ডের** মাধ্যমে বেনিফিট পেতে চান, তাহলে আপনি অনলাইন বা ফোনে আপনার দাবির আবেদন করতে পারবেন এবং সেই সময় আমাদের জানান যে আপনি ডেবিট কার্ড ব্যবহার করতে চান। তবে, আপনি যদি ডিরেক্ট ডিপোজিটের মাধ্যমে আপনার বেনিফিটগুলো পান এবং আপনার বেনিফিট পাওয়ার পদ্ধতি ডেবিট কার্ডে পরিবর্তন করতে চান, তাহলে আপনাকে অবশ্যই অনলাইনে পরিবর্তন করতে হবে। **গুরুত্বপূর্ণ: আপনি যদি আগে বেনিফিট পেয়ে থাকেন এবং আপনার ডেবিট কার্ড ছিল, তাহলে আপনার ডেবিট কার্ডের মেয়াদ উত্তীর্ণ না হয়ে থাকলে সেই একই কার্ডে আপনার বেনিফিট প্রদান করা হবে।**

# 3 অন্যান্য গুরুত্বপূর্ণ জিনিস যা জানতে হবে

- অনলাইনে দাবির আবেদন করতে, আমাদেরকে একটি নিরাপদ বার্তা পাঠান, ডিরেক্ট ডিপোজিট এবং আরো অনেক কিছুর জন্য সাইন আপ করুন, আপনাকে অবশ্যই [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ গিয়ে NY.gov অ্যাকাউন্ট তৈরি করতে হবে।
- **যদি আপনাকে না জানিয়ে বেনিফিট বন্ধ করে দেওয়া হয়,** অনুগ্রহ করে এই বুকলেটের শুরুতে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর শীর্ষস্থানীয় 15টি প্রশ্নের #4, #5, #6, এবং/অথবা #8 প্রশ্ন দেখুন।
- **যদি আপনার ডেবিট কার্ড হারিয়ে যায়, চুরি যায় বা নষ্ট হয়ে যায় তাহলে KeyBank গ্রাহক পরিষেবার (866) 295-2955 নম্বরে ফোন করে জানান এবং তারা আপনাকে একটি নতুন কার্ড পাঠিয়ে দেবেন।** অনুগ্রহ করে টেলিফোন ক্লেইমস সেন্টারে ফোন করবেন না; তার আপনার কার্ড প্রতিস্থাপন করবেন না।
- **আপনি যদি আপনার সাম্প্রতিকতম ঠিকানা এবং ফোন নম্বর প্রদান না করেন তাহলে বেনিফিটগুলি হারাতে পারেন।** বেকারত্ব বিমা সংক্রান্ত চিঠিগুলি পোস্ট অফিসের দ্বারা প্রদত্ত হয় না। আপনার ঠিকানা এবং/অথবা ফোন নম্বর কিভাবে পরিবর্তন করবেন সেই সম্পর্কে জানতে 22 নম্বর পৃষ্ঠা দেখুন।
- **অবিলম্বে সমস্ত প্রশ্নাবলী ফেরত দিন** যাতে পাওনা থাকা বেনিফিটগুলি বিলম্বিত বা অস্বীকৃত না হয়। দ্রুততম পর্যালোচনা ও জবাবের জন্য আমাদের সুরক্ষিত বার্তা ব্যবস্থার মাধ্যমে আপনার প্রশ্নাবলীর একটি ইলেকট্রনিক প্রতিলিপি পাঠান। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো”।**
- **এই পুস্তিকা পড়ার পর যদি** আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে ওয়েবের <http://labor.ny.gov/ui/faq.shtm> এ গিয়ে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন। এছাড়াও আপনি আমাদেরকে একটি নিরাপদ বার্তা পাঠাতে পারেন (নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি নিরাপদ বার্তা পাঠানো”**) অথবা (888) 209-8124-এ আমাদের টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করুন।



## বেকারত্ব বিমার গুরুত্বপূর্ণ সাম্প্রতিক পরিবর্তনসমূহ

### অনুগ্রহ করে পড়ুন: যে দাবিদাররা বেকারত্ব বিমার বেনিফিটগুলো ডেবিট কার্ডের মাধ্যমে সংগ্রহ করেন, তার জন্য গুরুত্বপূর্ণ তথ্য

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের বেকারত্ব বিমা প্রোগ্রাম ডেবিট কার্ড পরিষেবার জন্য **Chase থেকে KeyBank** এ পরিবর্তিত হয়েছে। যদি আপনার KeyBank ডেবিট কার্ড সম্পর্কে কোন প্রশ্ন থেকে থাকে তাহলে KeyBank গ্রাহক পরিষেবাকে (866) 295-2955 নম্বরে ফোন করুন।

যদি আপনি Chase ডিরেক্ট পেমেন্ট কার্ড করছেন, তাহলে ফান্ড শেষ না হওয়া পর্যন্ত এটিকে ব্যবহার করতে থাকুন। আপনার Chase ডিরেক্ট পেমেন্ট কার্ডের ফান্ড আপনার নতুন Key2Benefits ডেবিট কার্ডে পাঠানো যাবে না।

যদি আপনার Chase ডিরেক্ট পেমেন্ট কার্ড সম্পর্কে কোন প্রশ্ন থেকে থাকে তাহলে Chase গ্রাহক পরিষেবাকে (877) 221-1634 নম্বরে ফোন করুন। এই নম্বরটি **কেবলমাত্র** আপনার Chase কার্ডের প্রস্ভাবলীর জন্য; Key2Benefits কার্ডে উত্তরণের বিষয়ে প্রশ্নগুলি নিয়ে ফোন করবেন না। Key2Benefits কার্ড সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) এ আমাদের ওয়েবসাইটে প্রায়শই জিঙ্গাসিত প্রস্ভাবলী দেখুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

# সূচিপত্র

1. বেকারত্ব বিমা বলতে কি বোঝায়?.....	1
2. আমি বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার যোগ্য কিনা তা আমি কিভাবে জানতে পারি? .....	1
বেনিফিটগুলি পাওয়ার প্রয়োজনীয়তাগুলি কি কি? .....	1
আমাকে বেনিফিট দিতে অস্বীকার করার কি কি কারণ থাকতে পারে?.....	1
3. আপনার বেনিফিটগুলি পাওয়া: আপনার PIN, NY.gov ID, ডিরেক্ট ডিপোজিট এবং ডেবিট কার্ড .....	3
আপনার পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর (PIN) সেট করা .....	3
আপনার NY.gov ID সেট করা.....	3
আপনার অর্থপ্রদান পদ্ধতি সেট করা.....	4
ডিরেক্ট ডিপোজিট .....	5
ডিরেক্ট ডিপোজিট বাতিল করা.....	6
ডেবিট কার্ড .....	6
4. আমি প্রতি সপ্তাহের বেনিফিটগুলিতে কত অর্থ পাব? .....	8
আপনার “বেস সময়সীমা” বিষয়ে তথ্য .....	8
বেনিফিটগুলোর জন্য যোগ্য হতে উপার্জন প্রয়োজন.....	9
আমরা কিভাবে আপনার সাপ্তাহিক বেনিফিটের হার গণনা করি .....	9
আমার বেনিফিটের হার কত তা আমি কিভাবে জানতে পারব? .....	10
যদি আপনার আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি থেকে পারিশ্রমিক এবং/বা কর্মনিয়োগকারীরা বাদ পড়ে .....	11
বিকল্প ভিত্তি সময়কালের উপর ভিত্তি করে বেনিফিটের হার পুনরায় গণনা করার অনুরোধ করা .....	12
কর্মীদের ক্ষতিপূরণ বা স্বৈচ্ছাসেবী ফায়ারফাইটারদের (অগ্নি নির্বাপনকারী) বেনিফিটগুলি এবং ভিত্তি সময়কাল .....	12
একটি ক্লেইম বা দাবি প্রতিষ্ঠা করার জন্য বর্তমান ক্যালেন্ডার কোয়ার্টারের (ক্যালেন্ডারের ত্রৈমাসিক সময়কাল) হিসাবে পারিশ্রমিক ব্যবহার করা.....	13
গড় সাপ্তাহিক পারিশ্রমিকের উপর ভিত্তি করে পুনরায় বেনিফিটের হার গণনার একটি অনুরোধ করা .....	13
দুর্ভাবহার বা অপরাধমূলক কাজ করার কারণে চাকরি হারানো .....	13
সর্বাধিক ও ন্যূনতম সাপ্তাহিক বেনিফিটের হার.....	14
5. আমি কখন সুবিধাগুলি পেতে শুরু করব? .....	14
আমি কখন আমার প্রথম পেমেন্ট পাব? .....	14
অবিলম্বে প্রমোবলী ফেরত দিন .....	14
আমি প্রমোবলী অন্য কোথাও রেখে দিলে কি হবে .....	15
বেনিফিটগুলির জন্য অপেক্ষার সপ্তাহ .....	15
আমি কখন থেকে বেনিফিটগুলি পেতে শুরু করব তা আমি কিভাবে জানতে পারি? .....	15
6. আমি কিভাবে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করব? .....	16
আমি কিভাবে আমার বেনিফিটগুলি পেতে পারি (সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করা/বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণ)? .....	16
আপনি অবশ্যই নিজে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করবেন .....	16
আমি আমার এলাকা বা দেশের বাইরে কোথাও ভ্রমণ করতে গেলে কি হবে? .....	16
অনলাইনে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করা .....	17
সাপ্তাহিক বেনিফিটগুলি ফোন মাধ্যমে দাবি করা.....	17
সাপ্তাহিক বেনিফিটগুলি কখন দাবি করতে হয় .....	18
সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করতে আমার কোনো সাহায্যের প্রয়োজন হলে কি হবে? .....	18
আমি আংশিক-সময়ে (পার্ট-টাইম) কাজ করলে কি হবে?.....	19
কাজ বলতে কি বোঝায়?.....	19

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আমি সাপ্তাহিক বেনিফিট দাবি করার চেষ্টা করেছিলাম, কিন্তু ফোন সিস্টেম আমাকে প্রত্যয়ন করার অনুমতি দেয় নি। আমি একটি বার্তা পেয়েছি যেখানে আমাকে বলা হয়েছে <a href="http://www.labor.ny.gov">www.labor.ny.gov</a> -এ সাইন ইন করতে অথবা একটি নির্দিষ্ট ফোন নম্বরে ফোন করতে বলা হয়েছে। কি হচ্ছে? .....	21
আমি একজন নির্বাচিত প্রতিনিধি হলে কি হবে? .....	21
আমি যদি স্বেচ্ছাসেবামূলক কাজ করি তাহলে কি হবে? .....	22
আপনার সাম্প্রতিকতম ঠিকানা এবং ফোন নম্বর প্রদান করুন .....	22
আমার নাম পরিবর্তন হলে আমি কি করব? .....	23
<b>7. চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি? .....</b>	<b>24</b>
আমাকে কি চাকরির খোঁজ করতে হবে? .....	24
কোন প্রচেষ্টাকে চাকরি খোঁজার নিয়মাবদ্ধ ও নিরন্তর প্রচেষ্টা হিসাবে বিবেচনা করা হয়? .....	24
কোন কাজটিকে আমার চাকরি খোঁজার কাজকর্মের গ্রহণযোগ্য প্রমাণ হিসাবে বিবেচনা করা হয়? .....	25
আমার চাকরি খোঁজার রেকর্ডগুলিকে কতদিন অবশ্যই রেখে দেওয়া উচিত? .....	26
চাকরি খোঁজার একটি পরিকল্পনা কি? .....	26
কাকে চাকরি খোঁজা থেকে অব্যাহতি দেওয়া হয়? .....	26
আমাকে কোন ধরনের চাকরিগুলির খোঁজে থাকতে হবে? কম মজুরির কারণে আমি কি চাকুরি প্রত্যাখ্যান করতে পারি? .....	27
উপরে উল্লিখিত প্রশ্নে ব্যাখ্যা করা মজুরি আবশ্যিকতা পূরণ করেছে, কিন্তু একই কাজের জন্য কম বেনিফিটের অফার করা হয়েছে এমন কাজ আমি প্রত্যাখ্যান করলে কি হবে? .....	27
আমাকে কত দূরস্থ পর্যন্ত চাকরি খুঁজতে হবে? .....	28
নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারসমূহ .....	28
চাকরি খোঁজার বাধ্যতামূলক মিটিংগুলি .....	28
আমি আমার চাকরি খোঁজার মিটিং মিস করলে কি হবে? .....	28
আমি যদি চাকরি খুঁজতে বা গ্রহণ করতে শারীরিকভাবে অসমর্থ হই তাহলে কি হবে? .....	29
আমি যদি জুরির কর্তব্য করার ডাক পাওয়ার কারণে চাকরি খুঁজতে বা গ্রহণ করতে অসমর্থ হই তাহলে কি হবে? .....	29
গর্ভধারণ কি আমার বেনিফিটগুলির উপরে প্রভাব ফেলবে? .....	29
<b>8. অতিরিক্ত অর্থপ্রদান বা জালিয়াতি .....</b>	<b>30</b>
অতিরিক্ত অর্থপ্রদান বলতে কি বোঝায়? .....	30
আমি যদি অতিরিক্ত অর্থপ্রদান সংক্রান্ত কোন হিসাব পাই তাহলে কি হবে? .....	30
ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বলতে কি বোঝায়? .....	30
যদি আমি ওভারপেমেন্ট ফেরত বা আর্থিক জরিমানা না দিই তাহলে কি হবে? .....	31
অন্য কোনো স্টেট বা ফেডারেল কার্যক্রমের দ্বারা অতিরিক্ত অর্থপ্রদান .....	31
<b>9. আমি যখন চাকরিতে ফিরে আসি তখন আমার কি করা উচিত? .....</b>	<b>31</b>
আমি যখন পূর্ণ-সময়ের চাকরিতে ফিরে আসি তখন আমার কি করা উচিত? .....	31
আবার একটি বিরতির পরে আমি কিভাবে আবার বেনিফিটগুলি পেতে পারি? .....	31
<b>10. শুনানি এবং আপিল প্রক্রিয়া .....</b>	<b>32</b>
আমি কি আমার দাবির ব্যাপারে সিদ্ধান্তগ্রহণের জন্য আপিল করতে পারি? .....	32
শুনানিতে কি আমি আমার কোন প্রতিনিধি আনতে পারি? .....	33
একটি শুনানির জন্য আমি কিভাবে প্রস্তুতি নিতে পারি? .....	33
আমি যদি শুনানিতে উপস্থিত না থাকি তাহলে কি হবে? .....	34
আমি কিভাবে বিচারকের সিদ্ধান্তগুলি পাবো? .....	35
আমি যদি বিচারকের সিদ্ধান্ত মেনে নিতে অস্বীকার করি, তাহলে আমি আবার কিভাবে আপিল করতে পারব? .....	35
আমি যদি বিচারকের সিদ্ধান্ত মেনে নিতে অস্বীকার করি, তাহলে আমি আবার কিভাবে আপিল করতে পারব? .....	36

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

<b>11. বিশেষ পরিস্থিতি</b> .....	<b>37</b>
আমার বেনিফিটগুলি সম্পর্কে আমার কোনো প্রশ্ন থাকলে কি হবে? .....	37
আমি যদি মনে করি বেনিফিটগুলি পেতে দেরী হচ্ছে তাহলে কী হবে? এছাড়াও, আমি কিভাবে আমার পেমেন্টের ইতিহাস এবং/অথবা পেমেন্টের স্থিতি সম্পর্কে জানতে পারব? .....	37
আমার বেনিফিটগুলো বন্ধ করা হয়েছে। কি হচ্ছে? .....	37
আমি যদি বরখাস্তকরণ/অবসানমূলক অর্থ পাই, তাহলে এটি কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করবে? .....	38
যদি আমি আমার সম্পূর্ণ সময়ের কাজ হারাই এবং পাশাপাশি আংশিক সময়ের কাজ করি, তাহলে আমাকে কি আংশিক সময়ের কাজ চালিয়ে যেতে হবে? .....	38
দাবি প্রতিষ্ঠা করার জন্য আমি কি মিলিটারি পরিষেবা ব্যবহার করতে পারি? .....	39
মিলিটারি রিজার্ভ ট্রেনিং কিভাবে আমার বর্তমান দাবির উপরে প্রভাব ফেলে? .....	39
আমি কোন শিক্ষা প্রতিষ্ঠানে কাজ করলে কি হবে? .....	39
পেনসন গ্রহণ করা কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করে? .....	40
সোশ্যাল সিকিউরিটি গ্রহণ করা কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করে? .....	40
কর্মচারীদের ক্ষতিপূরণ গ্রহণ করা কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করে? .....	40
বেনিফিট গ্রহণ করার সময়ে আমি কি কোন স্কুল বা প্রশিক্ষণে যেতে পারি? .....	41
আমি যদি নিউ ইউর্ক স্টেট রেজিস্টার্ড অ্যাপ্রেনটিশশিপ প্রোগ্রামে নথিভুক্ত হই তাহলে কি হবে? .....	42
একটি ব্যবসা শুরু করা: সেনফ এমপ্লয়মেন্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SEAP) .....	42
আমি বৈদেশিক বানিজ্যের কারণে চাকরি হারিয়েছি। ট্রেড অ্যাডজাস্টমেন্ট অ্যাসিস্ট্যান্স (TAA) কি? .....	42
আমি আমার পুরানো শিল্পক্ষেত্রে বা পেশায় অন্য একটি চাকরি খুঁজে পেতে পারব এমন সম্ভাবনা কম। “স্থানান্তরিত কর্মী” পরিষেবাগুলি কি? .....	43
আমি যদি নিউ ইউর্ক স্টেট-এর বাইরে কাজ করে থাকি তাহলে কি হবে? .....	44
আমি যদি নিউ ইউর্ক স্টেট-এর বাইরে চলে যাওয়ার পরিকল্পনা করি তাহলে কি হবে? .....	44
বেকারত্ব বিমা বেনিফিটসমূহ করযোগ্য .....	44
বছর-শেষের ট্যাক্স বিবৃতি (ফর্ম 1099-G) .....	45
আমার কর্মনিয়োগকারী আমাকে একজন স্বাধীন কন্ট্রাক্টর হিসাবে এবং/বা হিসাব বহির্ভূতভাবে অর্থ প্রদান করেছিলেন। আমি কী করব? .....	45
<b>12. গুরুত্বপূর্ণ শব্দগুলির সংজ্ঞা</b> .....	<b>46</b>
<b>13. পরিশিষ্ট I: দাবিদারের আইনজীবীর দপ্তর</b> .....	<b>49</b>
বেকারত্বের বিমা প্রক্রিয়ায় দাবিদারদের তাদের অধিকার এবং কর্তব্য সম্পর্কে তথ্য দেওয়া .....	49
আমরা কিভাবে সহায়তা করতে পারি .....	50
আমরা কোনটি পারি না .....	50
কেস সহায়তা নির্দেশকা .....	50
কেসের সহায়তার অনুরোধ করা .....	52
<b>14. পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো</b> .....	<b>53</b>
<b>15. পরিশিষ্ট III: অইলাইনে নিয়ম ও শর্তাবলী পূরণ করা</b> .....	<b>53</b>
<b>16. ফর্মসমূহ</b> .....	<b>57</b>





## 1. বেকারত্ব বিমা বলতে কি বোঝায়?

বেকারত্ব বিমা হল সেই সকল যোগ্য কর্মীদের জন্য একটি অস্থায়ী আয় যারা নিজেদের কোনো দোষ ছাড়াই চাকরিহীন হয়ে যান। যে সকল চাকরিহীন কর্মীরা বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাচ্ছেন তাদের কখনো কখনো “দাবিদার” বলা হয়। আপনি আমাদের এই পুস্তিকা এবং ওয়েবসাইটের সর্বত্র ব্যবহৃত ওই শব্দটি দেখতে পাবেন।

“বেনিফিট বছর” হিসাবে পরিচিত, একটি এক-বছর সময়কালে, আপনি সর্বাধিক পূর্ণ 26 সপ্তাহের জন্য বেকারত্ব বিমার বেনিফিটগুলি পেতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটে, কর্মনিয়োগকারীরা বেনিফিটগুলির জন্য অর্থপ্রদান করেন, কর্মীরা নন। বেকারত্ব বিমার জন্য কর্মীদের পেচেক থেকে কোনো অর্থ কাটা হয় না।

আপনি বেকারত্ব  
বিমার বেনিফিটগুলি  
পাওয়ার যোগ্য কিনা  
সে ব্যাপারে আপনি  
যদি নিশ্চিত না হন,  
তাহলে সেক্ষেত্রেও  
যত শীঘ্র সম্ভব  
আপনার আবেদন  
করা উচিত। আপনি  
যোগ্য কিনা তা  
আমরা নির্ধারণ  
করব।

## 2. আমি বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার যোগ্য কিনা তা আমি কিভাবে জানতে পারি?

আপনি বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার যোগ্য কিনা সে ব্যাপারে আপনি যদি নিশ্চিত না হন, তাহলে সেক্ষেত্রেও যত শীঘ্র সম্ভব আপনার আবেদন করা উচিত। আপনি যোগ্য কিনা তা আমরা নির্ধারণ করব।

### বেনিফিটগুলি পাওয়ার প্রয়োজনীয়তাগুলি কি কি?

আপনি যদি নিউ ইয়র্ক বা অন্য কোনো স্টেটে কাজ করে থাকেন তাহলে বেকারত্ব বিমার জন্য আবেদন করার (বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম বা দাবি ফাইল করা) অধিকার আপনার থাকতে পারে। বেনিফিটগুলি পাওয়ার জন্য, আপনি অবশ্যই:

- আপনার নিজের কোন দোষ ছাড়াই চাকরি হারিয়েছেন;
- একটি ক্লেইম বা দাবি প্রতিষ্ঠা করার জন্য চাকরি থেকে পূর্বে যথেষ্ট উপার্জন করেছেন;
- অবিলম্বে কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ হন; এবং
- সক্রিয়ভাবে চাকরি খুঁজুন এবং প্রতি সপ্তাহে আপনার বেনিফিটগুলি দাবি করার প্রচেষ্টাগুলির একটি রেকর্ড (অনলাইন বা লিখিত) রাখুন।

### আমাকে বেনিফিট দিতে অস্বীকার করার কি কি কারণ থাকতে পারে?

বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার জন্য আইনের দ্বারা স্থিরীকৃত প্রয়োজনীয়তাগুলি আপনাকে অবশ্যই পূরণ করতে হবে। পৃষ্ঠা ৪ – 14 এ যেমন আলোচনা করা হয়েছে সেই অনুসারে আপনার একটি দাবি প্রতিষ্ঠা করার জন্য প্রয়োজনীয় চাকরির ইতিহাস এবং পারিশ্রমিকের চেয়ে কম থাকলে আপনি বেনিফিটগুলি পাবেন না: **“আমি প্রতি সপ্তাহের বেনিফিটগুলিতে কত অর্থ পাব?”** অন্যান্য যে কারণগুলির জন্য আপনার দাবি নাকচ হয়ে যেতে পারে সেগুলি হল:

**1. স্বেচ্ছায় চাকরি ছেড়ে দেওয়া:** আপনি বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার জন্য অযোগ্য বিবেচিত হবেন যদি আমরা দিচ্ছল নিই যে:

- আপনি কোনো উপযুক্ত কারণ ছাড়াই একটি চাকরি ছেড়েছেন; বা
- আপনাকে দুর্ব্যবহারের জন্য বরখাস্ত করা (ছাড়িয়ে দেওয়া) হয়েছে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

যতক্ষণ পর্যন্ত না আপনি আবার চাকরি করেন এবং আপনার বেনিফিটের হারের তুলনায় দশ গুণ বেশি আয় করেন ততক্ষণ পর্যন্ত এইসকল কারণগুলির জন্য অযোগ্যতাটি বহাল থাকে। স্ব-নিয়োগ থেকে আয় বিবেচিত হয় না। আপনি অযোগ্যতাটি সমাপ্ত করার মতো যথেষ্ট আয় করার পরে, আপনি আপনার নিজের কোনো দোষ ছাড়াই আবারও চাকরিহীন হয়ে যেতে পারেন।

আপনি যদি গত 18 মাসের মধ্যে দুর্ব্যবহারের কারণে কোনো একটি কর্মনিয়োগকারীর কাছে একটি চাকরি হারান, তাহলে সেই চাকরি থেকে আপনি যে পারিশ্রমিক পেয়েছেন তা একটি দাবি প্রতিষ্ঠা করা বা আপনার বেনিফিটের হার গণনা করার জন্য ব্যবহার করা যাবে না।

**2. চাকরি প্রত্যাখ্যান:** আপনি বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার জন্য অযোগ্য বলেও বিবেচিত হতে পারেন যদি, আবেদন করার পরে, আপনি এমন একটি চাকরি প্রত্যাখ্যান করেন যেটি **“আমাকে কোন ধরনের চাকরিগুলির খোঁজে থাকতে হবে? কম মজুরির কারণে আমি কি চাকুরি প্রত্যাখ্যান করতে পারি?”** 27 পৃষ্ঠায় নিচে বর্ণনা করা যোগ্যতাগুলি পূরণ করে।

আপনি যে চাকরির জন্য যোগ্য সেটি কোনো উপযুক্ত কারণ ছাড়া প্রত্যাখ্যান নাও করতে পারেন।

যতক্ষণ পর্যন্ত না আপনি আবার চাকরি করেন এবং আপনার বেনিফিটের হারের তুলনায় দশ গুণ বেশি আয় করেন ততক্ষণ পর্যন্ত চাকরি প্রত্যাখ্যানের জন্য অযোগ্যতাটি বহাল থাকে। স্ব-নিয়োগ থেকে আয় বিবেচিত হয় না। আপনি অযোগ্যতাটি সমাপ্ত করার মতো যথেষ্ট আয় করার পরে, আপনি আপনার নিজের কোনো দোষ ছাড়াই আবারও চাকরিহীন হয়ে যেতে পারেন।

**3. ধর্মঘট এবং শিল্পক্ষেত্রের অন্যান্য বিবাদ, লকআউট ছাড়া:** আপনি যদি আপনার কর্মক্ষেত্রের একটি ধর্মঘটের কারণে চাকরি হারান, তাহলে আপনি 49 দিনের জন্য বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার জন্য যোগ্য নাও বিবেচিত হতে পারেন। অপেক্ষার এই সময়কালটি প্রযোজ্য হয় না যদি শ্রমিকদের কোনো একটি বিবাদের কারণে আপনাকে আপনার কর্মক্ষেত্রে ঢুকতে দেওয়া না হয়। আপনি শীঘ্রই যোগ্য হতে পারেন যদি:

- শ্রমিকদের বিবাদ মিটে যায় এবং আপনি তখনও চাকরিহীন থাকেন; অথবা
- আপনার কর্মনিয়োগকারী পরিবর্তে স্থায়ী কর্মী নিয়োগ করে।

**4. উপলভ্যতা, সামর্থ্য এবং চাকরি খোঁজা:** আপনাকে বেনিফিট দিতে অস্বীকার করা হবে যদি আপনি:

- কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ না হন;
- অবিলম্বে একটি চাকরি নিতে প্রস্তুত না থাকেন;
- শারীরিক বা মানসিকভাবে চাকরি করতে সমর্থ না হন; অথবা
- সক্রিয়ভাবে চাকরি না খোঁজেন এবং প্রতি সপ্তাহে আপনার বেনিফিটগুলি দাবি করার প্রচেষ্টাগুলির একটি রেকর্ড (অনলাইন বা লিখিত) না রাখেন।

আপনি যদি কাজের জন্য উপলব্ধ না হওয়া বা কাজে সমর্থ না হওয়ার কারণে বেনিফিটগুলির জন্য যোগ্য না হন, তাহলে আপনি যখন ডিপার্টমেন্ট অফ লেবারকে দেখান যে আপনি আবার চাকরির জন্য প্রস্তুত আছেন, কাজ করতে সমর্থ আছেন এবং সক্রিয়ভাবে কাজ খুঁজছেন এবং আপনার চাকরি খোঁজার কাজকর্মের একটি রেকর্ড রাখছেন তখন আপনি আবার যোগ্য হয়ে যেতে পারেন।

**5. অপরাধমূলক কাজ:** আপনি চাকরি হারালে 12 মাস পর পর্যন্ত অযোগ্য বিবেচিত হবেন এবং তা আপনি নিজে থেকে ছাড়ুন বা ছাড়িয়ে দেওয়া হয়েছে যাই হোক না কেন, এটি সিদ্ধান্তগ্রহণ করা যায় যে:

- আপনার চাকরির সাথে যুক্ত একটি গুরুতর অপরাধ করার কারণে আপনাকে ছাড়িয়ে দেওয়া হয়েছিল এবং আপনি লিখিতভাবে অপরাধ স্বীকার করেছেন; অথবা
- আপনি অপরাধটিতে দোষী সাব্যস্ত হয়েছিলেন।

আপনি যদি গত  
18 মাসের মধ্যে  
দুর্ব্যবহারের কারণে  
কোনো একটি  
কর্মনিয়োগকারীর  
কাজে একটি চাকরি  
হারান, তাহলে সেই  
চাকরি থেকে আপনি  
যে পারিশ্রমিক  
পেয়েছেন তা একটি  
দাবি প্রতিষ্ঠা করা বা  
আপনার বেনিফিটের  
হার গণনা করার  
জন্য ব্যবহার করা  
যাবে না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনি যদি সাপ্তাহিক  
বেনিফিটগুলি  
(বেনিফিটের জন্য  
নিশ্চিতকরণ)  
আমাদের  
ওয়েবসাইটে গিয়ে  
দাবি করতে চান,  
তাহলে আপনাকে  
সেট আপ করতে হবে  
এবং একটি NY.gov  
ID ব্যবহার করতে  
হবে.... NY.gov ID-এর  
সাহায্যে আপনি  
সাপ্তাহিক  
বেনিফিটগুলি দাবি  
করতে পারেন এবং  
আমাদের  
ওয়েবসাইটে  
আপনার  
বেনিফিটগুলি সম্বন্ধে  
অন্যান্য তথ্য পেতে  
পারেন।

এছাড়াও, অপরাধমূলক কাজ করতে হত এমন কোনো চাকরির জন্য আপনাকে যে পারিশ্রমিক দেওয়া হয়েছিল, তা দাবি প্রতিষ্ঠার জন্য ব্যবহার করা যাবে না।

**6. কারাবাস:** আপনি যদি জেল বা কারাগারে থাকেন, তাহলে আপনি অবিলম্বে কাজ নেওয়ার জন্য উপলব্ধ থাকবেন না। সেইজন্য, আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার যোগ্য নন।

এছাড়াও, আপনি কারারুদ্ধ থাকার সময়ে আপনার তরফে অন্য কোনো ব্যক্তিকে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার অনুমতি দেওয়া বা নির্দেশ দেওয়া আপনার ক্ষেত্রে আইনবিরুদ্ধ।

এমন অন্য কোনো, অসচরাচর পরিস্থিতি ঘটতে পারে যা আপনার বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার যোগ্যতায় বাধা দিতে পারে। এগুলি অধ্যায় 11-এ আলোচিত হয়েছে: **“বিশেষ পরিস্থিতি”** পৃষ্ঠা 37 থেকে শুরু হচ্ছে।

### 3. আপনার বেনিফিটগুলি পাওয়া: আপনার PIN, NY.gov ID, ডিরেক্ট ডিপোজিট এবং ডেবিট কার্ড

#### আপনার পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর (PIN) সেট করা

আপনার দাবি ফাইল করার সময়ে, আপনাকে একটি পার্সোনাল আইডেন্টিফিকেশন নাম্বার, বা PIN সৃষ্টি করার জন্য প্রস্পট করা হবে। আপনার PIN মনে রাখা গুরুত্বপূর্ণ। আপনি এটি ব্যবহার করবেন যখন আপনি:

- আপনার সাপ্তাহিক বেনিফিটগুলি সম্বন্ধে একটি প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য টেলিফোন ক্লেইমস সেন্টার\*-এ ফোন করবেন; অথবা
- টেল-সার্ভিস ব্যবহার করে টেলিফোন করার মাধ্যমে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করবেন (বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণ)।

আপনি যদি আপনার PIN ভুলে যান বা আপনার যদি মনে হয় যে অন্য কেউ হয়ত আপনার PIN জানেন, তাহলে আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে\* যে কোনো সময়ে এটি রিসেট করতে পারেন। “PIN বা ঠিকানা পরিবর্তনের জন্য (For PIN or address changes)” বিকল্পটি নির্বাচন করুন।

#### আপনার NY.gov ID সেট করা

আপনি যদি সাপ্তাহিক বেনিফিটগুলি (বেনিফিটের জন্য নিশ্চিতকরণ) আমাদের ওয়েবসাইটে গিয়ে দাবি করতে চান, তাহলে আপনাকে সেট আপ করতে হবে এবং একটি NY.gov ID ব্যবহার করতে হবে। আপনি একটি দাবি ফাইল করার সময়ে সেট আপ করা PIN থেকে এটি ভিন্ন। NY.gov ID-এর সাহায্যে আপনি সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করতে পারেন এবং আমাদের ওয়েবসাইটে আপনার বেনিফিটগুলি সম্বন্ধে অন্যান্য তথ্য পেতে পারেন। এছাড়াও আপনি আপনার দাবি সম্পর্কে একটি নির্দিষ্ট প্রশ্ন নিরাপদ বার্তার মাধ্যমে পাঠাতে পারেন। এছাড়াও আপনার NY.gov ID অন্যান্য নিউইয়র্ক এজেন্সিগুলো দ্বারা প্রস্তাবিত পরিষেবা পেতে ব্যবহার করা যেতে পারে। আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ NY.gov ID তৈরি করার জন্য নির্দেশিকা। যদি আপনার NY.gov ID তৈরি করতে সমস্যা হয়, তাহলে সাইন ইন পৃষ্ঠায় তালিকাভুক্ত নির্দেশিকা দেখুন, NY.gov প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী চেক করুন, অথবা সোম - শুক্রবার, সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এ (800) 833-3000 নম্বরে কল করুন। অনুগ্রহ করে NY.gov ID সংক্রান্ত কোনো সমস্যা টেলিফোন ক্লেইমস সেন্টারে\* কল করবেন না; তারা প্রযুক্তি সমস্যার সমাধান করতে পারবেন না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



আপনি যদি আপনার NY.gov ID ইউজারনেম বা পাসওয়ার্ড ভুলে যান বা আপনি যদি মনে করেন যে অন্য কেউ হয়তো সেটি জানতে পারেন, তাহলে আপনি যে কোনো সময়ে সেগুলিকে রিসেট করতে পারেন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার NY.gov ID ইউজারনেম এবং পাসওয়ার্ড রিসেট করতে নির্দেশিকা অনুসরণ করুন অথবা সহায়তার জন্য সোম- শুক্রবারে সকাল 8:30 টা থেকে বিকাল 4:30 টা এর মধ্যে (800) 833-3000 নম্বরে কল করুন।

**গুরুত্বপূর্ণ:** আপনার PIN, আপনার NY.gov ID বা আপনার NY.gov পাসওয়ার্ড দিয়ে অন্য কাউকে বেনিফিট নিতে বা আপনার দাবির ক্ষেত্রে প্রবেশাধিকার দিতে সম্মতি দেওয়া একটি গুরুত্বপূর্ণ অপরাধ। এর ফলস্বরূপ অপরাধে অভিযুক্ত করা এবং কারাদন্ড সহ গুরুতর সাজা হতে পারে। আপনি 20 সপ্তাহ পর্যন্ত বেনিফিট হারাতে পারেন। **আপনার PIN, আপনার NY.gov ID বা আপনার NY.gov পাসওয়ার্ড কাউকে জানাবেন না।** সেগুলি এমন কোথাও লিখবেন না যেখানে তা অন্য কেউ দেখতে পারে। আপনার PIN, আপনার NY.gov ID এবং আপনার NY.gov পাসওয়ার্ড হল আপনার ইলেকট্রনিক সাক্ষর। সেগুলি হল সুরক্ষা ব্যবস্থা যার দ্বারা নিশ্চিত করা যায় যে আপনি ছাড়া অন্য কেউ আপনার বেকারত্ব বিমা বেনিফিটসমূহ দাবি করতে বা গ্রহণ করতে পারবেন না বা আপনার দাবি সম্বন্ধীয় ব্যক্তিগত তথ্য দেখতে পারবেন না। আপনার PIN, NY.gov ID এবং NY.gov ID পাসওয়ার্ড সমূহ সুরক্ষিত রাখা এবং ব্যবহার করার দায়িত্ব আপনারই।

একমাত্র ব্যতিক্রম হল আপনার বেনিফিটের আবেদন বা প্রত্যয়নের জন্য কোনো সাহায্যকারীর প্রয়োজন কিনা; উদাহরণস্বরূপ যদি আপনি প্রতিবন্ধী বা আপনার ভাষা সমস্যা থাকে। **আপনি যদি PIN বা NY.gov প্রমাণপত্রাদি দিতে না পারে, তখন অন্য কেউ আপনাকে সেটিতে সাহায্য করতে পারে। তবে, যখন আপনার সাহায্যকারী পাসওয়ার্ড বা PIN দিচ্ছে তখন আপনাকে অবশ্যই তার সঙ্গে থাকতে হবে।**

**গুরুত্বপূর্ণ:** আপনি যখন আপনার NY.gov ID সেট আপ করেন, তখন আপনি অনুগ্রহ করে নিশ্চিত করুন যেন আপনার বাছাই করা ইমেইল ঠিকানাটি NY.gov অ্যাকাউন্ট থাকা অন্য কারো দ্বারা ব্যবহৃত না হয়। একটি ইমেইল ঠিকানার সঙ্গে কেবলমাত্র একটি NY.gov ID লিঙ্ক করা যাবে। উদাহরণস্বরূপ, আপনি এবং আপনার স্বামী বা স্ত্রী যদি একটি ইমেইল ঠিকানা ভাগ করে ব্যবহার করেন এবং যদি তার ইতিমধ্যেই একটি NY.gov ID থাকে যেটি আপনার বিনিময় করা ইমেইল ঠিকানার সাথে সংযুক্ত, তাহলে আপনাকে আপনার NY.gov ID-এর জন্য একটি ভিন্ন ইমেইল ঠিকানা ব্যবহার করতে হবে। নিশ্চিত হয়ে নিন যে আপনি এমন একটি ইমেইল ঠিকানা ব্যবহার করছেন যা আপনি নিয়মিত দেখেন। অনলাইন পরিষেবাগুলির জন্য সাইন আপ করার দ্বারা আপনি আপনার NY.gov অ্যাকাউন্টের মধ্যে নিরাপদ বার্তার সিস্টেমের মাধ্যমে আমাদের থেকে বার্তাগুলি পেতে সম্মত হন। আমরা যখন আপনাকে একটি নিরাপদ বার্তা পাঠাই, তখন আমরা আপনার ব্যক্তিগত ইমেইল ঠিকানাতে একটি বিজ্ঞপ্তিও পাঠাবো। বার্তাটি দেখার জন্য, আপনাকে তারপরে অবশ্যই আপনার NY.gov অ্যাকাউন্টে সাইন ইন করতে হবে।

আমরা NY.gov নিরাপদ বার্তার সিস্টেমের মাধ্যমে আপনাকে যে নিরাপদ বার্তা ও প্রশ্নমালাগুলি পাঠাতে পারি, আপনাকে সেগুলি অবশ্যই দেখতে হবে এবং জবাব দিতে হবে। সেই বার্তাগুলিতে উল্লেখ করা সময়সীমার মধ্যে আপনাকে অবশ্যই সব বার্তা, ফর্ম ও চিঠিগুলির উত্তর দিতে হবে। আপনি যাতে আমাদের বার্তাগুলি মিস না করেন তা সুনিশ্চিত করার জন্য আপনার ব্যক্তিগত ইমেইল এবং আপনার NY.gov অ্যাকাউন্ট দেখা আপনার দায়িত্ব। [noreply@labor.ny.gov](mailto:noreply@labor.ny.gov) কে আপনার পরিচিতি তালিকায় যোগ করুন, যাতে নিশ্চিত হওয়া যায় যে আমাদের ইমেইলগুলি আপনার আবেদন ফোল্ডারে না যায়। অনুগ্রহ করে খেয়াল করবেন: নিরাপদ অনলাইন বার্তাগুলির কাগজের প্রতিলিপি আপনাকে ডাকযোগে পাঠানো হবে না।

#### **আপনার অর্থপ্রদান পদ্ধতি সেট করা**

যদি আপনি আনএমপ্লয়মেন্ট ইনসিওরেন্স অনলাইনের জন্য আবেদন করে থাকলে আপনি প্রত্যক্ষ জমা না ডেবিট কার্ডের মাধ্যমে পেতে চান তা আপনাকে জিজ্ঞাসা করতে হবে। আপনি ফোনে আবেদন করে থাকলে আপনি ডেবিট কার্ডের মাধ্যমে আপনার বেনিফিটগুলি পাবেন। আমরা এখন আর চেক-এর মাধ্যমে বেনিফিটগুলি প্রদান করি না। প্রতিটি বিকল্পের জন্য আপনার যা জানা প্রয়োজন তা এখানে দেওয়া হল।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**ডিরেক্ট ডিপোজিট**

ডাইরেক্ট ডিপোজিট-এর অর্থ হল এই যে আমরা বেনিফিটের অর্থপ্রদান করার প্রায় তিন থেকে পাঁচ দিন পরে আপনার চেকের অ্যাকাউন্ট-এ আপনার বেনিফিটগুলি সরাসরি জমা হবে। আপনি একটি দাবি ফাইল করার সময়ে আমাদের ওয়াবসাইট [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin)-এ গিয়ে ডিরেক্ট ডিপোজিট-এর জন্য রেজিস্টার করতে পারেন অথবা অনলাইন-এ সাপ্তাহিক বেনিফিটগুলি (বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণ) দাবি করার সময়ে ডিরেক্ট ডিপোজিট-এ পরিবর্তন করতে পারেন। **গুরুত্বপূর্ণ: আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে\* অথবা আমার আমাদের টেলি-সার্ভিস ব্যবস্থা ব্যবহার করে সাপ্তাহিক বেনিফিট দাবি করার সময় কল করার মাধ্যমে রেজিস্টার করতে পারবেন না অথবা ডিরেক্ট ডিপোজিট-এ পরিবর্তন করতে পারেন।**

আপনার বর্তমান দাবির অধীনে আপনি যে বেনিফিট পাচ্ছেন তা বন্ধ না করা পর্যন্ত অথবা আপনি পরিবর্তন না করা পর্যন্ত ডিরেক্ট ডিপোজিট কার্যকর থাকবে। আপনার নিরাপত্তার জন্য, আপনার ডিরেক্ট ডিপোজিটের তথ্য ভবিষ্যতের বেকারত্বের বিমার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

আপনি যদি অনলাইন-এ সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করেন, তাহলে আপনি আপনার নিশ্চিতকরণ পৃষ্ঠায় ডিরেক্ট ডিপোজিট সম্পর্কে সর্বদা তথ্য দেখতে পাবেন, এমনকি যদি আপনি আপনার দাবি ফাইল করার সময়ে ডেবিট কার্ড-এর মাধ্যমে অর্থ প্রাপ্তির বিকল্পটি বেছে নেন তাহলেও। যাতে সর্বদা আপনার কাছে ডাইরেক্ট ডিপোজিট চালু করা বা বাতিল করার বিকল্পটি থাকে সেইজন্য এটি করা হয়। আপনি যদি ব্যাঙ্কিং প্রতিষ্ঠানটি পরিবর্তন করতে চান অথবা যদি অন্যথায় আপনার ব্যাঙ্কিং-এর তথ্য পরিবর্তিত হয় তাহলে এটি আপনার ডাইরেক্ট ডিপোজিট সংক্রান্ত তথ্য আপডেট করতে সমর্থ করে।

ডাইরেক্ট ডিপোজিট-এর জন্য রেজিস্টার করতে বা এটিতে পরিবর্তন করতে, আপনাকে একটি চেক প্রস্তুত রাখতে হবে। আপনার চেক-এ প্রদত্ত **ব্যাঙ্ক রুটিং নম্বর** এবং **চেকের অ্যাকাউন্ট নম্বর** লিখুন। চেকের কোথায় এই নম্বরগুলিকে পাওয়া যাবে তা নিচের চিত্রটি দেখায়। **গুরুত্বপূর্ণ: আপনার ব্যাঙ্কের রুটিং নম্বর বা আপনার চেকের অ্যাকাউন্ট নম্বরের জন্য একটি চেকের অ্যাকাউন্ট-এর জমা দেওয়ার স্লিপ ব্যবহার করবেন না।** ওই স্লিপগুলিতে এমন নম্বরগুলি থাকতে পারে যা ডাইরেক্ট ডিপোজিটের ক্ষেত্রে প্রযোজ্য নয়। যদি আপনার ব্যাঙ্কিং প্রতিষ্ঠানটি সম্প্রতি জোটবদ্ধ হয়ে থাকে তাহলে আপনার ব্যাঙ্কের রুটিং নম্বর বা চেকের অ্যাকাউন্ট নম্বর পরিবর্তিত হতে পারে। আপনি ডিরেক্ট ডিপোজিট-এর জন্য রেজিস্টার করার পূর্বে নতুন রুটিং এবং অ্যাকাউন্ট নম্বরগুলি পাওয়ার জন্য আপনার ব্যাঙ্কের সাথে যোগাযোগ করুন।

আপনি [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার ডিরেক্ট ডিপোজিটের তথ্য রেজিস্টার বা পরিবর্তন করতে পারেন। আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে\* ফোন করে অথবা আমার আমাদের টেলি-সার্ভিস ব্যবস্থা ব্যবহার করে ফোনের মাধ্যমে সাপ্তাহিক বেনিফিট দাবি করার সময় এটা করতে পারেন না।

দ্রষ্টব্য: রুটিং ও অ্যাকাউন্ট নম্বর আপনার চেকের উপরে বিভিন্ন স্থানে থাকতে পারে।

**গুরুত্বপূর্ণ: অনুগ্রহ করে আপনার চেকের অ্যাকাউন্টের তথ্য নির্ভুলভাবে লিখুন।** যদি আপনি নির্ভুলভাবে তথ্য না দেন, তাহলে আপনার বেনিফিট পেমেন্ট 14 থেকে 21 দিন পর্যন্ত দেরি হতে পারে। এছাড়াও, অনুগ্রহ করে “সাবমিট (Submit)” লিঙ্কে ক্লিক করার আগে অনুগ্রহ করে ডিরেক্ট ডিপোজিট তথ্য পর্যালোচনা পৃষ্ঠার একটি প্রতিলিপি প্রিন্ট করুন। এটি হল আপনার দেওয়া অ্যাকাউন্ট তথ্যের একমাত্র প্রমাণ। আপনার চেকের অ্যাকাউন্ট তথ্য নিয়ে কোনো সমস্যা হলে আপনার এই প্রমাণের প্রয়োজন হতে পারে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আমরা আপনার নতুন বা আপডেট করা অ্যাকাউন্ট নম্বর পাওয়ার পরে, ডাইরেক্ট ডিপোজিট সেট আপ করতে এবং আপনার চেকের অ্যাকাউন্টে ইলেকট্রনিক পদ্ধতিতে বেকারস্ব বিমার বেনিফিটগুলি পাঠাতে প্রায় পাঁচটি কর্মদিবস সময় লাগে। আপনি একটি নতুন অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করছেন অথবা বিদ্যমান অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য পরিবর্তন করছেন উভয় ক্ষেত্রেই এটি প্রযোজ্য হয়। যদি আপনার একটি ডেবিট কার্ড থাকে, তাহলে আমরা এই সময়কালে আপনার সাপ্তাহিক বেনিফিটগুলি আপনার কার্ডে প্রেরণ করব। আপনি ডাইরেক্ট ডিপোজিট স্থির করার পরে, ওইসকল ফান্ডগুলির সাপেক্ষে কোনো চেক লেখার পূর্বে আপনার যাচাই করা উচিত যে আপনার বেনিফিটগুলি আপনার অ্যাকাউন্টে আছে কিনা।

যদি আপনি নিম্নলিখিত কার্যক্রমগুলিতে অংশগ্রহণ করেন তাহলে আপনি ডাইরেক্ট ডিপোজিট ব্যবহার করতে পারেন না:

- ট্রেড অ্যাডজাস্টমেন্ট অ্যাসিস্ট্যান্স (Trade Adjustment Assistance, TAA);
- ট্রেড রিঅ্যাডজাস্টমেন্ট অ্যালাউন্সেস (Trade Readjustment Allowances, TRA);
- ডিজাস্টার এমপ্লয়মেন্ট অ্যাসিস্ট্যান্স (Disaster Unemployment Assistance, DUA); অথবা
- সেলফ-এমপ্লয়মেন্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Self-Employment Assistance Program, SEAP)।

তবে, যদি আপনি নিয়মিত বেকারস্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার সময়ে ডাইরেক্ট ডিপোজিট-এর জন্য রেজিস্ট্রিকৃত হন, তাহলে আপনি এইসকল কার্যক্রমগুলির কোনো একটির অধীনে অর্থ গ্রহণের সময়ে এটিও চালু থাকবে।

আপনি আপনার ডিরেক্ট ডিপোজিট তথ্য অনলাইনে রেজিস্টার বা পরিবর্তন করতে পারেন:

- সোমবার থেকে শুক্রবার, সকাল 7:30 টা থেকে মধ্যরাত পর্যন্ত; এবং
- শনিবার এবং রবিবার, সারাদিন।

আপনি যদি ডিরেক্ট ডিপোজিটের জন্য সাইন আপ না করেন তাহলে আপনাকে আপনাকে থেকেই একটি ডেবিট কার্ড পাঠানো হবে।

### ডিরেক্ট ডিপোজিট বাতিল করা

আপনি আপনার [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ থাকা অনলাইন অ্যাকাউন্ট থেকে ডিরেক্ট ডিপোজিট বাতিল করতে পারেন। আমাদের অনলাইন পরিষেবা পৃষ্ঠায় “বেকারস্বের পরিষেবা” তে ক্লিক করুন। এটি আপনাকে বেকারস্বের বিমা বেনিফিটের অনলাইন পৃষ্ঠায় নিয়ে যাবে। “পেমেন্ট এবং কর মূলতবির বিকল্প এবং 1099G দেখুন/প্রিন্ট করুন” বোতামে ক্লিক করুন। ডিরেক্ট ডিপোজিট বাতিল করতে নির্দেশিকা অনুসরণ করুন। আমরা আমাদের রেকর্ডগুলি আপডেট করব এবং আপনার চেকের অ্যাকাউন্টে আপনার সাপ্তাহিক বেনিফিটগুলি ইলেকট্রনিক পদ্ধতিতে প্রেরণ করা থামাবো।

এরপর থেকে আপনার সাপ্তাহিক বেনিফিটগুলি আপনার Key2Benefits ডেবিট কার্ডে অ্যাকাউন্টে জমা করা হবে।

- যদি আপনার কখনই ডেবিট কার্ড না থেকে থাকে, তাহলে আপনি আপনার পরের সপ্তাহের বেনিফিট দাবি করার সাত থেকে দশ দিনের মধ্যে সাদা থামে আপনাকে স্বয়ংক্রিয়ভাবে পাঠানো হতে পারে।
- যদি আগে আপনার Key2Benefits ডেবিট কার্ড থেকে থাকে এবং এটির মেয়াদ শেষ হয়ে থাকে বা হারিয়ে গিয়ে থাকে তাহলে KeyBank গ্রাহক পরিষেবার (866) 295-2955 নম্বরে আপনাকে অবশ্যই কল করতে হবে।

### ডেবিট কার্ড

একটি Key2Benefits ডেবিট কার্ড হল একটি ডেবিট মাস্টারকার্ড। এটি আপনাকে একটি ATM (অটোমেটেড টেলার মেশিন) থেকে আপনার বেনিফিটগুলির অর্থ তুলতে এবং যেখানে মাস্টারকার্ড গৃহীত হয় সেইসকল ক্ষেত্রে কেনাকাটা করতে সমর্থ করে। শুধুমাত্র শ্রম বিভাগ ডেবিট কার্ড-এর অ্যাকাউন্টে অর্থ জমা হতে পারে। আপনি যদি ডিরেক্ট ডিপোজিটের জন্য সাইন আপ না করেন তাহলে আপনাকে আপনাকে

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

থেকেই একটি এই কার্ড পাঠানো হবে।

যদি আপনি আপনার  
ডেবিট কার্ড হারিয়ে  
ফেলেন তাহলে  
KeyBank গ্রাহক  
পরিষেবার  
(866) 295-2955  
নম্বরে ফোন করে  
নতুন কার্ডের  
অনুরোধ করুন।

বেনিফিটগুলি পাওয়ার জন্য আপনাকে অনুমোদন দেওয়ার প্রায় সাত থেকে দশ দিন পরে ডাকযোগে আপনাকে ডেবিট কার্ড পাঠানো হবে। সুরক্ষার কারণে, আপনার ডেবিট কার্ড সাদা থামে করে এসে পৌঁছাবে। অনুগ্রহ করে ডাকবাক্সে এটির জন্য নজর রাখুন এবং **এটিকে ফেলে দেবেন না**, এমনকি আপনি যদি এর মধ্যবর্তী সময়ে ডিরেক্ট ডিপোজিটের জন্য সাইন আপ করেন তাহলেও। আপনি যখন আপনার কার্ডটি পান, তখন এটিকে সক্রিয় করার জন্য অবিলম্বে (866) 295-2955 নম্বরে KeyBank গ্রাহক পরিষেবায় ফোন করুন। সক্রিয়করণ প্রক্রিয়ার অংশ হিসাবে, আপনার কার্ড-এর জন্য আপনাকে একটি PIN সৃষ্টি করতে বলা হবে। এই PINটি একটি চার-অংকের সংখ্যা যা আপনি ATMগুলির কীপ্যাডে এবং খুচরো কেনাকাটার সময়ে এন্টার করেন। আপনি আপনার বেকারত্ব বিমার দাবিগুলি ফাইল করার সময়ে যে চার-অংকের সংখ্যা বিশিষ্ট PIN সৃষ্টি করেন সেটির থেকে একটি আলাদা উদ্দেশ্য আপনার ডেবিট কার্ড PIN ব্যবহৃত হয়। সুরক্ষাজনিত কারণে, আপনার ডেবিট কার্ড PIN ও আপনার বেকারত্ব বিমা PIN এর জন্য চার অংকের সংখ্যাগুলি ব্যবহার করুন।

শ্রম বিভাগের কাছে আপনার ডেবিট কার্ড অ্যাকাউন্ট-এর বকেয়া অর্থ সংক্রান্ত তথ্য প্রাপ্তিসাধ্য নয়। আপনি সমস্ত নায়েগ্রা এবং অলপয়েন্ট ATM গুলিতে, KeyBank গ্রাহক পরিষেবায় (866) 295-2955 নম্বরে ফোন করার মাধ্যমে বা KeyBank'র ওয়েবসাইট [www.key2benefits.com](http://www.key2benefits.com) এ গিয়ে বিনামূল্যে আপনার অ্যাকাউন্টের বকেয়া অর্থ যাচাই করতে পারেন। KeyBank'র ওয়েবসাইটে গিয়ে আপনি আপনার মাসিক স্টেটমেন্ট দেখতে পারেন অথবা KeyBank গ্রাহক পরিষেবা-এর সাথে যোগাযোগ করার মাধ্যমে মেল-এ মাসিক স্টেটমেন্ট পাওয়ার জন্য সাইন আপ করুন।

আপনার ডেবিট কার্ড তিন দিনের জন্য বৈধ এবং বর্তমান ও সম্ভাব্য দাবিগুলির জন্য ব্যবহৃত হবে। এমনকি যদি আপনি বর্তমানে বেনিফিটগুলি না পান তাহলেও কার্ডটিকে একটি নিরাপদ স্থানে রেখে দিন। আপনি যদি পরের কোনো তারিখে কখনো বেকারত্ব বিমার বেনিফিটগুলি পান, তাহলে আপনি পূর্বে যে ডেবিট কার্ড PIN তৈরি করেছিলেন সেটি আপনার কার্ডকে পুনরায় সক্রিয় করবে। যদি আপনি আপনার ডেবিট কার্ড হারিয়ে ফেলেন তাহলে KeyBank গ্রাহক পরিষেবার (866) 295-2955 নম্বরে ফোন করে নতুন কার্ডের অনুরোধ করুন। আপনি যদি আপনার কার্ড তিন বছর ধরে ব্যবহার না করেন অথবা তিন বছর পরে আপনি একটি নতুন দাবি ফাইল করেন, তাহলে একটি নতুন কার্ডের অনুরোধ করার জন্য KeyBank গ্রাহক পরিষেবাকে (866) 295-2955 নম্বরে ফোন করুন। ডিপার্টমেন্ট অফ লেবার-এর কর্মীরা আপনার জন্য একটি কার্ড পরিবর্তন করতে বা নতুন কার্ডের অনুরোধ করতে পারেন না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



## 4. আমি প্রতি সপ্তাহের বেনিফিটগুলিতে কত অর্থ পাব?

### আপনার “বেস সময়সীমা” বিষয়ে তথ্য

আপনার সাপ্তাহিক বেকারত্ব বিমার বেনিফিট পেমেন্টের পরিমাণ “বেস সময়ে” আপনাকে কত পরিমাণ দেওয়া হয়েছে তার উপর নির্ভর করবে। বেস সময়সীমা হল আপনার কাজের বা পারিশ্রমিকের এক বছর (চার ক্যালেন্ডার ত্রৈমাসিক). ক্যালেন্ডার ত্রৈমাসিক তিন মাস করে ধরে নিচের চার্টে দেখানো হয়েছে। আপনার ভিত্তি সময়কালে প্রদান করা পারিশ্রমিক ব্যবহার করে আপনার বেনিফিটের হার গণনা করা হয়। আপনি যদি একটি সম্পূর্ণ সপ্তাহের জন্য বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার যোগ্য হন তাহলে যে পরিমাণ বেনিফিট অর্থ পেতে পারেন, সেটাই হল আপনার বেনিফিট-এর হার।

নিচের চার্টে দুই ধরনের বেস সময়সীমা দেখানো হয়েছে। **বেসিক বেস সময়সীমা** হল সম্পূর্ণ শেষ পাঁচ ক্যালেন্ডার ত্রৈমাসিকের **প্রথম চার** ত্রৈমাসিক যার আগে আপনার বেনিফিটের জন্য আবেদন করা হয়। যদি আপনার বেসিক বেস সময়সীমা পর্যাপ্ত পারিশ্রমিক না থাকে তাহলে যখন আমরা আপনার বেনিফিট পেমেন্টের গণনা করি তখন এটি ব্যবহার করি।

### কভাবে বেস সময়কাল কাজ করে

শুধুমাত্র উদাহরণ। যা প্রদর্শনিত হচ্ছে তার থেকে আপনার প্রকৃত কেস ইয়ারটার ভিন্ন হতে পারে।

গত বছর					বর্তমান বছর
1ম কেস ইয়ারটার 1লা জানুয়ারী - 31শে মার্চ	2য় কেস ইয়ারটার 1লা এপ্রিল - 30শে জুন	3য় কেস ইয়ারটার 1লা জুলাই - 30শে সেপ্টেম্বর	4র্থ কেস ইয়ারটার 1লা অক্টোবর - 31শে ডিসেম্বর	5ম কেস ইয়ারটার 1লা জানুয়ারী - 31শে মার্চ	যে কেস ইয়ারটার আপনি বেনিফিটের আবেদন করেছেন 1লা এপ্রিল - 30শে জুন
বেসিক বেস সময়কাল এই চারটি কেস ইয়ারটারে আপনাকে প্রদত্ত মজুরি বেসিক বেস সময়কাল কভার করে।					
বিকল্প বেস সময়কাল এই চারটি কেস ইয়ারটারে আপনাকে প্রদত্ত মজুরি বিকল্প বেস সময়কাল কভার করে।					

যদি আপনার বেসিক বেস সময়সীমাতে আপনার পর্যাপ্ত পারিশ্রমিক থাকে, তাহলে পরিবর্তে বিকল্প বেস সময়কালটি ব্যবহার করলে আপনার বেনিফিটের হার তুলনায় বেশি হয় কিনা তা দেখার জন্য আমরা আপনার থেকে যাচাই করি না।

যদি আপনার বেসিক বেস সময়সীমাতে আপনার পর্যাপ্ত পারিশ্রমিক না থাকে তাহলে তখন আমরা আপনার বেনিফিট পেমেন্টের গণনা করতে **বিকল্প বেস সময়সীমা** ব্যবহার করি। বিকল্প বেস সময়সীমা হল সম্পূর্ণ শেষ চার ক্যালেন্ডার ত্রৈমাসিকের প্রথম চার ত্রৈমাসিক যার আগে আপনার বেনিফিটের জন্য আবেদন করা হয়। **গুরুত্বপূর্ণ: যদি আপনার বেসিক বেস সময়সীমাতে আপনার পর্যাপ্ত পারিশ্রমিক থাকে, তাহলে পরিবর্তে বিকল্প বেস সময়কালটি ব্যবহার করলে আপনার বেনিফিটের হার তুলনায় বেশি হয় কিনা তা দেখার জন্য আমরা আপনার থেকে যাচাই করি না।** যদি আপনার মনে হয় যে আপনার বেনিফিট পেমেন্ট আপনার বিকল্প বেস সময়সীমা ব্যবহার করে বেশী হবে, তাহলে আপনি আপনার বেনিফিটের পরিমাণ গণনা করার সময় আপনার বিকল্প বেস সময়সীমা ব্যবহার করতে বলতে পারেন। তবে, আপনি যদি আপনার বর্তমান দাবির জন্য বিকল্প কোয়ার্টার পারিশ্রমিক ব্যবহার করতে পছন্দ করেন, তাহলে আপনি এই পারিশ্রমিকগুলিকে ভবিষ্যতে আবার ব্যবহার করতে পারবেন না। এটি ভবিষ্যতের একটি দাবির জন্য আপনার যোগ্য হওয়ার সামর্থ্যকে প্রভাবিত করতে পারে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে পৃষ্ঠা 12 দেখুন: **“বিকল্প ভিত্তি সময়কালের উপর ভিত্তি করে বেনিফিটের হার পুনরায় গণনা করার অনুবোধ করা।”**

**সমস্ত বেস সময়সীমার জন্য, যে ত্রৈমাসিকে আপনি বেনিফিটের আবেদন করবেন সেটি আপনার বেস সময়সীমার অংশ হিসেবে গণনা করা হয় না।** এর মানে হল এই, যে ত্রৈমাসিকে আপনি আবেদন করেছেন সেই সময় প্রদান করা অর্থ আপনার বেনিফিটের হার গণনা করার জন্য ব্যবহার করা হবে না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**বেনিফিটগুলোর জন্য যোগ্য হতে উপার্জন প্রয়োজন**

বেনিফিটের জন্য যোগ্য হতে, আপনাকে অবশ্যই আপনার বেস সময়সীমার (বেসিক বা বিকল্প) সময় নিম্নলিখিত উপার্জন প্রয়োজনীয়তার **তিনটি** শর্তই পূরণ করতে হবে।

- আপনাকে অবশ্যই কাজ করে থাকতে হবে এবং অন্তত দুটি ক্যালেন্ডার ত্রৈমাসিকে বেকারত্ব বিমার দ্বারা কভার করা কাজে পারিশ্রমিক পেতে হবে;
- 2017 এ জমা দেওয়া দাবিগুলির ক্ষেত্রে এক ক্যালেন্ডার ত্রৈমাসিকে আপনাকে অবশ্যই অন্তত \$2,100 পেতে হবে (2018 এ জমা দেওয়া দাবিগুলির ক্ষেত্রে এই রাশি বেড়ে \$2,200 হয়); এবং
- মোট পারিশ্রমিক অবশ্যই আপনার ত্রৈমাসিকে সবচেয়ে বেশী যা পারিশ্রমিক পেয়েছেন তার থেকে 1.5 গুণ বেশী হতে হবে। আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক হল সেই সময়কাল যেখানে আপনাকে সবচেয়ে বেশী অর্থ দেওয়া হয়। **ব্যতিক্রম:** যদি আপনার সর্বোচ্চ ত্রৈমাসিকে পারিশ্রমিকের পরিমাণ \$9,570 বা তার বেশী হয়, তাহলে আপনাকে অবশ্যই আপনার বেস সময়সীমার অন্য তিনটি ত্রৈমাসিকে অন্তত \$4,785 (\$9,570 এর অর্ধেক) পেতে হবে।
  - **উদাহরণ:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক হল \$4,000। আপনার বেস সময়সীমার চারটি ত্রৈমাসিকের জন্য মোট অন্তত \$6,000 ( $\$4,000 \times 1.5 = \$6,000$ ) পেতে হবে।

**অনুগ্রহ করে মনে রাখবেন:** বেনিফিটের জন্য যোগ্য হতে, আপনাকে অবশ্যই আপনার ত্রুটি ছাড়া চাকরি হারাতে হবে; কাজ করার জন্য প্রস্তুত ও ইচ্ছুক হন এবং সক্রিয়ভাবে কাজ খুঁজুন।

**আমরা কিভাবে আপনার সাপ্তাহিক বেনিফিটের হার গণনা করি**

যদি আপনাকে আপনার বেস সময়সীমার **চারটি ত্রৈমাসিকেই** অর্থ দেওয়া হয় এবং সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক:

- **\$3,575 এর বেশী হয়:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিকের পারিশ্রমিকে 26 দিয়ে ভাগ করলে যে ভাগফল পাওয়া যায় সেটিই হল আপনার বেনিফিটের হার। যদি গণনা \$143 এর কম হয় তাহলে, আপনার বেনিফিটের হার \$143।
  - **উদাহরণ 1:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক ছিল \$4,030। আপনার সাপ্তাহিক বেনিফিটের হার হল \$155 ( $\$4,030 \div 26 = \$155$ )।
  - **উদাহরণ 2:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক ছিল \$3,640। এর ফলস্বরূপ বেনিফিটের হার হল \$140 ( $\$3,640 \div 26 = \$140$ )। যেহেতু এটি \$143 এর কম তাই, আপনার বেনিফিটের হার হল \$143।
- **\$3,575 বা তার কম:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিকের পারিশ্রমিকে 25 বা \$100 এর মধ্যে যেটি বেশী হবে সেটি দিয়ে ভাগ করলে যে ভাগফল পাওয়া যায় সেটিই হল আপনার বেনিফিটের হার।
  - **উদাহরণ 1:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক \$3,000। আপনার সাপ্তাহিক বেনিফিটের হার হল \$120 ( $\$3,000 \div 25 = \$120$ )।
  - **উদাহরণ 2:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক \$2,000। \$80 ( $\$2,000 \div 25 = \$80$ ) এর একটি বেনিফিট হারের এই ফলাফল। যেহেতু এটি সর্বনিম্ন বেনিফিট হার \$100 এর থেকে কম, তাই আপনার বেনিফিটের হার হল \$100।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

যদি আপনাকে আপনার বেস সময়সীমার কেবল দুই বা তিনটি ত্রৈমাসিকেই অর্থ দেওয়া হয় এবং তাহলে সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক:

- **\$4,000 এর বেশী হয়:** আপনার দুটি সর্বোচ্চ ত্রৈমাসিকের পারিশ্রমিকের গড় পারিশ্রমিককে 26 দিয়ে ভাগ করলে যে ভাগফল পাওয়া যায়, সেটাই হল আপনার বেনিফিটের হার। যদি এই হিসাব \$143 এর কম হয় তাহলে, আপনার বেনিফিটের হার হল \$143।
- **উদাহরণ:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিকের পারিশ্রমিক \$4,500 এবং আমরা আপনার পরবর্তী সর্বোচ্চ ত্রৈমাসিকের পারিশ্রমিক হল \$4,288, \$4,394 এর গড়  $(\$4,500 + \$4,288 = \$8,788; \$8,788 \div 2 = \$4,394)$ । আপনার বেনিফিটের হার হল \$169  $(\$4,394 \div 26 = \$169)$ ।
- **\$3,576 থেকে \$4,000:** আপনার বেনিফিট আপনার সর্বোচ্চ ত্রৈমাসিকের পারিশ্রমিক হয় তাহলে 26 দিয়ে ভাগ হবে। যদি এই গণনার ফলাফল \$143 এর কম হয় তাহলে, আপনার বেনিফিটের হার হল \$143।
  - **উদাহরণ:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক \$ 3,576।  $\$ 137.54 (\$ 3,576 \div 26 = \$ 137.54)$  এর একটি বেনিফিট হারের এই ফলাফল। যেহেতু এটি \$143 এর কম তাই, আপনার বেনিফিটের হার হল \$143।
- **\$3,575 বা তার কম:** আপনার বেনিফিট আপনার সর্বোচ্চ ত্রৈমাসিকের পারিশ্রমিক হয় তাহলে 25 দিয়ে ভাগ হবে বা \$100 হবে, যেটি বেশী হবে।
  - **উদাহরণ:** আপনার সর্বোচ্চ ত্রৈমাসিক পারিশ্রমিক \$3,000। আপনার সাপ্তাহিক বেনিফিটের হার হল \$120  $(\$3,000 \div 25 = \$120)$ ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন  
সাপ্তাহিক  
বেনিফিটের হার  
আছে।

আরো তথ্যের জন্য  
[http://labor.ny.gov/  
formsdocs/  
factsheets/pdfs/  
P823.pdf](http://labor.ny.gov/formsdocs/factsheets/pdfs/P823.pdf) এ

আমাদের ওয়েবসাইট  
দেখুন।

**অনুগ্রহ করে মনে রাখবেন:** সর্বোচ্চ ও সর্বনিম্ন সাপ্তাহিক বেনিফিটের হার আছে। আরো তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন <http://labor.ny.gov/formsdocs/factsheets/pdfs/P823.pdf> এ।

### আমার বেনিফিটের হার কত তা আমি কিভাবে জানতে পারব?

যখন আপনার সাপ্তাহিক বেনিফিট পেমেন্ট গণনা করা হয়, তখন আপনি ডাকযোগে আর্থিক বেনিফিট সিদ্ধান্তগ্রহণ বিজ্ঞপ্তি পাবেন। আপনি বেনিফিটের জন্য যোগ্যতার পর্যাপ্ত পারিশ্রমিক পান কিনা তা এটি থেকে জানতে পারেন, এবং যদি আমরা আপনাকে যোগ্য বলে ধরে নিই তাহলে আপনার সাপ্তাহিক বেনিফিটের হার কত হবে। কেবলমাত্র আপনার বর্তমান নিয়োগকর্তা নয়, আপনি আপনার বেস সময়সীমায় যে সমস্ত নিয়োগকর্তার হয়ে কাজ করেছেন তাদের তালিকা এখানে থাকবে। এছাড়াও, সেইসব নিয়োগকর্তারা আপনাকে কত করে পারিশ্রমিক দিত তাও এটি দেখাবে।

**এটি সঠিক কিনা তা নিশ্চিত হওয়ার জন্য আপনার উচিত আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তিটিকে অবিলম্বে পুনরীক্ষণ করা।** আপনি যদি তথ্যে সন্মত হন, তাহলে কোনো পদক্ষেপ নেবেন না। আপনার রেকর্ডের জন্য এই বিজ্ঞপ্তিটি রেখে দিন। যদি বিজ্ঞপ্তির কোনো তথ্য ভুল থাকে, তাহলে অনুগ্রহ করে পরবর্তী বিষয় “যদি আপনার আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি থেকে পারিশ্রমিক এবং/বা কর্মনিয়োগকারীরা বাদ পড়ে” দেখুন।

**গুরুত্বপূর্ণ:** আর্থিক বেনিফিটের সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তি কখনই নিশ্চিত করে না যে আপনি অবশ্যই বেনিফিট পাবেন। যোগ্য হওয়ার জন্য আপনার উপার্জন যথেষ্ট কিনা এটি শুধুমাত্র সেটিই দেখায়। আপনার যোগ্য না হওয়ার অন্য কারণও থাকতে পারে। আপনি আর্থিক বেনিফিটের সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তি পাওয়ার পর, যদি আমরা দেখি যে আপনি যোগ্য তাহলে আমরা আপনার বেনিফিটগুলি শুরু করে দেব। যদি আমরা দেখি যে আপনি যোগ্য নন তাহলে আপনি কেন যোগ্য নন তার জন্য আপনি আরেকটি আর্থিক বেনিফিটের সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তি পাবেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

সীমিতরূপে ইংলিশ বা স্প্যানিশ বোঝেন এমন দাবিদারদের জন্য গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য: বর্তমান সময়টিতে, শ্রম বিভাগ শুধুমাত্র ইংলিশ বা স্প্যানিশেই আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি প্রিন্ট করতে সমর্থ। এই গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তিটি আপনাকে বুঝতে সাহায্য করার জন্য, আমরা এই হ্যান্ডবুকটির পেছনে একটি আপনার আর্থিক সুবিধা নির্ধারণ-এর অনুবাদ যুক্ত করেছি। আপনি যে ভাষায় আপনার হ্যান্ডবুকটি পাওয়ার জন্য অনুরোধ জানিয়েছিলেন, আর্থিক সুবিধা নির্ধারণ-এর অন্তর্ভুক্ত তথ্যকে এই নথিটিতে সেই ভাষায় অনুবাদ করা হয়েছে।

এছাড়াও, যদি আপনি আমাদের জানান বেনিফিটের জন্য আবেদন করার সময় আপনি ইংরেজি বা স্প্যানিশ ছাড়াও অন্য ভাষায় কথা বলেন তাহলে আপনি আর্থিক বেনিফিটের সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তি পাবেন যেখানে আপনাকে বিজ্ঞপ্তি বোঝার জন্য টেলিফোন ক্লেইমস সেন্টারে\* কল করতে বলা হবে। বিনামূল্যে একজন অনুবাদক প্রদান করা হবে।

### যদি আপনার আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি থেকে পারিশ্রমিক এবং/বা কর্মনিয়োগকারীরা বাদ পড়ে

যদি আপনি দেখেন যে আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি থেকে পারিশ্রমিক এবং/বা কর্মনিয়োগকারীরা বাদ পড়েছে, তাহলে বিজ্ঞপ্তিটির সাথে প্রেরিত পুনর্বিবেচনার জন্য অনুরোধ (“Request for Reconsideration”) ফর্মটি পূরণ করুন এবং পাঠিয়ে দিন (“পুনর্বিবেচনার জন্য অনুরোধ” ফর্মটিও এই হ্যান্ডবুকটির পেছনে পাওয়া যাবে)। গুরুত্বপূর্ণ: আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তিতে যেমন দেখানো হয়েছে সেই অনুসারে আপনার পুনর্বিবেচনার জন্য অনুরোধ ফর্মটি ডাকযোগে প্রেরণ করার তারিখের 30টি ক্যালেন্ডার দিবসের মধ্যে আমাদের কাছে অবশ্যই এসে পৌঁছাতে হবে।

অনুগ্রহ করে আমাদের জানান যে বিকল্প ভিত্তি সময়কাল সমেত চারটি প্রাথমিক ভিত্তি সময়কালের সবকটিতে আপনি কত পারিশ্রমিক পেয়েছিলেন। চাকরি এবং পারিশ্রমিকের প্রমাণ যুক্ত করুন, যেমন আপনি ফর্মটিতে তালিকাভুক্ত করা সমস্ত পারিশ্রমিকের জন্য এবং যে সময়কালের ক্ষেত্রে কোনো সন্দেহ আছে সেটির সমস্ত পারিশ্রমিকের জন্য অর্থপ্রদানের রসিদের কপি। পারিশ্রমিকের অন্তর্ভুক্ত হল পারিতোষিক, বোনাস, আহার এবং আশ্রয়, একই সাথে কমিশন ও ছুটিকালীন অর্থপ্রদান। আপনার কাছে যদি পারিশ্রমিকের কোনো প্রমাণ না থাকে, তাহলে সেগুলিকে অন্যথায় ফর্মে লিখুন এবং আমাদের বলুন যে কেন আপনার কাছে কোনো প্রমাণ নেই। যদি আপনাকে নগদে অর্থপ্রদান করা হয়, তাহলে আপনার উচিত পুনর্বিবেচনার জন্য অনুরোধ ফর্মটিতে ওইসকল পারিশ্রমিকগুলি যুক্ত করা, এমনকি যদি আপনার কাছে অর্থপ্রদানের রসিদ বা আপনাকে অর্থপ্রদানের অন্য কোনো প্রমাণ না থাকে তাহলেও। আমরা অনুসন্ধান চালাতে পারি যে কেন কর্মনিয়োগকারীরা আমাদের কাছে আপনার পারিশ্রমিকের তথ্য জানান নি।

পুনর্বিবেচনার জন্য অনুরোধ করার উদ্দেশ্যে আপনি আমাদের যে নতুন পারিশ্রমিক সংক্রান্ত তথ্য দিয়েছেন তা আমরা পর্যালোচনা করব। এই পুনরীক্ষণটি সম্পূর্ণ হয়ে গেলে, আমরা আপনাকে একটি সংশোধিত আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি পাঠাবো।

আপনি যদি ফেডারেল গভর্নমেন্টের একটি সংস্থা, মিলিটারী পরিষেবার একটি শাখা বা নিউ ইয়র্ক স্টেট-এর বাইরে কাজ করে থাকেন বা একজন স্বাধীন কন্ট্রাক্টর হিসাবে আপনাকে অর্থপ্রদান করা হয়ে থাকে, তাহলে আপনার পারিশ্রমিক সংশোধিত আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তিতে তালিকাভুক্ত নাও থাকতে পারে। আপনি যদি এই ধরনের কোনো পারিশ্রমিক পেয়ে থাকেন, তাহলে পুনর্বিবেচনার জন্য অনুরোধ ফর্মটি পূরণ করুন এবং ফেরত পাঠান। গুরুত্বপূর্ণ: আপনার সাম্প্রতিকতম আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তিতে যেমন দেখানো হয়েছে সেই অনুসারে ফর্মটি ডাকযোগে প্রেরণ করার তারিখের 30টি ক্যালেন্ডার দিবসের মধ্যে এটি আমাদের কাছে অবশ্যই এসে পৌঁছাতে হবে। এটি আমাদেরকে আপনার বেনিফিটের হার গণনার সময়ে এই পারিশ্রমিকগুলি ব্যবহার করার কথা বিবেচনা করতে বলবে।

আপনাকে যদি একজন স্বাধীন কন্ট্রাক্টর হিসাবে অর্থপ্রদান করা হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে পৃষ্ঠা 45 দেখুন: “আমার কর্মনিয়োগকারী আমাকে একজন স্বাধীন কন্ট্রাক্টর হিসাবে এবং/বা হিসাব বহির্ভূতভাবে অর্থ প্রদান করেছিলেন। আমি কী করব?”

যদি আপনাকে নগদে অর্থপ্রদান করা হয়, তাহলে আপনার উচিত পুনর্বিবেচনার জন্য অনুরোধ ফর্মটিতে ওইসকল পারিশ্রমিকগুলি যুক্ত করা, এমনকি যদি আপনার কাছে অর্থপ্রদানের রসিদ বা আপনাকে অর্থপ্রদানের অন্য কোনো প্রমাণ না থাকে তাহলেও।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



**গুরুত্বপূর্ণ:** যদি আপনার আর্থিক বেনিফিটের সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তিতে আপনি যেসব নিয়োগকর্তার হয়ে কাজ করেননি এবং পারিশ্রমিক পাননি এমন তথ্য দেখায় তাহলে আপনাকে অবশ্যই নিরাপদ বার্তার মাধ্যমে আমাদেরকে তা জানাতে হবে।

[www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ যান। অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং তারপর আপনার অনলাইন পরিষেবা পৃষ্ঠার উপরের ডানদিকে এনভেলোপ আইকনে ক্লিক করুন। অথবা আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে ফোন করুন।\*

### **বিকল্প ভিত্তি সময়কালের উপর ভিত্তি করে বেনিফিটের হার পুনরায় গণনা করার অনুরোধ করা**

যদি আপনার সর্বোচ্চ কোয়ার্টার পারিশ্রমিকটি বিকল্প কোয়ার্টারে থাকে, তাহলে আপনার বেনিফিটের হার আপনার বিকল্প ভিত্তি সময়কাল ব্যবহার করলে অধিকতর হতে পারে। আপনি আপনার বেনিফিটের হার আপনার বিকল্প ভিত্তি সময়কাল ব্যবহার করে পুনরায় গণনা করার জন্য আমাদের বলতে পারেন।

এটি করার জন্য, [www.labor.ny.gov/formsdocs/ui/TC403HA.pdf](http://www.labor.ny.gov/formsdocs/ui/TC403HA.pdf) এ পাওয়া বিকল্প বেস সময়কালের জন্য অনুরোধটি সম্পূর্ণ করুন, যা এই পুস্তিকার শেষে অন্তর্ভুক্ত আছে। **গুরুত্বপূর্ণ: আপনার সাম্প্রতিকতম আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তিতে পাঠানোর দিন থেকে দশ ক্যালেন্ডার দিবসের মধ্যে আপনার পূরণ করা ফর্মটি আমাদের কাছে অবশ্যই এসে পৌঁছাতে হবে।** আপনার আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তিটি বিশেষ তারিখগুলি এবং পারিশ্রমিকের পরিমাণ দেখাবে। বিকল্প কোয়ার্টারের জন্য আপনার পারিশ্রমিকগুলি যদি আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তিতে দেখানো না হয়, তাহলে বিকল্প ভিত্তি সময়কালের জন্য অনুরোধ জানানোর ফর্মটিতে বিকল্প কোয়ার্টারে আপনার অর্জিত রাশিটি লিখুন। চাকরি এবং পারিশ্রমিকের প্রমাণ যুক্ত করুন, যেমন আপনি ফর্মটিতে তালিকাভুক্ত করা সমস্ত পারিশ্রমিকের জন্য এবং যে সময়কালের ক্ষেত্রে কোনো সন্দেহ আছে সেটির সমস্ত পারিশ্রমিকের জন্য অর্থপ্রদানের রসিদের কপি। পারিশ্রমিকের অন্তর্ভুক্ত হল পারিতোষিক, বোনাস, আহার এবং আশ্রয়, একই সাথে কমিশন ও চুক্তিকালীন অর্থপ্রদান। আপনাকে নগদে প্রদান করা অর্থের পরিমাণগুলি যুক্ত করুন।

যদি আর্থিক সুবিধা নির্ধারণে বিকল্প কোয়ার্টারের জন্য দেখানো আপনার পারিশ্রমিকগুলি আপনার সর্বোচ্চ কোয়ার্টার পারিশ্রমিক না হয় বা আপনার বেনিফিটের হার সর্বাধিক হয়ে থাকে, তাহলে পুনরায় গণনার অনুরোধ করবেন না। **গুরুত্বপূর্ণ: আপনি যদি আপনার বর্তমান দাবির জন্য বিকল্প কোয়ার্টার পারিশ্রমিক ব্যবহার করতে পছন্দ করেন, তাহলে আপনি এই পারিশ্রমিকগুলিকে ভবিষ্যতে আবার ব্যবহার করতে পারবেন না।** এটি ভবিষ্যতের একটি দাবির জন্য আপনার যোগ্য হওয়ার সামর্থ্যকে প্রভাবিত করতে পারে।

### **কর্মীদের ক্ষতিপূরণ বা স্বেচ্ছাসেবী ফায়ারফাইটারদের (অগ্নি নির্বাপনকারী) বেনিফিটগুলি এবং ভিত্তি সময়কাল**

আপনি যদি প্রাথমিক বা বিকল্প ভিত্তি সময়কাল ব্যবহার করে বেনিফিটের জন্য যোগ্যতাপ্রাপ্ত না হন, কিন্তু আপনি প্রাথমিক ভিত্তি সময়কালে কর্মীদের ক্ষতিপূরণ বা স্বেচ্ছাসেবী ফায়ারফাইটারদের (অগ্নি নির্বাপনকারী) বেনিফিটগুলি পেয়ে থাকেন, তাহলেও আপনি যোগ্য বিবেচিত হতে পারেন। প্রাথমিক ভিত্তি সময়কালটিকে আপনার এইসকল বেনিফিটগুলি পাওয়ার ভিত্তি সময়কালের কোয়ার্টারগুলির সংখ্যার উপর নির্ভর করে দুটি ক্যালেন্ডার কোয়ার্টার পর্যন্ত পিছিয়ে দেওয়া হতে পারে।

বর্ধিত বেস সময়সীমার জন্য আবেদন করতে, আপনাকে অবশ্যই নিচে তালিকাভুক্ত ফর্মগুলো সম্পূর্ণ করতে হবে। **গুরুত্বপূর্ণ: আর্থিক সুবিধার প্রকল্পে “ডাকযোগে পাঠানোর” 30 দিনের মধ্যে আপনাকে আমাদের নিকট এটি পাঠানো আবশ্যিক।**

- শ্রমিকের ক্ষতিপূরণ: পুনর্বিবেচনার অনুরোধ সম্পূর্ণ করুন ([www.labor.ny.gov](http://www.labor.ny.gov) বা এই পুস্তিকার শেষে উপলব্ধ) এবং শ্রমিকের ক্ষতিপূরণ থেকে আপনার অতি সাম্প্রতিক SROI [আঘাতের পরবর্তী রিপোর্ট (Subsequent Report of Injury)] ফর্মের সঙ্গে এটিকে জমা দিন।
- স্বেচ্ছাসেবী অগ্নি-নির্বাপন কর্মীর সুবিধা: পুনর্বিবেচনার ফর্ম পূরণ করে জমা দিন ([www.labor.ny.gov](http://www.labor.ny.gov) বা এই পুস্তিকার শেষে উপলব্ধ)।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনি যে ভিত্তি সময়কালের কোয়ার্টারগুলিতে সর্বোচ্চ কোয়ার্টার পারিশ্রমিক পেয়েছেন যদি সেই সবকটি সপ্তাহে কাজ না করে থাকেন, তাহলে গড় সাপ্তাহিক পারিশ্রমিক ব্যবহার করলে তা আপনার বেনিফিটের হার বৃদ্ধি করে দিতে পারে।

### একটি ক্লেইম বা দাবি প্রতিষ্ঠা করার জন্য বর্তমান ক্যালেন্ডার কোয়ার্টারের (ক্যালেন্ডারের ত্রৈমাসিক সময়কাল) হিসাবে পারিশ্রমিক ব্যবহার করা

আপনি যদি উপরোক্ত ভিত্তি সময়কালগুলি ব্যবহার করে যোগ্যতাপ্রাপ্ত না হন, কিন্তু আপনি যে ক্যালেন্ডার কোয়ার্টারে আপনার দাবি ফাইল করেছিলেন সেটিতেই কর্মনিযুক্ত হয়েছিলেন এবং সেই কোয়ার্টারটি শেষ হওয়ার পরে আবারও চাকরিহীন হয়ে পড়েন, তাহলে আপনি এই সাম্প্রতিকতম চাকরিটিকে ব্যবহার করে যোগ্যতাপ্রাপ্ত হতে পারেন। পরবর্তী ক্যালেন্ডার কোয়ার্টারটির **প্রথম সোমবার বা তারপরে** আপনার আবার বেনিফিটগুলির জন্য আবেদন করা উচিত। ক্যালেন্ডার কোয়ার্টার শুরু হয় 1লা জানুয়ারী, 1লা এপ্রিল, 1লা জুলাই এবং 1লা অক্টোবর।

### গড় সাপ্তাহিক পারিশ্রমিকের উপর ভিত্তি করে পুনরায় বেনিফিটের হার গণনার একটি অনুরোধ করা

আপনি যে ভিত্তি সময়কালের কোয়ার্টারগুলিতে সর্বোচ্চ কোয়ার্টার পারিশ্রমিক পেয়েছেন যদি সেই সবকটি সপ্তাহে কাজ না করে থাকেন, তাহলে গড় সাপ্তাহিক পারিশ্রমিক ব্যবহার করলে তা আপনার বেনিফিটের হার বৃদ্ধি করে দিতে পারে। আপনি এই পুনর্গণনার অনুরোধ জানানোর আগে, নিম্নলিখিত শর্তাবলী পূরণ করা আবশ্যিক:

- আপনাকে অবশ্যই আপনার বেসিক, বিকল্প বা বর্ধিত বেস সময়সীমা ব্যবহার করে বেনিফিটের জন্য যোগ্য হতে হবে।
- আপনার বেস সময়সীমা এবং বেনিফিটের হার অবশ্যই নির্ধারণ করে চূড়ান্ত করা আবশ্যিক। এই তথ্য আপনার সবচেয়ে সাম্প্রতিক আর্থিক বেনিফিটের সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে।
- আপনার ভিত্তি সময়কালে আপনাকে অবশ্যই কমপক্ষে 20 সপ্তাহ কাজ করতে হবে।
- পুনর্বিবেচনার জন্য অনুরোধ ফর্মগুলির সমস্ত অনুরোধগুলি অবশ্যই গ্রহণ এবং পুনরীক্ষণ করতে হবে।

যদি আপনার বর্তমান বেনিফিটের হারের তুলনায় বেনিফিটের হারের বৃদ্ধি কমপক্ষে পাঁচ ডলার বেশি হয়, **শুধুমাত্র** তাহলেই আপনার বেনিফিটের হার আপনার গড় সাপ্তাহিক পারিশ্রমিকের অর্ধেক হিসাবে গণনা করা হবে (ভিত্তি সময়কালের মোট পারিশ্রমিকের অর্ধেককে কাজের মোট সপ্তাহ দ্বারা ভাগের ফল)।

এই পুনরায় গণনা করার অনুরোধ জানানোর জন্য, এই [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) বা হ্যান্ডবুকের শেষে দেওয়া “কর্মনিয়োগের সপ্তাহগুলির উপর ভিত্তি করে হারের জন্য অনুরোধ” ফর্মটি পূরণ করুন এবং জমা দিন। **গুরুত্বপূর্ণ: ফর্মটিকে অবশ্যই আপনার সাম্প্রতিকতম আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি পাঠানোর তারিখটির দশ ক্যালেন্ডার দিবসের মধ্যে আমাদের কাছে এসে পৌঁছাতে হবে।** আপনাকে অবশ্যই আপনার কর্মনিযুক্তির এবং পারিশ্রমিকের প্রমাণ দিতে হবে, যেমন প্রতিটি সপ্তাহে কর্মনিযুক্তির জন্য অর্থপ্রদানের রসিদ। পারিশ্রমিকের অন্তর্ভুক্ত হল পারিতোষিক, বোনাস, আহার এবং আশ্রয়, একই সাথে কমিশন ও ছুটিকালীন অর্থপ্রদান, এবং আপনাকে প্রদত্ত নগদ অর্থসমূহ।

### দুর্ব্যবহার বা অপরাধমূলক কাজ করার কারণে চাকরি হারানো

আপনি যদি দুর্ব্যবহার বা অপরাধমূলক কাজ করার কারণে একটি চাকরি হারান, তাহলে সেই চাকরি থেকে আপনি যে পারিশ্রমিক পেয়েছেন তা একটি দাবি প্রতিষ্ঠা করা বা আপনার বেনিফিটের হার গণনা করার জন্য ব্যবহার করা যাবে না। দুর্ব্যবহার হল এমন কোন আচরণ করা বা না করা যা কাজের ক্ষেত্রে অনুমোদিত নয় বলে আপনি জানতেন এবং যা আপনার কর্মনিয়োগকারীর ক্ষতিসাধন করেছে বা করতে পারে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

2017 সালের  
অক্টোবরের প্রথম  
সোমবার থেকে  
কার্যকরী, সাপ্তাহিক  
বেনিফিটের সর্বাধিক  
হার \$435 পর্যন্ত  
বেড়েছে... সর্বনিম্ন  
সাপ্তাহিক বেনিফিটের  
হার হল \$100।

### সর্বাধিক ও ন্যূনতম সাপ্তাহিক বেনিফিটের হার

2017 সালের অক্টোবরের প্রথম সোমবার থেকে কার্যকরী, সাপ্তাহিক বেনিফিটের সর্বাধিক হার বেড়ে \$435 হয়েছে। সর্বাধিক হার 2026 সাল পর্যন্ত প্রতি বছরে বৃদ্ধি বলে প্রত্যাশা করা হয়েছে, যখন এটি স্টেট'র গড় সাপ্তাহিক পারিশ্রমিকের 50 শতাংশে গিয়ে পৌঁছাবে বলে আশা করা যায়। বর্তমান সর্বাধিক সাপ্তাহিক বেনিফিটের হার জানার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) দেখুন।

সর্বনিম্ন সাপ্তাহিক বেনিফিটের হার হল \$100।

## 5. আমি কখন সুবিধাগুলি পেতে শুরু করব?

### আমি কখন আমার প্রথম পেমেন্ট পাব?

আপনার প্রথম পেমেন্ট পাওয়ার জন্য আপনার দাবি করার সময় থেকে তিন থেকে ছয় সপ্তাহ পর্যন্ত সময় নেবে। এই সময়ে আমরা আপনার আবেদন পর্যালোচনা এবং প্রক্রিয়া করি, আপনার সাপ্তাহিক বেনিফিট রেট নির্ধারণ করি এবং আপনার আগের নিয়োগকর্তার(দের) সঙ্গে কর্ম সংক্রান্ত তথ্য যাচাই করি। এই পর্যালোচনাধীন সময়ে আপনি কোনো বেনিফিট পাবেন না। আমরা যদি দেখি যে আপনি বেনিফিটগুলির জন্য যোগ্য তাহলে, আপনি আপনার প্রথম পেমেন্টের সঙ্গে আপনার যে কোনো বাকি থাকা সাপ্তাহিক বেনিফিটগুলিও পাবেন।

এই সময়ে আপনাকে দুটি জিনিস করতে হবে:

- যে কোনো প্রস্ভাবলী সম্পূর্ণ করে ফেরত পাঠান এবং শ্রম বিভাগ থেকে আপনাকে কোনো কল করা হলে অবিলম্বে কল করা হলে ফিরতি কল করুন; এবং
- আপনার দাবি করার পরে অবলম্বি যে সপ্তাহ থেকে বেনিফিট শুরু হবে তখন থেকে আপনি যতদিন বেকার থাকবেন এবং যোগ্য থাকবেন ততদিন পর্যন্ত বেনিফিট দাবি করতে থাকুন। অনুগ্রহ করে পৃষ্ঠা 16 - 23 দেখুন: “আমি কিভাবে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করব?” এছাড়াও, আপনাকে চাকরি খোঁজা এবং সংশ্লিষ্ট রেকর্ড-রক্ষার সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। অনুগ্রহ করে পৃষ্ঠা 24 - 29 দেখুন: “চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি?”

### অবিলম্বে প্রস্ভাবলী ফেরত দিন

আপনার দাবিটির প্রক্রিয়াকরণ করার সময়ে যদি আমাদের আরো তথ্যের প্রয়োজন হয়, তাহলে আপনাকে একটি ফর্ম বা প্রস্ভাবলী পাঠাতে পারি। যাতে আপনার বেনিফিটগুলি বিলম্বিত বা প্রত্যাখ্যাত না হয়, সেই জন্য মুদ্রিত তারিখের সাত দিনের মধ্যে অনুগ্রহ করে প্রতিটি প্রস্ভাবলী সম্পূর্ণ করে ফেরত পাঠান। আপনি যদি একটি প্রস্ভাবলী পূরণ না করেন অথবা আমাদের কাছে সেটিকে অবিলম্বে ফেরত পাঠিয়ে না দেন, তাহলে আমাদের কাছে যে তথ্য আছে তার উপর ভিত্তি করে আপনার দাবি সম্পর্কে আমাদের একটি সিদ্ধান্ত নিতে হবে। বেনিফিটের জন্য এটি আপনার যোগ্যতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

যদি আপনি এমন কোনো প্রস্ভাবলী পান যা আপনার সম্পর্কিত নয় তাহলে অনুগ্রহ করে সেটি ফেরত দিন। প্রস্ভাবলীর শীর্ষে ও শেষে লিখুন যে আপনার মনে হয় কোনো ভুল হয়েছে এবং উপযুক্ত বিবরণ প্রদান করুন। তারপর এটিকে নিরাপদ বার্তার মাধ্যমে ফেরত দিন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin)-এ আপনার অ্যাকাউন্টে সাইন ইন করুন। তারপর, আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠার উপরের ডানদিকে এনভেলাপ আইকনে ক্লিক করুন। অথবা, প্রস্ভাবলীতে দেওয়া ফ্যাক্স নম্বরে ফ্যাক্স করুন বা ঠিকানায় ডাকযোগে পাঠান। যদি সত্যিই ভুল হয়ে থাকে তাহলে আমরা পর্যালোচনা করে সংশোধন করে দেব। যদি আমাদের আরো তথ্যের প্রয়োজন হয় তাহলে আমরা আপনার সঙ্গে ফোন অথবা আমাদের সাথে থাকা আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে আপনার সঙ্গে যোগাযোগ করবো। আপনাকে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* কল করুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**আমি প্রস্ভাবলী অন্য কোথাও রেখে দিলে কি হবে**

আপনি আপনার অনলাইন অ্যাকাউন্ট থেকে নিরাপদ বার্তার মাধ্যমে আমাদের কাছে প্রস্ভাবলী/ফর্ম/চিঠির আরেকটি প্রতিলিপির অনুরোধ করতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: “**পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো**”। অথবা আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করতে পারেন। \* **গুরুত্বপূর্ণ: অনুগ্রহ করে দ্রুত প্রতিস্থাপনের জন্য অনুরোধ করুন।** মূল প্রস্ভাবলীতে দেওয়া তারিখের সাত দিনের মধ্যে প্রস্ভাবলী পূরণ করে অবশ্যই ফেরত পাঠাতে হবে। এই মেয়াদ অতিক্রমের তারিখগুলোকে পরিবর্তন করা হবে না এমনকি বদল করা হলেও।

**বেনিফিটগুলির জন্য অপেক্ষার সপ্তাহ**

প্রথম যে সম্পূর্ণ সপ্তাহে আপনি চাকরিহীন থাকেন সেটি হল অপেক্ষার সপ্তাহ। আপনি এই সপ্তাহের জন্য কোনো বেনিফিটগুলি পাবেন না, কিন্তু আপনাকে অবশ্যই কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সক্ষম থাকতে হবে। আপনি অবশ্যই এই সপ্তাহের জন্যও সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করবেন। এছাড়াও, আপনাকে চাকরি খোঁজা এবং সংশ্লিষ্ট রেকর্ড-রক্ষার সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। অনুগ্রহ করে পৃষ্ঠা 24 - 29 দেখুন: “**চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি?**”

আপনি যদি আপনার দাবির প্রথম সপ্তাহে সম্পূর্ণ কাজ করেন বা অন্য কোন কারণে অপেক্ষার পূর্ণ সপ্তাহ জুড়ে কাজ না করেন, তাহলে অপেক্ষার সময়কালটি পরবর্তী সপ্তাহে(গুলিতে) পিছিয়ে দেওয়া হবে। এই অপেক্ষার সপ্তাহের পরে, আপনার চাকরিহীন থাকা সপ্তাহগুলির ক্ষেত্রে, 26 টি সপ্তাহ পর্যন্ত প্রতিটি সপ্তাহের জন্য আপনি বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাবেন। আপনাকে অবশ্যই প্রতি সপ্তাহে বেনিফিটগুলি দাবি করতে হবে; কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সক্ষম থাকতে হবে এবং চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি পূরণ করবেন, যা পৃষ্ঠা 24 - 29 এ আলোচনা করা হয়েছে: “**চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি?**”

**আমি কখন থেকে বেনিফিটগুলি পেতে শুরু করব তা আমি কিভাবে জানতে পারি?**

আমরা আপনার দাবি সংক্রান্ত তথ্যগুলি (এবং যদি প্রয়োজ্য হয় তাহলে সংশোধিত আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি) পুনরীক্ষণ করার পরে, আপনি বেনিফিটগুলি পাওয়ার যোগ্য কিনা তা আমরা সিদ্ধান্ত নেব। এই পর্যালোচনা পদ্ধতির জন্য সাধারণত ছয় সপ্তাহ লাগে। আপনি যদি যোগ্য হন, তাহলে আপনি সহজেই ডিরেক্ট ডিপোজিট বা ডেবিট কার্ড-এর মাধ্যমে বেনিফিটগুলি পেতে শুরু করবেন। আপনার বেনিফিটগুলি শুরু হওয়ার পূর্বে আপনি যে যোগ্য এই মর্মে কোনো চিঠি আপনি পাবেন না।

আমরা যদি দেখি যে আপনি বেনিফিটগুলি পাওয়ার যোগ্য নন তাহলে সেই কারণ(গুলি) জানিয়ে আপনাকে একটি “নির্ধারণের বিজ্ঞপ্তি” ডাকযোগে পাঠানো হবে। কোন সময়কালের জন্য বেনিফিটগুলি নাকচ করা হয়েছে, ভবিষ্যতে কীভাবে পুনরায়-যোগ্যতা অর্জন করা যাবে এবং আপনি সিদ্ধান্তটিতে অসম্মত হলে কীভাবে একটি শুনানির জন্য অনুরোধ করতে হবে তাও এই বিজ্ঞপ্তিটি আপনাকে জানাবে।

আপনি যদি যোগ্য হন, তাহলে আপনি ডিরেক্ট ডিপোজিট বা ডেবিট কার্ড-এর মাধ্যমে বেনিফিটগুলি পেতে শুরু করবেন। আপনার বেনিফিটগুলি শুরু হওয়ার পূর্বে আপনি যে যোগ্য এই মর্মে কোনো চিঠি আপনি পাবেন না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

## 6. আমি কিভাবে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করব?

### আমি কিভাবে আমার বেনিফিটগুলি পেতে পারি (সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করা/ বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণ)?

আপনি চাকরিহীন থাকা এবং চাকরির খোঁজে থাকার সময়ে আমাদের ওয়েবসাইট বা টেল-সার্ভিস স্বয়ংক্রিয় ফোন সিস্টেম ব্যবহার করে অর্থপ্রদানের অনুরোধ করার মাধ্যমে প্রতি সপ্তাহের জন্য আপনি অবশ্যই সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করবেন। এটিকে বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণও বলা হয় কারণ আপনি নিশ্চিত করছেন যে গত সপ্তাহে সম্পূর্ণরূপে বা আংশিকভাবে আপনি চাকরিহীন ছিলেন এবং আপনি বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার সমস্ত শর্তগুলি পূরণ করেছিলেন।

আপনি আমাদের ওয়েবসাইট অথবা টেল-সার্ভিস যেটিই নির্বাচন করুন না কেন, সিস্টেমটি আপনাকে এক সারি প্রশ্ন জিজ্ঞাসা করবে। সাপ্তাহিক বেনিফিটগুলির জন্য আপনার যোগ্যতা প্রশ্নগুলিতে আপনার উত্তর প্রদানের উপর নির্ভর করে। উত্তর দেওয়ার পূর্বে প্রশ্ন এবং নির্দেশগুলি যত্ন সহকারে পড়ুন বা শুনুন। যদি আপনি প্রশ্ন বুঝতে না পারেন তাহলে, ব্যাখ্যার জন্য টেলিফোন ক্লেইমস সেন্টারে\* কল করুন। **গুরুত্বপূর্ণ: বেনিফিটগুলি পাওয়ার জন্য সাপ্তাহিক নিশ্চিতকরণ প্রক্রিয়ার সময়ে ভুল বিবৃতি দেওয়া আইন বিরুদ্ধ।** বেনিফিটগুলি হারানো অথবা এমনকি অপরাধে অভিযুক্ত হওয়া সহ আপনাকে সুদ দিতে হতে পারে এবং সাজাও হতে পারে।

### আপনি অবশ্যই নিজে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করবেন

**গুরুত্বপূর্ণ: আপনার PIN বা NY.gov ইউজারনেম এবং পাসওয়ার্ড কাউকে দেবেন না।** আপনি যদি অন্য কাউকে আপনার জন্য সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার (বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণ) অথবা অনলাইনে বা টেল-সার্ভিস ফোন সিস্টেম ব্যবহার করে আপনার দাবিগুলি দেখার অনুমতি দেন তাহলে আপনার গুরুতর সাজা হতে পারে। এগুলির অন্তর্ভুক্ত হল অপরাধে অভিযুক্ত হওয়া এবং কারাদন্ড। আপনি 20টি সপ্তাহ পর্যন্ত বেনিফিটগুলি হারাতেও পারেন। যদি সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার জন্য আপনার সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে পৃষ্ঠা 18 দেখুন: **“সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করতে আমার কোনো সাহায্যের প্রয়োজন হলে কি হবে?”**

### আমি আমার এলাকা বা দেশের বাইরে কোথাও ভ্রমণ করতে গেলে কি হবে?

যদি আপনি অবকাশের জন্য ভ্রমণে যাচ্ছেন বা ব্যক্তিগত কারণে যাচ্ছেন এমন হয় তাহলে আপনি দাবি করতে পারবেন না এবং যে সময়ে গেছিলেন তার বেনিফিট পাবেন। আপনার অধিকারসমূহ সুরক্ষিত রাখতে, আপনি ভ্রমণে যাওয়ার আগে আপনাকে অবশ্যই আমাদের সঙ্গে যোগাযোগ করতে হবে, এমনকি আপনি কোনো চাকরি খোঁজার জন্য বা চাকরির সাক্ষাৎকারের জন্য গেলেও। আপনার ভ্রমণের আগে আমাদেরকে এই তথ্য দেওয়ার মাধ্যমে, আপনি বাইরে থাকাকালীন আপনার বেনিফিটগুলি সাময়িকভাবে মূলতুবি করা হবে। আপনি ফিরে আসার পরে আপনার বেনিফিটগুলি আবার শুরু করতে, আমাদের সঙ্গে যোগাযোগ করুন। আপনার স্বাভাবিক এলাকার বাইরে ভ্রমণ করার আগে আপনাকে অবশ্যই আমাদের সঙ্গে যোগাযোগ করতে হবে, এমন কি আপনি যদি যুক্তরাষ্ট্র, কানাডা, পুয়ের্তো রিকো বা ভার্জিন আইল্যান্ডস ছেড়ে না যান তাহলেও। আপনি আমাদেরকে একটি সুরক্ষিত বার্তা পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো”**। আপনি টেলিফোন ক্লেইম সেন্টারের ফোন করতে পারেন। \* আপনার ভ্রমণের তারিখ এবং ভ্রমণের কারণ আমাদেরকে জানাতে ভুলবেন না।

**গুরুত্বপূর্ণ:** আপনি যুক্তরাষ্ট্র, কানাডা, পুয়ের্তো রিকো বা ভার্জিন আইল্যান্ডস-এর বাইরে থাকার সময় কোনো কারণেই বেনিফিটগুলির জন্য প্রত্যয়ন করতে চেষ্টা করবেন না। আপনার প্রত্যয়ন আটকে দেওয়া হবে এবং আপনার বেনিফিটগুলো মূলতুবি রাখা হবে। আপনি দেশের বাইরে থাকার সময় কাজ করতে প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ এমন প্রত্যয়ন করা অথবা আপনার হয়ে প্রত্যয়ন করার জন্য কাউকে আপনার ব্যবহারকারী নাম, পাসওয়ার্ড, সামাজিক নিরাপত্তা নম্বর, ও/বা PIN নম্বর দেওয়ার ফলস্বরূপ চরম শাস্তি হতে পারে। এই শাস্তিগুলির মধ্যে অন্তর্ভুক্ত হল অতিরিক্ত অর্থপ্রদান, বেনিফিটগুলি হারানো, আর্থিক জরিমানা, ফৌজদারী মামলা ও কারাবাস।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



অনুগ্রহ করে আপনি  
ভ্রমণে যাওয়ার আগে  
আমাদের সঙ্গে  
যোগাযোগ করুন,  
এমনকি আপনি  
কোনো কাজ বা  
কাজের সাক্ষাতের  
জন্য গেলেও।  
আমাদেরকে ভ্রমণের  
তারিখ এবং ভ্রমণের  
কারণ জানাতে  
ভুলবেন না।

### অনলাইনে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করা

আপনি সাপ্তাহিক বেনিফিটগুলি (বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণ) আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin)-এ গিয়ে দাবি করতে পারেন। **দ্রষ্টব্য:** আপনার যদি এমন একটি পরিষেবা থাকে যা আপনার ইন্টারনেট অ্যাড্রেসটিকে অজ্ঞাত রাখে, তাহলে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার সময়ে অনুগ্রহ করে এটিকে বন্ধ রাখুন। অন্যথায়, আপনার সার্টফিকেশন অবরুদ্ধ করা হবে।

একটি অনলাইন অ্যাকাউন্টের জন্য সাইন আপ করতে আপনার একটি NY.gov ID প্রয়োজন হবে। আপনার যদি ইতিমধ্যেই একটি NY.gov ID ইউজারনেম এবং পাসওয়ার্ড থাকে, তাহলে আপনি এটিকে আমাদের সিস্টেমের জন্য ব্যবহার করতে পারেন। আপনার যদি একটি NY.gov ID না থাকে, তাহলে একটি সৃষ্টি করার জন্য আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করুন। অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে, আপনি সাপ্তাহিক বেনিফিট দাবি করতে পারেন, আপনার বেনিফিট পেমেন্টের স্থিতি দেখতে পারেন, আপনার পেমেন্টের ইতিহাস প্রিন্ট করুন এবং 1099 ফর্ম প্রিন্ট করুন, আমাদের জনজোন সংস্থানের সাইট বা আরো কিছু অ্যাক্সেস করুন। এছাড়াও আপনি অন্যান্য নিউইয়র্ক স্টেট গভর্নমেন্ট এজেন্সিগুলির দ্বারা প্রদত্ত অনলাইন পরিষেবাগুলিতে প্রবেশাধিকার পেতে আপনার NY.gov ID ব্যবহার করতে পারেন। **গুরুত্বপূর্ণ: আপনার NY.gov ID ইউজারনেম বা পাসওয়ার্ড কাউকে দেবেন না অথবা এমন কোনো জায়গায় লিখে রাখবেন না যা অন্য কেউ দেখে ফেলতে পারে।** NY.gov ID তৈরি করতে সাহায্যের জন্য, [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ তালিকাভুক্ত নির্দেশিকা এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন। যদি NY.gov ID নিয়ে আপনার কোনো সমস্যা হয়, তাহলে সোমবার-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30টার মধ্যে (800) 833-3000 নম্বরে কল করুন।

### সাপ্তাহিক বেনিফিটগুলি ফোন মাধ্যমে দাবি করা

এছাড়াও আপনি (888) 581-5812 নম্বরে কল করে আপনার টোল-ফ্রি টেল-সার্ভিস, স্বয়ংক্রিয় ফোন সিস্টেমে কল করে আপনার সাপ্তাহিক বেনিফিট দাবি করতে পারেন। TTY/TDD ব্যবহারকারীরা (877) 205-3119 নম্বরে কল করতে পারে; ভিডিও রিলে পরিষেবা ব্যবহারকারীরা - আপনার রিলে অপারেটর এবং তাকে (888) 783-1370 নম্বরে ফোন করতে বলুন। আপনাকে একাধিক প্রশ্নের উত্তর দিতে বলা হবে, তারপর আপনাকে আপনার সমস্ত উত্তরগুলো যে সঠিক ও সত্য তা সম্পর্কে নিশ্চিত করতে বলা হবে। আপনি যখন প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য “হ্যাঁ” বা 1 টেপেন, তখন এটি কোনো একটি নথিতে স্বাক্ষর করার সমতুল্য হয়। এর কারণ হল আপনার দাবি ফাইল করার সময়ে আপনি যে PIN সৃষ্টি করেন সেটি শুধুমাত্র আপনিই জানেন। **গুরুত্বপূর্ণ: আপনার PIN কাউকে দেবেন না, এমনকি পরিবারের সদস্যদেরও না।** আপনি শুধুমাত্র সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করতে পারেন। **একমাত্র ব্যতিক্রম হল যখন আপনি যদি PIN দিতে না পারেন (উদাহরণস্বরূপ, আপনি যদি প্রতিবন্ধী হন বা ভাষা সমস্যা থাক), তখন অন্য কেউ আপনাকে সেটিতে সাহায্য করতে পারে। তবে, যখন আপনার সাহায্যকারী পাসওয়ার্ড বা PIN দিচ্ছে তখন আপনাকে অবশ্যই তার সঙ্গে থাকতে হবে।**

যদি “আপনার দাবিটির প্রক্রিয়াকরণ শুরু হয়েছে” শুনতে পাওয়ার আগে আপনার ফোনের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় অথবা আপনি টেলিফোনটি কেটে দেন তাহলে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার প্রক্রিয়াটি আপনি সম্পূর্ণ করতে পারেন নি। বেনিফিটগুলি দাবি করার জন্য আপনাকে আবার ফোন করতে হবে।

**গুরুত্বপূর্ণ:** বেনিফিটগুলির জন্য প্রত্যয়ন করার সময় আপনি যদি কোনো ভুল করেন, তাহলে সেই মুহূর্তেই তা রিপোর্ট করুন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে আমাদেরকে একটি নিরাপদ বার্তা পাঠান। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো”**। অথবা আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করুন।\*

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

### সাপ্তাহিক বেনিফিটগুলি কখন দাবি করতে হয়

বেকারত্ব বিমার ক্ষেত্রে, একটি সপ্তাহ সোমবার থেকে রবিবার পর্যন্ত চলে। আপনার গত সপ্তাহের জন্য সাপ্তাহিক বেনিফিটের দাবিটি সেই সপ্তাহের শেষ দিন (রবিবার) থেকে নিয়ে পরের সপ্তাহের শনিবার পর্যন্ত করা উচিত। কোনো একটি রবিবারে করা কোনো নিশ্চিতকরণ সেই দিনে সমাপ্ত হওয়া সপ্তাহের জন্য। উদাহরণস্বরূপ, মনে করুন আপনি সোমবার, জানুয়ারী 1লা থেকে রবিবার, জানুয়ারী 7 পর্যন্ত চাকরিহীন আছেন। আপনি সেই সপ্তাহটির জন্য সাপ্তাহিক বেনিফিটগুলি রবিবার, জানুয়ারী 7 থেকে শুরু করে শনিবার, জানুয়ারী 13 পর্যন্ত দাবি করতে পারেন।

আপনি প্রদত্ত সপ্তাহের এক সপ্তাহের বেশী সময় পরে অনলাইন বা টেলি-সার্ভিসের মাধ্যমে দাবি করতে পারবেন না। সিস্টেমটি পিছনের সপ্তাহগুলি বা অন্য সময়কালের জন্য নিশ্চিতকরণগুলি গ্রহণ করবে না। আপনি যখন বেকার ছিলেন তখন আপনি যদি কোনো এক সপ্তাহের বেনিফিট দাবি করতে মিস করেন, তাহলে আপনি তখন এই সপ্তাহের জন্য নিরাপদ বার্তা, ফ্যাক্স বা নিয়মিত ডাকের মাধ্যমে ক্রেডিটের অনুরোধ করতে পারেন। কোনো সপ্তাহের জন্য ফিরতি ক্রেডিট অনুরোধ করতে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* কল করবেন না।

আপনি [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ নিরাপদ বার্তার মাধ্যমে একটি অনুরোধ জমা দিতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: “**পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো**”। আপনার অনুরোধটি (518) 457-9378 নম্বরে ফ্যাক্স করতে পারেন অথবা এটিকে ডাকযোগে এই ঠিকানায় পাঠান:

New York State Department of Labor  
PO Box 15130  
Albany, NY 12212-5130

আপনি কোনো একটি সপ্তাহের জন্য দাবিটি এক সপ্তাহের বেশী পরে করতে পারেন না... সিস্টেমটি পিছনের সপ্তাহগুলি বা অন্য সময়কালের জন্য নিশ্চিতকরণগুলি গ্রহণ করবে না।

আপনি যে সপ্তাহের বেনিফিট দাবি করেননি তার শুরু এবং শেষের তারিখ অন্তর্ভুক্ত করতে এবং কেন আপনি তা করেননি তার কারণ জানাতে ভুলবেন না। এছাড়াও, ডানদিকের উপরের কোণায় আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার সংখ্যা অন্তর্ভুক্ত করুন।

আমরা আপনার অনুরোধ পর্যালোচনা করব এবং সেই সময়ের জন্য আপনি বেনিফিট পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণ করব। এই পর্যালোচনার জন্য ছয় সপ্তাহ লাগতে পারে। এই সময়ে, আপনি বেকার আছেন এবং বেনিফিটের জন্য যোগ্য আছেন এমন সমস্ত সপ্তাহের জন্য বেনিফিট দাবি করা অবিরত করুন। যদি আমরা আরো তথ্যের জন্য চিঠি পাঠায় বা কল করি তাহলে পর্যালোচনা যেন বিলম্বিত না হয় অনুগ্রহ করে তার জন্য দ্রুত উত্তর দিন।

উপরের উদাহরণ ব্যবহার করে: যদি আপনি সাপ্তাহিক বেনিফিটগুলি শনিবার, জানুয়ারী 13-এর মধ্যে পাঠাতে ব্যর্থ হন, তাহলে রবিবার, জানুয়ারী 7 তারিখে সমাপ্ত হওয়া সপ্তাহটির জন্য বেনিফিটগুলি পেতে আপনার কেন দেবী হল তা ব্যাখ্যা করে আপনাকে আমাদেরকে একটি নিরাপদ বার্তা পাঠাতে অথবা একটি চিঠি লিখতে হবে।

### সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করতে আমার কোনো সাহায্যের প্রয়োজন হলে কি হবে?

আপনার যদি একটি অক্ষমতা থাকে বা ইংলিশে কথা বলার বা বোঝার সমস্যা থাকে, তাহলে আমাদের অনলাইন পরিষেবাগুলি বা টেল-সার্ভিস এ কথা বলার জন্য আপনাকে অন্য কারো সাহায্য নিতে হবে। আপনার যদি একটি কম্পিউটার না থাকে অথবা কীভাবে একটি কম্পিউটার ব্যবহার করতে হয় তা জানা না থাকে, তাহলে এটিকে একটি অক্ষমতা হিসাবে বিবেচনা করা হয় না কারণ আপনি সেক্ষেত্রে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার জন্য টেলিফোন ব্যবহার করতে পারেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**আপনি যদি PIN দিতে না পারেন, তখন অন্য কেউ আপনাকে সেটিতে সাহায্য করতে পারেন। তবে, যখন আপনার সাহায্যকারী পাসওয়ার্ড বা PIN দিচ্ছে তখন আপনাকে অবশ্যই তার সঙ্গে থাকতে হবে।** আপনি আপনার সহায়কের ত্রিযাকলাপের জন্য দায়বদ্ধ থাকবেন। আপনার সাহায্যকারী ব্যক্তি যখন আমাদের পরিষেবাগুলি ব্যবহার করেন তখন যদি আপনি উপস্থিত না থাকেন তাহলে, এটিকে জালিয়াতি বিবেচনা করা হয় এবং আপনার সাজা হতে পারে। “বাজেয়াপ্ত দিবস” এইসকল সাজার অন্তর্ভুক্ত হতে পারে। বাজেয়াপ্ত দিবস ভবিষ্যতের সেই দিনগুলি যখন আপনি বেনিফিট পাওয়ার যোগ্য, কিন্তু তা পান না কারণ ঐ সমস্ত দিনগুলিতে আপনার বেনিফিটসমূহ সাজা হিসাবে বাজেয়াপ্ত হয়ে গেছে। আপনার পাওয়া উচিত ছিল না এমন কোনো বেনিফিটের অর্থও আপনাকে ফেরত দিতে হতে পারে, এবং আপনাকে আর্থিক জরিমানা দিতে হতে পারে।

### **আমি আংশিক-সময়ে (পার্ট-টাইম) কাজ করলে কি হবে?**

আপনাকে আংশিক-সময়কালীন বা অস্থায়ী কাজগুলি সহ, **সমস্ত** কাজের ব্যাপারে অবশ্যই রিপোর্ট করতে হবে। আপনার সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার সময়ে আপনি যদি সমস্ত কাজের সম্পর্কে না জানান, তাহলে বেনিফিটগুলি হারানো, দেওয়ানি ও ফৌজদারী সাজা এবং জরিমানা সহ আপনার গুরুতর সাজা হতে পারে। আপনি যদি সপ্তাহে চার দিনের থেকে কম দিন কাজ করেন এবং সর্বাধিক বেনিফিটের হারের থেকে কম আয় করেন, তাহলে আপনি আংশিক বেনিফিট পেতে পারেন যা নিম্নরূপ:

- কাজের 1 দিন = আপনার সাপ্তাহিক বেনিফিটের হারের 3/4 অংশ;
- কাজের 2 দিন = আপনার সাপ্তাহিক বেনিফিটের হারের 1/2 অংশ;
- কাজের 3 দিন = আপনার সাপ্তাহিক বেনিফিটের হারের 1/4 অংশ; অথবা
- কাজের 4 দিন = কোনো বেনিফিট প্রাপ্য নয়।

**গুরুত্বপূর্ণ: আপনি যদি এক দিন কোনো একটি কাজ করে থাকেন, এমনকি যদি তা এক ঘন্টা বা তার কম হয় এবং আপনি যদি কোনো অর্থ নাও পান, তাহলেও এটিকে এক দিনের কাজ হিসাবে গণনা করা হয় এবং আপনাকে অবশ্যই এটিকে সেইভাবে রিপোর্ট করতে হবে।** এছাড়াও, আপনি এমন কোনো একটি সপ্তাহের জন্য বেনিফিটগুলি পাওয়ার যোগ্য নন যেটিতে আপনি আপনার সর্বাধিক বেনিফিটের হারের তুলনায় অধিক উপার্জন করেন (মোট পারিশ্রমিক, কেটে নেওয়ার আগে), তা কাজ করার দিনগুলির সংখ্যার উপর নির্ভর করে না। আপনার সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার সময়ে আপনি গত সপ্তাহে কাজ করেছিলেন কিনা এবং সর্বাধিক বেনিফিটের তুলনায় অধিক উপার্জন করেছিলেন কিনা তা আপনাকে জিজ্ঞাসা করা হবে।

আপনি যদি আংশিক বেনিফিট পান, তাহলে আপনি দীর্ঘতর সময় ধরে অর্থ পেতে সমর্থ হবেন। যতক্ষণ পর্যন্ত না আপনি আপনার সর্বাধিক বেনিফিটের অর্থ (আপনার সাপ্তাহিক বেনিফিটের হারের তুলনায় 26 গুণ) পান বা আপনার বেনিফিট বছরটি শেষ না হয়, ততক্ষণ পর্যন্ত আপনি অর্থ নিতে পারেন, যেটি প্রথমে হয়।

### **কাজ বলতে কি বোঝায়?**

**যে কোনো** সময়ের জন্য করা কাজ যা থেকে অর্থ উপার্জন হয় বা হতে পারে সেটিকেও অবশ্যই কাজ হিসাবে রিপোর্ট করতে হবে, এমনকি তা যদি মাত্র এক ঘন্টা বা তার চেয়ে কম তাহলেও। এর মধ্যে প্রশিক্ষণ অন্তর্ভুক্ত হওয়ার পাশাপাশি রয়েছে সম্পূর্ণ-সময়ের, আংশিক-সময়ের, মরশুমি, দৈনিক ভিত্তিতে করা, অবৈষ্ণমূলক, মাঝে-মাঝে করা, অস্থায়ী বা স্থায়ী কাজ। এমনকি আপনাকে অর্থপ্রদান করা না হলেও, আপনার অবশ্যই তা কাজ হিসাবে রিপোর্ট করতে হবে:

- স্ব-নিয়োগ বা ফ্রিলান্সার কাজ সংক্রান্ত সমস্ত কার্যকলাপ, এগুলো অন্তর্ভুক্ত না হলেও তা কেবল এতেই সীমিত নয়; লেখা পরীক্ষা, ফোন ধরা, ব্যবসা যোগাযোগের উত্তর দান বা ব্যবসা শুরু বা অবিরত রাখার সঙ্গে যুক্ত এমন যে কোনো কাজ;
- অন-কল বা যেমন প্রয়োজনীয় কাজ;

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

- কাজের মাধ্যমে প্রশিক্ষণ নেওয়া;
- কাজের সাথে পরিচিত করা;
- অন্য কারো হয়ে কাজ করা;
- একজন বন্ধু বা আত্মীয়ের ব্যবসার কাজ করা বা সাহায্য করা;
- অস্থায়ী চাকরি;
- আংশিক-সময়ের চাকরি;
- সেনাদলের একটি শাখার সাথে প্রশিক্ষণের জন্য সক্রিয়ভাবে কাজ করা;
- একাধিক-পারিবারকে (দুটি বা তার চেয়ে বেশি সংখ্যক ভাড়ার অ্যাপার্টমেন্ট) ভাড়া দেওয়া বাড়ি পরিচালনার সাথে যুক্ত কাজকর্ম;
- একজন বিল্ডিং সুপারিন্টেন্ডেন্ট হিসাবে কাজ করা;
- একটি ইন্টারশিপ এবং/বা এক্সটার্নশিপ;
- একটি কলেজ কাজ-অধ্যয়নমূলক কাজ;
- একজন সরকারি/মনোনীত কর্মকর্তা হিসাবে কাজকর্ম করা;
- ন্যাশানাল গার্ড বা রিসার্ভস-এর জন্য বাৎসরিক কর্মক্ষেত্রমূলক প্রশিক্ষণ নেওয়া;
- সরাসরি কমিশন ভিত্তিতে করা কাজ (এমনকি পরেও আপনি যদি কোনো কমিশন না পান, কোনো বিক্রয় না হয় বা আপনি কোনো অর্থ না পান তাহলেও কাজ হিসাবে বিবেচনা করা হয়);
- আপনি কাজটি করতে পারবেন কিনা তা দেখানোর জন্য একটি “কাজ করে দেখানোর ইন্টারভিউ”, যেখানে একজন সম্ভাব্য কর্মনিয়োগকারী আপনাকে--বেতন সহ বা বেতন ছাড়া--কাজ করতে বলেন; এবং
- একটি ব্যবসা শুরু করার সাথে যুক্ত কাজকর্ম (আপনি শ্রম দপ্তরের স্বনিযুক্তি সহায়তা কার্যক্রমের অংশগ্রহণের জন্য অনুমোদিত) অন্তর্ভুক্ত না হন।

এগুলি আপনাকে কাজ হিসাবে রিপোর্ট করতে হয় না:

- বিচারকের কর্তব্য;
- সেনাদলের একটি শাখার সাথে প্রশিক্ষণের জন্য নিষ্ক্রিয়ভাবে কর্তব্যপালন;
- ন্যাশানাল গার্ড বা রিসার্ভস-এর জন্য সাপ্তাহিক বা মাসিক ড্রিল সেশন; অথবা
- একক পরিবারের ভাড়া ইউনিট পরিচালনার সঙ্গে যুক্ত যে কোনো কার্যকলা (উদাহরণস্বরূপ; দুটি পারিবারিক বাড়ী যেখানে আপনি উপরে থাকেন এবং নিচের তলার ভাড়া দেন, আপনি আপনার ঘর ভাড়া দেন)।

আপনি যদি মাঝরাত পর্যন্ত চলা একটি শিফট-এ কাজ করেন, তাহলে সেইদিনের কাজটিকে আপনার মাঝরাতের আগের দিনটির জন্য দাবি করা উচিত (আপনি যখন শিফটটি শুরু করেছিলেন)। ব্যতিক্রম: আপনি যদি রবিবার রাত 7টায় বা তার পরে শুরু হওয়া একটি শিফট-এ কাজ করেন এবং তা মধ্যরাত পর্যন্ত করতে থাকেন, তাহলে আপনার দাবি করা উচিত যে আপনি সোমবার দিন কাজ করেছেন।

**আপনি আপনার যে কোন এবং সমস্ত কাজ অবশ্যই জানাবেন।** কোন ব্যক্তিকে কর্মে নিয়োগ করলে বা পুনরায় নিয়োগ করলে সমস্ত কর্মনিয়োগকারীকে সেই তথ্যটি অবশ্যই ন্যাশানাল ডিরেক্টরি অফ নিউ ইয়র্কস-এ জানাতে হবে। ঐ তথ্য ফেডারেল গভর্নমেন্ট এবং ডিপার্টমেন্ট অফ লেবারকেও জানানো হয় যাতে সুনিশ্চিত করা যায় যে শিশু সহায়তার বাধ্যবাধকতামূলক অর্থপ্রদান করা হয়েছে এবং এও নিশ্চিত করা যায় যে ব্যক্তির বেকারত্ব বিমা বেনিফিট নেওয়ার সময়ে কোন ভাবে কর্মরত নয়। আপনি প্রত্যেকবার যখন সাপ্তাহিক বেনিফিট দাবি করেন, আপনার নাম ন্যাশানাল ডাইরেক্টরী অফ নিউ ইয়র্কস-এ যাচাই করে দেখা হয়। যদি আপনার নাম এই ডাইরেক্টরীতে পাওয়া যায়, তাহলে বিষয়টি মীমাংসা করার জন্য আপনাকে নির্দেশ দেওয়া হবে। আপনি যতক্ষণ না আমাদের ইন্টেগ্রিটি ইউনিটের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করছেন, ততক্ষণ আপনি সাপ্তাহিক বেনিফিটগুলো দাবি করতে পারবেন না। যে নিয়োগকর্তা আপনাকে কাজে নিয়োগ করা হয়েছে বা পুনরায়-নিয়োগ করা হয়েছে বলে উল্লেখ করেছেন তার সাথে আপনার তথ্য যাচাই করা হবে।

\*হোম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

যদি আপনি নিশ্চিত না হন যে কোনগুলোকে কাজ বলে বিবেচনা করা হয় বা আপনি বেনিফিটের জন্য ভুল প্রত্যয়ন করেছেন তাহলে অবিলম্বে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* কল করে প্রতিনিধির সঙ্গে কথা বলুন। এছাড়াও আপনি নিরাপদ বার্তা পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: “**পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো**”। যদি আপনি আমাদের সঙ্গে যোগাযোগ না করেন, তাহলে আপনাকে আপনার বেনিফিটের জন্য অর্থপ্রদান করতে হবে এবং নাগরিক শাস্তির অন্তর্ভুক্ত হবে এবং ভবিষ্যতে বেনিফিট হারাতে পারেন।

**গুরুত্বপূর্ণ: এমন কোনো সপ্তাহের জন্য বেনিফিটগুলি দাবি করবেন না যেটিতে আপনি তিন দিনের বেশি কাজ করেন বা সর্বাধিক বেনিফিটের হারের তুলনায় অধিক উপার্জন করেন।**

**আমি সাপ্তাহিক বেনিফিট দাবি করার চেষ্টা করেছিলাম, কিন্তু ফোন সিস্টেম আমাকে প্রত্যয়ন করার অনুমতি দেয় নি। আমি একটি বার্তা পেয়েছি যেখানে আমাকে বলা হয়েছে [www.labor.ny.gov](http://www.labor.ny.gov)-এ সাইন ইন করতে অথবা একটি নির্দিষ্ট ফোন নম্বরে ফোন করতে বলা হয়েছে। কি হচ্ছে?**

শ্রম বিভাগ জানতে পেরেছেন যে যখন আমি প্রত্যয়ন করেছেন তখন আপনি হয়তো কাজ করতেন। এই তথ্য কোনো নিয়োগকর্তা অথবা সাপ্তাহিক প্রত্যয়ন পরীক্ষা করার সময় আমরা জাতীয় ডেটাবেস থেকে হয়তো জানা গেছে। কখনও কখনও ডেটাবেস থেকে আপনি কর্মরত এমন তথ্য পাওয়া যায় অথচ আপনি সম্প্রতি বেকার হয়েছেন। যখন এই রকম হয় তখন শ্রম বিভাগকে অবশ্যই নিশ্চিত হতে হবে যে আপনি সত্যিই বেকার।

এটার সমাধান করার জন্য, আপনাকে অবশ্যই [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ যেতে হবে এবং সাপ্তাহিক বেকারত্ব বিমা বেনিফিটগুলি দাবি করার জন্য ধাপগুলি অনুসরণ করতে হবে। আপনার দাবি শুরু হওয়ার পর থেকে আপনি যে সব তারিখে কাজ করেছেন সেই সবগুলি তালিকাভুক্ত করতে প্রস্তুত থাকুন। আপনার দাবি শুরু হওয়ার পর থেকে আপনি যে সব নিয়োগকর্তার হয়ে কাজ করেছেন তাদের সবার নাম, ঠিকানা ও টেলিফোন নম্বরও আপনাকে দিতে হবে। আপনার যদি একটি কম্পিউটার ব্যবহারের সুযোগ না থাকে তাহলে আপনার কাজের তথ্য প্রস্তুত রাখুন এবং (877) 280-4541 এ ফোন করুন।

**আমি আমার নিজের ব্যবসা শুরু করতে চাইলে কি হবে?**

নতুন ব্যবসা শুরু করার পদক্ষেপ নেওয়ার, বিদ্যমান ব্যবসায় যোগ, চালু নয় এমন ব্যবসা আবার করতে বা যে কোনো ব্যবসার অফিসার হওয়ার আগে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* কল করুন। আপনি যদি নিজে, একজন অংশীদারের সাথে বা একটি সংস্থার ব্যবস্থাপনার মাধ্যমে একটি ব্যবসা চালান বা শুরু করেন, তাহলে আপনাকে কর্মনিযুক্ত হিসাবে বিবেচনা করা হয়। এর অন্তর্ভুক্ত হল দিনে, সন্ধ্যায় বা সপ্তাহান্তে সময় দেওয়া, এমনকি যদি কোনো বিক্রয় না হয় বা অর্থ উপার্জন না হয় তাহলেও। আপনি স্ব-নিযুক্তি সহায়তা কার্যক্রমে নথিভুক্ত না হলে, ব্যবসা শুরু করার কাজকর্মগুলির জন্য আপনাকে বেকারত্ব বিমার বেনিফিটগুলি হারাতে হতে পারে। স্ব-নিযুক্তি সহায়তা কার্যক্রম সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov/seap/](http://www.labor.ny.gov/seap/) এবং পৃষ্ঠা 42 দেখুন। “**একটি ব্যবসা শুরু করা: সেলফ এমপ্লয়মেন্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SEAP) I**”

**আমি একজন নির্বাচিত প্রতিনিধি হলে কি হবে?**

যদি আপনি একজন নির্বাচিত প্রতিনিধি হিসেবে কাজ করা, পরিশেবা প্রদান বা কার্যকলাপ করেন তাহলে যেদিন আপনি এইসব দায়িত্ব পূরণ করবে সেদিন আপনি কাজ করেছেন বলে গণ্য হবে। কি কাজ, আপনি প্রতিদিন কত সময় দিচ্ছেন অথবা আপনি কোনো অর্থ উপার্জন করলেন বা পেমেন্ট পেলেন কিনা সেটা কোনো ব্যাপার নেই। **সমস্ত কাজ, এমনকি এক ঘন্টা বা তার কম হলেও আপনার অফিসের সঙ্গে যুক্ত কাজে অতিবাহিত করা হলে তা সাপ্তাহিক বেনিফিটের জন্য এটিকে কাজ হিসেবে অবশ্যই ঘোষণা করতে হবে।**

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিশেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



### আমি যদি স্বেচ্ছাসেবামূলক কাজ করি তাহলে কি হবে?

আপনি স্বেচ্ছাসেবামূলক কাজ করার সময়ে বেকারত্ব বিমার বেনিফিটগুলির জন্য যোগ্য হতে পারেন। তবে, সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার সময়ে নিম্নলিখিত স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলি সম্পর্কে আপনাকে অবশ্যই রিপোর্ট করতে হবে:

আপনি  
স্বেচ্ছাসেবামূলক  
কাজ করার সময়ে  
বেকারত্ব বিমার  
বেনিফিটগুলির জন্য  
যোগ্য হতে পারেন।

- যে সকল স্বেচ্ছাসেবামূলক কাজকর্ম আপনার চাকরি খোঁজার সামর্থ্যে বাধা দেয় বা কোনো একটি চাকরিতে আপনার কাজের জন্য উপস্থিত থাকার দিন সংখ্যা বা ঘন্টাকে প্রভাবিত করে;
- যে স্বেচ্ছাসেবামূলক কাজটি হল কোন বন্ধু বা আত্মীয়ের ব্যবসায় সাহায্য করা;
- শিক্ষার জন্য প্রদেয় অর্থ কমাতে বা একটি স্কলারশিপের জন্য আপনি একটি স্কুলে যে স্বেচ্ছাসেবামূলক কাজ করেন;
- আপনি যে লাভের-নিমিত্ত-নয় সংস্থার একজন প্রতিষ্ঠা, কর্মকর্তা বা বোর্ড সদস্য সেটির জন্য আপনার করা স্বেচ্ছাসেবামূলক কাজ;
- যে স্বেচ্ছাসেবামূলক কাজের জন্য আপনি একটি বৃত্তি পান যেটি ন্যূনতম পারিশ্রমিকের তুলনায় বেশি;
- যে স্বেচ্ছাসেবামূলক কাজটি আপনি কোনো একটি সবেতন পদে নিযুক্ত হওয়া বা পুনরায় নিযুক্ত হওয়ার অভিপ্রায়ে পূর্বে দেওয়া কোনো একটি শর্ত হিসাবে সম্পাদন করেন;
- যে স্বেচ্ছাসেবামূলক কাজ একটি শিক্ষার অন্তর্ভুক্ত বা অন্যান্য কাজের-মাধ্যমে-প্রশিক্ষণের অংশ হিসাবে আপনি সম্পাদন করেন; এবং
- পেশাদারী লাইসেন্স পাওয়ার পরীক্ষা বা অন্যান্য শংসাপত্র পাওয়ার জন্য করা স্বেচ্ছাসেবামূলক কাজ।

সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করার সময়ে উপরে তালিকাভুক্ত স্বেচ্ছাসেবামূলক কাজকর্মগুলি ছাড়া অন্যান্যগুলিকে কাজ হিসাবে আপনাকে রিপোর্ট করতে হবে না। একটি দাতব্য, ধর্মীয় বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের জন্য করা স্বেচ্ছাসেবামূলক কাজ এর অন্তর্ভুক্ত। তবে, আপনাকে অবশ্যই:

- কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ হতে হবে;
- চাকরি খোঁজার জন্য সুস্থ ও নিরন্তরভাবে চেষ্টা চালাতে হবে;
- আপনি যে সপ্তাহগুলির জন্য বেনিফিট দাবি করেন সেগুলির প্রতিটির জন্য একটি অনলাইন বা লিখিত চাকরি সন্ধানের রেকর্ড রাখতে হবে; এবং
- শ্রম দপ্তরকে আপনার চাকরি সন্ধানের রেকর্ড-এর একটি কপি দিতে প্রস্তুত থাকতে হবে (অনুগ্রহ করে পৃষ্ঠা 24 - 29 দেখুন: **“চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি?”**)।

আপনার স্বেচ্ছাসেবামূলক কাজ উপরিউক্ত শর্তগুলি পূরণ করছে কি না সে ব্যাপারে আপনি নিশ্চিত না হলে, ৯ সপ্তাহের জন্য বেনিফিটের দাবি করার পূর্বে সমস্ত স্বেচ্ছাসেবামূলক কাজের বিবরণ জানতে আপনার টেলিফোন ক্লেইম সেন্টারে\* ফোন করা উচিত।

### আপনার সাম্প্রতিকতম ঠিকানা এবং ফোন নম্বর প্রদান করুন

বেকারত্ব বিমা সংক্রান্ত চিঠিগুলি পোস্ট অফিসের দ্বারা প্রদত্ত হয় না। আপনি যদি কোন তথ্য অনুরোধের বা আপনার নথিভুক্ত ঠিকানায় মেল মাধ্যমে পাঠানো অ্যাপয়েন্টমেন্ট নোটিশ বা কর্মনিযুক্তির বিস্তৃতির জবাব না দেন, তাহলে আপনার বেনিফিট পেতে দেরী হতে পারে।

আপনি যখন অনলাইনে আপনার বেনিফিটের দাবি জানান, তখন শ্রমবিভাগের মাধ্যমে আপনার সাম্প্রতিকতম ঠিকানা বা ফোন নম্বর প্রদান করতে পারেন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠায় “বেকারত্বের পরিষেবা” তে ক্লিক করুন, যা আপনাকে বেকারত্ব বিমার বেনিফিটের অনলাইন পৃষ্ঠায় নিয়ে যাবে। “সাপ্তাহিক বেনিফিটের দাবি করুন” বোতামে ক্লিক করলে সেটি আপনাকে বেনিফিট পেমেন্ট পৃষ্ঠায় আপনাকে নিয়ে যাবে। সেই পৃষ্ঠার “অবিরত করুন” বোতামে ক্লিক করুন, যেটি আপনাকে সাপ্তাহিক বেনিফিটের দাবির পৃষ্ঠায় নিয়ে যাবে। আপনার ঠিকানা এবং/অথবা ফোন নম্বর পরিবর্তন করতে “ঠিকানা/টেলিফোন নম্বর পরিবর্তন করুন” বোতামে ক্লিক করুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনি আমাদেরকে নিরাপদ বার্তা পাঠানোর মাধ্যমে আপনার ঠিকানা আপডেট করতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো”**।

যদি আপনি আর বেনিফিট দাবি না করেন, তাহলে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* ফোন করুন এবং “PIN বা ঠিকানা পরিবর্তনের জন্য” মেনু বিকল্প নির্বাচন করুন, আপনার ঠিকানা ও ফোন নম্বর পরিবর্তনের জন্য।

আপনার বেকারত্ব বিমা বেনিফিটের অর্থপ্রদানের পদ্ধতির জন্য আপনাকে অবশ্যই আপনার ঠিকানা ও ফোন নম্বর আপডেট করতে হবে। ডাইরেক্ট ডিপোজিট ব্যবহারকারীরা, নিজেদের ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করুন। ডেবিট কার্ড ব্যবহারকারীরা, (866) 295-2955 নম্বরে KeyBank গ্রাহক পরিষেবায় যোগাযোগ করুন।

### **আমার নাম পরিবর্তন হলে আমি কি করব?**

আপনাকে অবশ্যই নাম পরিবর্তনের যাচাইকরণ সংক্রান্ত আইনি নথি (যেমন বিয়ের সার্টিফিকেট, বিবাহ-বিচ্ছেদ বা তালাকের প্রত্যায়িত রেকর্ড, প্রত্যায়িত আদালতের আদেশ বা বৈধ, মেয়াদ উত্তীর্ণ হয়নি এমন মার্কিন পাসপোর্ট) এই ঠিকানায় পাঠাতে হবে:

New York State Department of Labor  
PO Box 15130  
Albany, NY 12212-5130

এছাড়াও আপনি আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে নিরাপদ বার্তা পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো”**। আপনার অনুরোধের সঙ্গে আপনার আইনি নথির একটি pdf সংযুক্ত করুন; আমরা PDF ফরম্যাট পছন্দ করি।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনি যখন  
বেনিফিট দাবি  
করেন, তখন  
আপনাকে অবশ্যই  
সক্রিয়ভাবে চাকরির  
খোঁজ করতে হবে।

## 7. চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি?

**আমাকে কি চাকরির খোঁজ করতে হবে?**

হ্যাঁ, আপনি যখন বেনিফিট দাবি করেন তখন আপনাকে অবশ্যই সক্রিয়ভাবে চাকরি খুঁজতে হবে। নিউইয়র্ক স্টেট লেবার আইন অনুসারে, আপনাকে “চাকরি খোঁজার জন্য নিয়মাবদ্ধ ও নিরন্তর প্রচেষ্টা” চালাতে হবে যেমন নিম্নে বর্ণিত হয়েছে। ডিপার্টমেন্ট অফ লেবারের অনুরোধক্রমে, আপনাকে অবশ্যই আপনার চাকরি খোঁজার প্রচেষ্টার প্রমাণ দিতে হবে। **গুরুত্বপূর্ণ: আপনি যদি চাকরি খোঁজার জন্য নিয়মাবদ্ধ ও নিরন্তর প্রচেষ্টা না করেন তাহলে আপনাকে বেনিফিট প্রদান নাও করা হতে পারে, যেমনটি পরবর্তী বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে: “কোন প্রচেষ্টাকে চাকরি খোঁজার নিয়মাবদ্ধ ও নিরন্তর প্রচেষ্টা হিসাবে বিবেচনা করা হয়?”**

**কোন প্রচেষ্টাকে চাকরি খোঁজার নিয়মাবদ্ধ ও নিরন্তর প্রচেষ্টা হিসাবে বিবেচনা করা হয়?**

নিম্নলিখিত **সবগুলি** চাকরি খোঁজার নিয়মাবদ্ধ ও নিরন্তর প্রচেষ্টার অন্তর্ভুক্ত:

- আপনার যদি শ্রম বিভাগ দ্বারা অনুমোদিত কোন চাকরি খোঁজার পরিকল্পনা না থাকে বা আপনি যদি শ্রম বিভাগ দ্বারা আপনার চাকরি খোঁজার প্রয়োজনীয়তা নেই বলে বিবেচিত হয়ে না থাকেন, তাহলে আপনাকে **অবশ্যই প্রতি সপ্তাহে তিনটি চাকরি খোঁজার** কাজ করতে হবে। অনুগ্রহ করে পৃষ্ঠা 26 দেখুন: **“চাকরি খোঁজার একটি পরিকল্পনা কি?”** এবং সেই একই পৃষ্ঠায় **“কাকে চাকরি খোঁজা থেকে অব্যাহতি দেওয়া হয়?”**
- এই **তিনটি কাজকে অবশ্যই সপ্তাহের বিভিন্ন দিনে করতে হবে** এবং **নিম্নে বর্ণিত চাকরি খোঁজার কাজকর্ম 1-5** (নিচে) থেকে কমপক্ষে একটি অন্তর্ভুক্ত হবে এবং **তালিকাভুক্ত নয়টি কাজের মধ্যে থেকে আরও দুটি কাজ হতে হবে।**
- **আপনি যে সপ্তাহে আপনার ক্লেইম ফাইল করেছেন তার পরের সপ্তাহে অবশ্যই আপনার কর্ম সন্ধান শুরু করতে হবে।**

চাকরি খোঁজার কাজে এইগুলি অন্তর্ভুক্ত হতে পারে, কিন্তু এর মধ্যেই সীমিত নয়:

- 1 স্বাণীয় নিউইয়র্ক কেরিয়ার সেন্টারে উপলব্ধ চাকরির সংস্থান ব্যবহার করা, যেমন:
  - কেরিয়ার সেন্টারের উপদেষ্টামন্ডলীর সাথে সাঙ্ঘাত করা;
  - কোন বিশেষ শিল্পক্ষেত্রে বা অঞ্চলে প্রাপ্তিসাধ্য চাকরির ব্যাপারে (চাকরির বাজারের তথ্য) কেরিয়ার সেন্টারের স্টাফের কাছ থেকে তথ্য পাওয়া;
  - আপনার দক্ষতার মূল্যায়ন করতে কেরিয়ার সেন্টারের স্টাফের সাথে কাজ করা এবং কোন সম্ভাব্য কাজ ও চাকরির প্রয়োজনীয়তার সঙ্গে তা মেলাতে ( কাজের প্রয়োজনে দক্ষতার মূল্যায়ন);
  - নির্দেশনামূলক কর্মশালায় (ওয়ার্কশপ) অংশগ্রহণ করা; এবং
  - কেরিয়ার সেন্টার থেকে চাকরির সূত্র ও যোগ্য চাকরির খবর পাওয়া এবং কর্মনিয়োগকারীর সাথে সে ব্যাপারে কথা বলা।
- 2 কোন চাকরির স্থান পরিদর্শন করা এবং চাকরির আবেদন ব্যক্তিগতভাবে পূরণ করা যেখানে যুক্তিসঙ্গতভাবে আশা করা যায় যে তাদের কর্ম সংস্থান আছে।
- 3 এমন কর্মনিয়োগকারীর কাছে কোন পাবলিক নোটিশ বা কর্মখালির বিজ্ঞাপনের উত্তরে চাকরির আবেদন এবং/বা রিজ্যুমে জমা দেওয়া যেখানে যুক্তিসঙ্গতভাবে আশা করা যায় যে তাদের কর্ম সংস্থান আছে।
- 4 চাকরি খোঁজার সেমিনার, কেরিয়ার নেটওয়ার্কিং মিটিং, জব ফেয়ার বা ওয়ার্কশপে অংশ নেওয়া যেখানে চাকরি পাওয়ার জন্য দক্ষতা বৃদ্ধি করতে উপদেশ দেওয়া হয়।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

- 5 সম্ভাব্য কর্মনিয়োগকারীর সাথে ইন্টারভিউতে অংশ নেওয়া।
- 6 পূর্বের কর্মনিয়োগকারী (দের) কে চাকরির জন্য আবেদন করা।
- 7 প্রাইভেট চাকরি সংস্থা, প্লেসমেন্ট পরিষেবা, ইউনিয়নসমূহ এবং স্কুল, কলেজ বা ইউনিভার্সিটি এবং/বা পেশাদারী সংস্থার প্লেসমেন্ট অফিসে নথিভুক্ত করা এবং যাচাই করা।
- 8 চাকরিখোঁজা, কোন সূত্র পাওয়া, কাউকে রেফারেন্স দেওয়ার জন্য অনুরোধ করা চাকরির ইন্টারভিউয়ের জন্য অ্যাপয়েন্টমেন্ট করার জন্য টেলিফোন, বিজনেস ডাইরেক্টরি বা অনলাইন চাকরি খোঁজার ব্যবস্থা করা।
- 9 সরকারি চাকরির জন্য সিভিল সার্ভিস পরীক্ষা(গুলি)র জন্য আবেদন করা এবং পরীক্ষা দেওয়া।

### কোন কাজটিকে আমার চাকরি খোঁজার কাজকর্মের গ্রহণযোগ্য প্রমাণ হিসাবে বিবেচনা করা হয়?

আপনার বেনিফিট দাবি করা প্রতিটি সপ্তাহের জন্য আপনার চাকরি খোঁজার রেকর্ড অনলাইনে বা লিখিতভাবে রাখতে হবে, এবং আমরা চাইলে সেই রেকর্ডের একটি কপি শ্রম বিভাগকে দেওয়ার জন্য আপনাকে প্রস্তুত থাকতে হবে। এই রেকর্ডগুলিতে অবশ্যই যে সব কর্মনিয়োগকারীদের যোগাযোগ করা হয়েছে তাদের তারিখ, নাম, ঠিকানা (মেল, ই-মেল, বা ওয়েব অ্যাড্রেস) এবং টেলিফোন নম্বর, বিশেষ কোন ব্যক্তিকে যোগাযোগের ক্ষেত্রে নাম এবং /বা চাকরির পদ, ব্যবহৃত যোগাযোগের মাধ্যম, আবেদন করা চাকরির পদের নাম বা অন্যান্য চাকরির চেষ্টার (জব ফেয়ার বা ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণ করা) বিবরণ থাকতে হবে। প্রদত্ত যোগাযোগের ব্যক্তিদের সাথে কথা বলে আমরা ফর্ম দেওয়া তথ্য যাচাই করব। আপনি যদি স্তোত্রসারে চাকরি খোঁজার ব্যাপারে আমাদের মিথ্যা তথ্য প্রদান করেন তাহলে জালিয়াতি বলে বিবেচনা করা হবে, এবং আমরা আপনাকে বেকারত্ব বিমা বেনিফিট দিতে অস্বীকার করতে পারি।

আপনি যদি আপনার রেকর্ড অনলাইনে রাখতে চান, তাহলে আমরা সুপারিশ করি যে আপনি আমাদের জবজোন (JobZone) ওয়েবসাইট ব্যবহার করুন। এটি এমন একটি স্থান আপনাকে প্রদান করে যেখানে নিরাপদ ইলেক্ট্রনিক ফাইলে আপনি আপনার তথ্য সুরক্ষিত ভাবে আপডেট করতে পারবেন ও সংরক্ষণ করতে পারবেন: যা আগুন, চুরি, দুর্ঘটনাজনিত ক্ষতি হওয়া থেকে নিরাপদ। আপনার জবজোন অ্যাকাউন্টে প্রবেশ করার জন্য, আপনার সাম্প্রতিক বেনিফিট অনলাইনে বা [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ গিয়ে দাবি করার সময়ে আপনাকে প্রদত্ত জবজোন-এ চাকরির সন্ধানের রেকর্ডের লিঙ্কে শুধু ক্লিক করুন। যদি ইতিমধ্যেই আপনার অনলাইন বেকারত্ব বিমার অ্যাকাউন্ট থাকে তাহলে, আপনার জবজোন অ্যাকাউন্ট থাকে। আপনার অ্যাকাউন্ট তৈরীর ব্যাপারে কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে যোগাযোগ করুন।

আপনি যদি জবজোন-এ চাকরির সন্ধানের রেকর্ডের লিঙ্ক ব্যবহার না করেন, তাহলে আমাদের সুপারিশ এই যে আপনি এই হ্যান্ডবুক দেওয়া ওয়ার্ক সার্চ রেকর্ড ফর্ম-এ প্রতি সপ্তাহে আপনার চাকরি সন্ধানের কাজের রেকর্ড রাখুন। ওয়ার্ক সার্চ রেকর্ড ফর্ম-এর পরিবর্তে আপনি একই প্রকার অন্য রেকর্ড রাখতে পারেন যদি তাতে প্রয়োজনীয় সকল তথ্য থাকে। আপনি লিখিত যেকোন ফর্ম্যাটই ব্যবহার করুন না কেন, সহায়ক নথি অবশ্যই যুক্ত করুন। উদাহরণস্বরূপ, আপনি যদি অনলাইনে কোন চাকরির আবেদন করেন, তাহলে আপনার আবেদনের একটি কপি বা কর্মনিয়োগকারীর দ্বারা প্রদত্ত প্রাপ্তিস্বীকারের একটি কপি প্রিন্ট করুন। আপনি যদি ই-মেলের মাধ্যমে রিজ্যুমে বা আবেদন পাঠিয়ে থাকেন, তাহলে সমস্ত চিঠিপত্রের কপি প্রিন্ট করে রাখুন। আপনার পাঠানো ই-মেলের লগ বা কর্মনিয়োগকারীর দ্বারা প্রদত্ত রিজ্যুমে বা আবেদনের প্রাপ্তিস্বীকারের কপিও রাখা উচিত। নথিসমূহের অন্যান্য উদাহরণ হল অনলাইনে চাকরি খোঁজার প্রিন্ট, জব ফেয়ারে আসা কর্মনিয়োগকারীদের তালিকা, সম্ভাব্য কর্মনিয়োগকারীর বিজনেস কার্ড, ইত্যাদি।

আপনার বেনিফিট দাবি করা প্রতিটি সপ্তাহের জন্য আপনার চাকরি খোঁজার রেকর্ড অনলাইনে বা লিখিতভাবে রাখতে হবে, এবং আমরা চাইলে সেই রেকর্ডের একটি কপি ডিপার্টমেন্ট অফ লেবারকে দেওয়ার জন্য আপনাকে প্রস্তুত থাকতে হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনি আরও ওয়ার্ক সার্চ রেকর্ড ফর্ম একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে, অনলাইনে [www.labor.ny.gov](http://www.labor.ny.gov)-এ বা এই হ্যান্ডবুকের পেছনে পেতে পারেন।

### **আমার চাকরি খোঁজার রেকর্ডগুলিকে কতদিন অবশ্যই রেখে দেওয়া উচিত?**

আপনি যদি জবজোন -এ চাকরি খোঁজার রেকর্ড না রেখে থাকেন, তাহলে আপনার লিখিত ওয়ার্ক সার্চ রেকর্ড-এর কপি এক বছরের জন্য রাখুন। আমরা যদি রেকর্ড দেখতে চাই, তাহলে অবশ্যই আপনি কপিগুলি দেবেন। আমরা আপনাকে না বললে আপনি ডিপার্টমেন্ট অফ লেবারে আপনার ওয়ার্ক সার্চ রেকর্ড পাঠাবেন না। **আমরা চাকরি সন্ধানের রেকর্ডগুলিকে এলোপাথাড়িভাবে পরীক্ষা করি।** যদি আমাদের অডিটে দেখা যায় যে আপনি চাকরি খোঁজার প্রয়োজনীয়তা পূরণ করছেন না, তাহলে বেনিফিট প্রদান অস্বীকার করা হবে এবং অর্থ ফেরত দিতে হতে পারে।

### **চাকরি খোঁজার একটি পরিকল্পনা কি?**

চাকরি খোঁজার পরিকল্পনা হল নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে আপনার এবং আপনার ওয়ার্কফোর্স অ্যাডভাইজার এর সমন্বয়ে তৈরী ও স্বাক্ষরিত একটি বিধিবদ্ধ চুক্তি। প্রত্যেককে চাকরি খোঁজার কোন বিধিবদ্ধ চুক্তি করতে হবে না। আপনি ঠিক কি প্রকার কাজ খুঁজছেন, আপনি চাকরি খোঁজার জন্য কি প্রকার কাজ করবেন এবং কতবার তা করবেন, এবং আপনাকে যদি চাকরি দেওয়া হয় তাহলে কী পারিশ্রমিক চাইছেন ও স্বীকার করবেন সে সম্বন্ধে এই চুক্তিগুলি লিখিতভাবে জানায়। আপনার চাকরি খোঁজার উপরে প্রভাব ফেলতে পারে এমন সীমাবদ্ধতা বা নিয়ন্ত্রণগুলিকেও এই পরিকল্পনাটি উদ্দেশ্য করবে। আপনাকে একটি চাকরি খোঁজার পরিকল্পনা তৈরী করতে হবে যদি আমরা দেখি যে আপনার বর্তমান চাকরি খোঁজার প্রচেষ্টা যথোপযুক্ত নয়, যদি ফেডারেল প্রয়োজনীয়তা অনুযায়ী আপনাকে তা করতে হয় বা তা করতে আপনি একটি অনুরোধ করেন।

### **কাকে চাকরি খোঁজা থেকে অব্যাহতি দেওয়া হয়?**

যেহেতু আপনি দাবির আবেদন করেছেন তাই আপনি চাকরি খোঁজা থেকে অব্যাহতি পাবেন কি না তা শ্রম বিভাগ আপনাকে জানাবে। আপনি অব্যাহতি প্রাপ্ত কিনা সেই বিষয়ে একজন ক্যারিয়ার সেন্টারের কর্মী সদস্যও আপনাকে বলতে পারবেন। আপনি চাকরি খোঁজা থেকে অব্যাহতিকে পাবেন যদি আপনি:

- অস্থায়ীভাবে চাকরি থেকে ছাড়ানো বা মরসুম অনুযায়ী চাকরিতে নিয়োজিত এবং চার সপ্তাহ বা তার কম সময়ে আপনার চাকরিতে ফেরত যাওয়ার নির্দিষ্ট তারিখ থাকে।
- ইউনিয়নের একজন সদস্য যাকে ইউনিয়নের হায়ারিং হল থেকে চাকরি পেতে হবে। আপনাকে ইউনিয়নের সদস্যপদ এবং চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি অবশ্যই মেনে চলতে হবে।
- ডিপার্টমেন্ট অফ লেবার দ্বারা অনুমোদিত প্রশিক্ষণ প্রোগ্রামে অংশ নেওয়া, উদাহরণস্বরূপ, নিউ ইয়র্ক স্টেট লেবার আইন §599-এ যেমন অনুমোদিত হয়েছে।
- কোন বিচারকমন্ডলীতে সদস্য হওয়া।
- ডিপার্টমেন্ট অফ লেবার দ্বারা অনুমোদিত কোন অংশীদারি প্রোগ্রাম -এ অংশ নেওয়া।
- শ্রম বিভাগ দ্বারা অনুমোদিত কোন স্ব-নিযুক্তি সহায়তা প্রোগ্রাম -এ অংশ নেওয়া।
- স্টেট বা ফেডারেল আইনের দ্বারা অব্যাহতি প্রাপ্ত হলে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



### আমাকে কোন ধরনের চাকরিগুলির খোঁজে থাকতে হবে? কম মজুরির কারণে আমি কি চাকুরি প্রত্যাখ্যান করতে পারি?

আপনি আপনার বেকরস্ব বিমা বেনিফিট সংগ্রহ করার সময় আপনাকে আপনার জন্য “প্রযোজ্য কাজ” অবশ্যই খুঁজতে বা গ্রহণ করতে হবে। প্রযোজ্য কাজ হল কাজ যা আপনি আপনার আগের প্রশিক্ষণ এবং অভিজ্ঞতার মাধ্যমে করতে পারবেন।

**আপনি প্রথম সম্পূর্ণ যে 10টি সপ্তাহের জন্য বেকারস্বের বিমা বেনিফিট পান,** প্রযোজ্য কাজ মানে হল আপনার অতি সাম্প্রতিক পেশার ভিত্তিতে আপনি করতে পারবেন এমন কোনো কাজ।

বেকারস্ব বিমার বন্ধ করা পারিশ্রমিক কাকে বলা হয় তা জানা ও বোঝা খুব গুরুত্বপূর্ণ। বেকারস্ব বিমার বন্ধ করা পারিশ্রমিক হল 10% যা প্রদত্ত পেশার জন্য বেকারস্ব বিমার সুবিধায়ুক্ত পারিশ্রমিকের কম। আপনি আমাদের ওয়েবসাইট <http://www.labor.ny.gov/stats/uiwages.shtm> এ বা একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারের কর্মীদের থেকে জানতে পারেন যে একটি নির্দিষ্ট পেশার ক্ষেত্রে বেকারস্ব বিমার চলতি পারিশ্রমিক ও বেকারস্ব বিমা বন্ধ করার পারিশ্রমিক কত।

যদি আপনাকে এমন কোনো চাকরি প্রস্তাব দেওয়া হয় যেখানে আপনাকে আপনার অতি সাম্প্রতিক পেশার মধ্যে অন্তত বেকারস্ব বিমার বন্ধ করা পারিশ্রমিক দেওয়া হয়, তাহলে আপনাকে অবশ্যই তা গ্রহণ করতে হবে অথবা আপনার বেনিফিট হারানোর ঝুঁকি নিতে হবে। যদি আপনাকে এমন কোনো চাকরির প্রস্তাব দেওয়া হয় যেখানে অন্তত বেকারস্ব বিমার বন্ধ করা পারিশ্রমিক দেওয়া হচ্ছে না, সেটি আপনি সুবিধায়ুক্ত পারিশ্রমিকের কারণ দেখিয়ে প্রত্যাখ্যান করতে পারেন। তবে, যদি আপনি কোনো চাকরি প্রত্যাখ্যান করেন, এমনকি সেটা যদি চলতি পারিশ্রমিকের প্রয়োজনীয়তা পূরণ না করে কিংবা আপনি এটিকে উপযুক্ত বলে মনে না করেন, তাহলেও **আপনাকে অবশ্যই শ্রমবিভাগকে** আপনার সাপ্তাহিক প্রত্যয়নে তা জানাতে হবে। যে সপ্তাহে আপনি প্রত্যাখ্যানের সিদ্ধান্ত নেবেন সেই সপ্তাহেই আপনাকে জানাতে হবে, যেদিন কাজ শুরু হবে সেদিন জানালে হবে না।

**আপনি প্রথম সম্পূর্ণ যে 10টি সপ্তাহের জন্য বেকারস্বের বিমা বেনিফিট পেয়েছেন তারপর,** আপনি করতে সক্ষম এমন যে কোনো কাজ অন্তর্ভুক্ত করতে প্রযোজ্য কাজ বিবেচনা করা হয় তার মধ্যে সম্প্রসারিত হবে, এমনকি সেই কাজের আপনার অভিজ্ঞতা বা প্রশিক্ষণ না থাকলেও। আপনি 10 সপ্তাহের জন্য বেকারস্বের বিমা বেনিফিট পাওয়ার পর কোনো কাজের প্রস্তাব পেলে, আপনাকে অবশ্যই তা গ্রহণ করতে হবে:

- আপনি কাজটি করতে সক্ষম;
- এটি আপনার উচ্চ কোয়ার্টারের বেস সময়সীমার অন্তত 80% পারিশ্রমিক প্রদান করবে; এবং
- এইসব কাজের জন্যে এটি অন্তত বেকারস্ব বিমার বন্ধ করা পারিশ্রমিক প্রদান করবে।

**আপনি বেকারস্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার জন্য অযোগ্য বিবেচিত হবেন যদি:**

- আপনি এমন একটা চাকরি প্রত্যাখ্যান করে যা আপনি 10 সপ্তাহের বেনিফিট পাওয়ার পরে ওপরের তিনটি শর্ত পূরণ করে।
- আপনি কোনো চাকরির প্রস্তাবে উত্তর না দেন (এটা চাকরি প্রত্যাখ্যান করার সমান)।

### উপরে উল্লিখিত প্রশ্নে ব্যাখ্যা করা মজুরি আবশ্যিকতা পূরণ করছে, কিন্তু একই কাজের জন্য কম বেনিফিটের অফার করা হয়েছে এমন কাজ আমি প্রত্যাখ্যান করলে কি হবে?

আপনি যে কোনো সময় কাজের প্রস্তাব প্রত্যাখ্যান করতে পারেন, শ্রমবিভাগ অবশ্যই পরিস্থিতি পর্যালোচনা করবে। কিছু কিছু ক্ষেত্রে, আপনি বেকারস্ব বিমা বেনিফিট পাওয়া চালিয়ে যেতে পারেন, যদি না কাজের জন্য প্রান্তিক বেনিফিটের কম মূল্য বা অভাবের জন্য ক্ষতিপূরণ দিতে বেশী পারিশ্রমিকের প্রস্তাব দেয়। যদি আপনি কোনো প্রান্তিক বেনিফিটের জন্য কাজ প্রত্যাখ্যান করেন তাহলে অতিরিক্ত তথ্য দেওয়ার জন্য প্রস্তুত থাকুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

### আমাকে কত দূরত্ব পর্যন্ত চাকরি খুঁজতে হবে?

কাজ পাওয়ার জন্য আপনাকে অবশ্যই যুক্তিসঙ্গত দূরত্ব যেতে ইচ্ছুক হতে হবে। সাধারণভাবে, যুক্তিসঙ্গত দূরত্ব হল এমন দূরত্ব যা অতিক্রম করতে প্রাইভেট ট্রান্সপোর্টে এক ঘন্টা বা পাবলিক ট্রান্সপোর্টে দেড় ঘন্টা লাগে।

### নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারসমূহ

আরও শীঘ্র চাকরি খুঁজে পেতে আমাদের নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারগুলি আপনাকে সাহায্য করবে। নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) এ যান অথবা আমাদের যোগাযোগ কেন্দ্র (888) 4 NYS DOL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন। প্রদত্ত পরিষেবাগুলির মধ্যে আছে:

- রিজ্যুমে লেখা এবং ইন্টারভিউ দক্ষতা;
- কেরিয়ারের উপদেশ এবং নির্দেশ;
- আপনি কোন চাকরির জন্য যোগ্য কি না তা নির্ণয় করায় সাহায্য করার জন্য দক্ষতার মূল্যায়ন;
- চাকরি-খোঁজার ওয়ার্কশপ;
- কোন বিশেষ অঞ্চলে বা শিল্পক্ষেত্রে প্রাতিসাধ্য চাকরির তথ্য (চাকরির বাজারের তথ্য);
- চাকরির সুপারিশ; এবং
- উপযুক্ত হলে, প্রশিক্ষণের সুযোগ এবং প্রশিক্ষণ পেতে সুপারিশ সম্বন্ধে তথ্য।

### চাকরি খোঁজার বাধ্যতামূলক মিটিংগুলি

আপনাকে নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে ব্যক্তিগতভাবে সাক্ষাত করতে হতে পারে। যদি তা হয়, তাহলে আপনাকে সাক্ষাতকারের তারিখ, সময় এবং স্থান জানিয়ে একটি চিঠি পাঠানো হবে। আপনি যদি ঐ সাক্ষাতকারে উপস্থিত থাকতে না পারেন, তাহলে ঐ সাক্ষাতকার পরিবর্তন করতে যত শীঘ্র সম্ভব নিউইয়র্ক কেরিয়ার সেন্টারে ফোন করুন। যখন আপনি ফোন করে যোগাযোগ করতে পারবেন না তখন ফিরতি কল দেওয়ার অনুরোধ করে বার্তা দেওয়া আবশ্যিক, কেউ না কেউ আপনাকে 24 ঘন্টার মধ্যে কল করবে। বার্তার দেওয়ার 24 ঘন্টার মধ্যে যদি আপনাকে কেউ কল না করে থাকে তাহলে অনুগ্রহ করে আপনার অনলাইন অ্যাকাউন্ট থেকে আমাদেরকে নিরাপদ বার্তা পাঠান। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: “**পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো**”।

এই সাক্ষাতকারগুলির উদ্দেশ্য হল আরও শীঘ্র চাকরি খুঁজে পেতে আপনাকে সাহায্য করা। উদাহরণস্বরূপ, আমরা চাকরি খোঁজার একটি লিখিত পরিকল্পনা তৈরি করতে আপনাকে সাহায্য করতে পারি যা আপনার বিশেষ প্রয়োজনীয়তার দিকে দৃষ্টি রাখবে। যদি আপনার সমস্ত বেনিফিট শেষ হওয়ার সম্ভাবনা দেখা দেয়, তাহলে আপনার হ্রত অন্য প্রোগ্রামে অংশ নেওয়ার প্রয়োজন হবে। এই মিটিং বা প্রোগ্রামগুলি কোথায় এবং কখন হবে তা আমরা আপনাকে জানাব।

### আমি আমার চাকরি খোঁজার মিটিং মিস করলে কি হবে?

আপনি যদি আপনার কাজের অনুসন্ধান সাক্ষাতকারে না যান বা চিঠির উত্তর না দেন, তাহলে অবিলম্বে আপনার বেনিফিট বন্ধ করে দেওয়া হবে। আপনি যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট-এ হাজির না থাকেন, তাহলে আপনাকে আপনার অ্যাপয়েন্টমেন্ট-এর বিস্তৃতিতে তালিকাভুক্ত নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে অবিলম্বে ব্যক্তিগতভাবে যেতে হবে, সোমবার থেকে শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 টার মধ্যে তাদের কাজের সময়ে। আপনার কোনো অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই। টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করবেন না,\* কেন না আপনি চাকুরি কেন্দ্রে না যাওয়া পর্যন্ত তারা সাহায্য করতে পারবে না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

বেকারস্ব বিমা  
বেনিফিট পাওয়ার  
যোগ্য হতে আপনাকে  
অবশ্যই কাজ করার  
জন্য শারীরিকভাবে  
সক্ষম হতে হবে।

আপনি কেরিয়ার সেন্টারে সাক্ষাত করার পরে আপনাকে একটি অনলাইন প্রশ্নমালা সম্পূর্ণ করতে নির্দেশ দেওয়া হবে। দ্রুত পর্যালোচনার জন্য অথবা 48 ঘন্টার ভিতরে কেরিয়ার সেন্টারে এই অনলাইন প্রশ্নমালাটি সম্পূর্ণ করুন। যে সপ্তাহগুলি আটকে রাখা হয়েছিল সেই সময়ের জন্য আপনি বেনিফিট পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণ করার জন্য আমরা প্রশ্নমালাটি পর্যালোচনা করব।

আপনি অ্যাপয়েন্টমেন্ট-এ হাজির না থাকার সপ্তাহ থেকে শুরু করে কেরিয়ার সেন্টারে রিপোর্ট করার সপ্তাহ পর্যন্ত আপনার বেনিফিটগুলি আটকে রাখা হবে। আমরা যদি দেখি যে আপনি অ্যাপয়েন্টমেন্ট-এ হাজির না থাকার কোনো উপযুক্ত কারণ ছিল না, তাহলে আপনি আটকে রাখা সপ্তাহগুলির জন্য অর্থ পাওয়ার যোগ্য হবেন না। **দ্রষ্টব্য:** ভবিষ্যতের শুরুর তারিখ সহ একটি চাকরির প্রস্তাব স্বীকার করা হলে, তা অ্যাপয়েন্টমেন্ট-এ হাজির না থাকার উপযুক্ত কারণ নয়।

### আমি যদি চাকরি খুঁজতে বা গ্রহণ করতে শারীরিকভাবে অসমর্থ হই তাহলে কি হবে?

বেকারস্ব বিমা বেনিফিট পাওয়ার যোগ্য হতে আপনাকে অবশ্যই কাজ করার জন্য শারীরিকভাবে সক্ষম হতে হবে।

বেকারস্ব বিমা বেনিফিটগুলি গ্রহণ করার সময়ে আপনি যদি অসুস্থ বা অক্ষম হয়ে পড়েন বা অন্যান্য কারণে অস্থায়ীভাবে চাকরি খুঁজতে বা গ্রহণ করতে না পারেন, এবং বেনিফিটগুলির জন্য আপনার যোগ্যতা সম্বন্ধে আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে অবিলম্বে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* ফোন করুন। আপনি পুনরায় কাজ করতে সক্ষম হয়ে উঠলে আপনি আবার বেনিফিট গ্রহণ করা চালিয়ে যাওয়ার যোগ্যতা অর্জন করতে পারেন। আপনি যে দিন কাজ করতে সক্ষম হন নি, সেই দিনের জন্য কোন বেনিফিট দাবি করবেন না। যদি আপনার কাজ করার কথা থাকে কিন্তু আপনি কোনো অসুস্থতার কারণে কাজে না যান, তাহলে বেনিফিটগুলির জন্য প্রত্যয়ন করার সময় আপনাকে অবশ্যই জানাতে হবে যে আপনি সেই দিন কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ ছিলেন না। আপনি যদি সেই সপ্তাহে চারদিনের থেকে কম সময়ের জন্য কাজ করতে সক্ষম না হন, তাহলে আপনি সেই সপ্তাহের জন্য আংশিক বেনিফিট গ্রহণ করতে পারেন।

অনুগ্রহ করে পৃষ্ঠা 19 দেখুন: “আমি আংশিক-সময়ে (পার্ট-টাইম) কাজ করলে কি হবে?”

### আমি যদি জুরির কর্তব্য করার ডাক পাওয়ার কারণে চাকরি খুঁজতে বা গ্রহণ করতে অসমর্থ হই তাহলে কি হবে?

আপনি যদি জুরির কর্তব্য করার ডাক পান, তাহলে আপনাকে বেনিফিট দিতে অস্বীকার করা হবে না। আপনাকে যদি ইউনাইটেড স্টেটস বা এর কোন স্টেটের জন্য কোন বড় বা ছোট জুরির কাজে ডাকা হয় তাহলে এটি সত্যি। জুরির কর্তব্য করার সময়ে আপনি কাজ করার জন্য তৈরী, ইচ্ছুক এবং সক্ষম বলে বিবেচিত হবেন। তাছাড়া, আপনার যে সপ্তাহে জুরির কর্তব্য থাকে সেই সপ্তাহের জন্য আপনাকে চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে না। আরো তথ্যের জন্য টেলিফোন ক্লেইম সেন্টার\*-এ যোগাযোগ করুন।

### গর্ভধারণ কি আমার বেনিফিটগুলির উপরে প্রভাব ফেলবে?

ফেডারেল ও স্টেটের আইনানুসারে, গর্ভবতী হওয়ার কারণে আপনি বেকারস্ব বিমার বেনিফিট প্রত্যাখ্যান করতে পারবেন না। শ্রমবিভাগ গর্ভধারণের উপর ভিত্তি করে বৈষম্য করতে পারবেন না। তবে, সমস্ত দাবিদারের উপর প্রযোজ্য একই যোগ্যতার নিয়মও গর্ভবতী দাবিদারদের উপর প্রযোজ্য; তাদেরকে কাজ করার জন্য উপলভ্য থাকতে হবে, তাদেরকে শারীরিকভাবে কাজ করতে সমর্থ হতে হবে এবং কাজ খুঁজতে হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনার গর্ভধারণ সম্বন্ধে আমাদের জানানোর কোন প্রয়োজন নেই **যতক্ষণ না তা আপনার কাজ করার সক্ষমতার উপরে প্রভাব ফেলছে**। যদি আপনি গর্ভধারণের স্বাস্থ্য সমস্যা বা প্রসবের কারণে কাজ করতে না পারেন, তাহলে আপনি সেইসব দিন বা সপ্তাহের বেকরছ বিমার বেনিফিটের দাবি করতে পারবেন না। উদাহরণস্বরূপ, প্রসবের জন্য হাসপাতালে ভর্তি হলে আপনার কাজ করার ক্ষমতা ক্ষতিগ্রস্ত হবে। হাসপাতালে ভর্তি থাকার সময়ের বা কাজ করতে না পারার বেনিফিট আপনি দাবি করতে পারবেন না। আপনার বেনিফিট পাওয়া শুরু হওয়ার আগে, আপনি হাসপাতালে ভর্তি থাকার পরে কাজ করতে সক্ষম এমন কাগজপত্র দেখাতে হবে (অন্য যে কোনো কারণে হাসপাতালে ভর্তি থাকলে, আপনাকে অবশ্যই সুস্থতার ছাড়পত্র দিতে হবে)।

কখনও কখনও কোনো নিয়োগকর্তা টেলিফোন ক্লেইমস সেন্টারকে\* বলতে পারে যে দাবিদার কাজ ছেড়ে দিয়েছে, অনুপস্থিত ছুটি নিয়েছে বা গর্ভবতীর কারণে ছাড়িয়ে দেওয়া হয়েছে। আমাদেরকে অবশ্যই সেই তথ্য আপনার সঙ্গে যাচাই করতে হবে। তবে, আপনি যদি আপনার শেষ চাকরি স্বেচ্ছায় ছেড়ে দিয়ে থাকেন, এমনকি আপনি কাজ করার জন্য শারীরিকভাবে সক্ষম হওয়া সত্ত্বেও, তাহলে আপনি বেনিফিট পাওয়ার যোগ্য হতে নাও পারেন।

## ৪. অতিরিক্ত অর্থপ্রদান বা জালিয়াতি

### অতিরিক্ত অর্থপ্রদান বলতে কি বোঝায়?

একটি অতিরিক্ত অর্থপ্রদান ঘটে যখন আপনি এমন বেকারছ বিমা বেনিফিট পান যা পাওয়ার যোগ্যতা আপনার নেই। এটি একাধিক কারণে ঘটতে পারে; উদাহরণস্বরূপ: সাপ্তাহিক বেনিফিট দাবি করার সময়ে আপনি একটি ভুল করেছেন; আপনি কাজ করার জন্য তৈরী, ইচ্ছুক এবং সক্ষম ছিলেন না; একটি সপ্তাহ বা কয়েক সপ্তাহের জন্য চাকরি খোঁজার প্রয়োজনীয় কাজকর্ম আপনি করেন নি বা ক্লেইম ফাইল করার সময়ে বা সাপ্তাহিক বেনিফিট দাবি করার সময়ে জেনেশুনে আপনি আমাদের মিথ্যা বা ভুলপথে চালনাকারী তথ্য দিয়েছেন।

### আমি যদি অতিরিক্ত অর্থপ্রদান সংক্রান্ত কোন হিসাব পাই তাহলে কি হবে?

আপনাকে যদি অতিরিক্ত অর্থপ্রদান করা হয়ে থাকে, তাহলে আপনি মেলের মাধ্যমে হিসাবের নোটিশ পাবেন। এই বিজ্ঞপ্তিতে ওভারপেমেন্টের পরিমাণ এবং কিভাবে তা ফেরত দিতে হবে তা জানতে পারবেন। বিজ্ঞপ্তিটিতে এও ব্যাখ্যা করা থাকবে যে কিভাবে ওভারপেমেন্ট হয়েছে এবং কিভাবে তা ফেরত দিতে হবে।

যদি আপনি ওভারপেমেন্টের নির্ধারণ পত্র পান, তাহলে আপনাকে বিজ্ঞপ্তিতে থাকা অর্থ ফেরতের নির্দেশ অনুসরণ করতে হবে। আপনি যদি ঐ অতিরিক্ত অর্থপ্রদান নির্ধারণ বিষয়টি অস্বীকার করেন, তাহলে শুনানির জন্য অনুরোধ করার অধিকার আপনার আছে। অনুগ্রহ করে পৃষ্ঠা 32 - 36 দেখুন: **“শুনানি এবং আপিল প্রক্রিয়া”** সংক্রান্ত আরো তথ্যের জন্য।

### ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বলতে কি বোঝায়?

ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান হয় যখন আপনি **জ্ঞাতসারে** এবং **উদ্দেশ্যপ্রণোদিতভাবে** বেকারছ বিমার বেনিফিট নেওয়ার জন্য মিথ্যা তথ্য প্রদান করেন। ইচ্ছাকৃতভাবে এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে কোন তথ্য গোপন রাখাও এর অন্তর্ভুক্ত। **গুরুত্বপূর্ণ: ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান জালিয়াতি।** বেনিফিট নেওয়ার জন্য আপনি যদি ইচ্ছাকৃতভাবে মিথ্যা বলেন বা ভুল তথ্য প্রদান করেন, তাহলে আপনাকে:

- অতিরিক্ত অর্থ ফেরত দিতে হতে পারে;
- “বাজেয়াপ্ত দিনগুলি” বা যে ভবিষ্যতের দিনগুলির জন্য আপনি বেকারছ বিমা বেনিফিট পাবেন না সেগুলির মূল্যায়ন করা হতে পারে; এবং
- \$100 বা আপনার সমস্ত অতিরিক্ত বেনিফিট অর্থের 15 শতাংশ (যেটি বেশী হবে), এর মধ্যে যেটি বেশি তা সাজা হিসাবে দিতে হতে পারে।

বেনিফিট পাওয়ার জন্য আপনি যদি ইচ্ছাকৃতভাবে মিথ্যা তথ্য প্রদান করেন বা উপস্থাপনা করেন, তাহলে আপনার \$100 বা অতিরিক্ত প্রদত্ত বেনিফিটের মোট অর্থের 15 শতাংশ, দুটির মধ্যে যেটি বেশি সেই পরিমাণ আর্থিক জরিমানা হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

এমনকি আপনি যদি  
বেনিফিট না পান,  
তাহলেও প্রতি সপ্তাহে  
যখন আপনি  
চাকরিহীন হয়ে  
ছিলেন বা চারদিনের  
কম কাজ করছিলেন  
এবং/বা বেনিফিটের  
সর্বোচ্চ অর্থের থেকে  
কম আয় করছিলেন  
সেই সময়কালের  
সাপ্তাহিক বেনিফিট  
আপনি অবশ্যই দাবি  
করবেন।

### যদি আমি ওভারপেমেন্ট ফেরত বা আর্থিক জরিমানা না দিই তাহলে কি হবে?

আপনি জালিয়াতি করে যে অতিরিক্ত বেনিফিট পেয়েছেন তা আপনি যদি ফেরত না দেন, তাহলে ডিপার্টমেন্ট অফ লেবার ঐ অতিরিক্ত অর্থ ফেরত পেতে আপনার বিরুদ্ধে একটি রায় পেতে পারে।

ডিপার্টমেন্ট অফ লেবার-কে তথ্য না দিয়ে গোপন করে বা মিথ্যা তথ্য প্রদান করে আপনি যে বেনিফিট পেয়েছেন তা ফেরত না দেওয়ার ফলস্বরূপ ডিপার্টমেন্ট অফ লেবার আপনার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার জন্য কেস ফাইল করতে পারে। একবার তা হলে, বিচারের একটি রায় আপনার বিরুদ্ধে 20 বছরের জন্য ব্যবহার করা যেতে পারে, এবং আপনার অর্থ নিয়ে নেওয়া হতে পারে, যার মধ্যে আপনাকে প্রদত্ত অর্থের চেক এবং/বা ব্যাঙ্ক অ্যাকাউন্টের একটি অংশও থাকতে পারে। এছাড়াও, বিচারের রায় আপনার ক্রেডিট স্কোরের ক্ষতি করতে পারে এবং কোন বাসা ভাড়া করা, কোন চাকরি খোঁজা বা ঋণ নেওয়ায় ক্ষেত্রে আপনার সক্ষমতার উপরে প্রভাব ফেলতে পারে।

নিউ ইয়র্ক স্টেট-এ “ক্ষতিপূরণ পাওয়ার অধিকার” নামক ব্যবস্থাটিও আছে। আপনাকে বেনিফিটের যে অতিরিক্ত অর্থ প্রদান করা হয়েছিল তা যদি আপনি ফেরত না দেন, তাহলে আমরা কোনো অর্থপ্রদানের অর্থ বাজেয়াপ্ত করতে পারি যা নিউ ইয়র্ক স্টেট-এর আপনার কাছে পাওনা আছে। বেকারত্ব বিমার বেনিফিট, চুক্তির অর্থপ্রদান, স্টেটের করের অর্থ পরিশোধ এবং অন্যান্য অর্থপ্রদানগুলি এর অন্তর্ভুক্ত। আপনার কাছে আমাদের কোনো অর্থ পাওনা থাকলে সেটি সংগ্রহের জন্য আমরা ফেডেরাল (IRS) কর পরিশোধ এবং অর্থপ্রদানের অর্থও বাজেয়াপ্ত করতে পারি।

### অন্য কোনো স্টেট বা ফেডারেল কার্যক্রমের দ্বারা অতিরিক্ত অর্থপ্রদান

আপনি অন্য কোনো স্টেট বা ফেডারেল কার্যক্রমের দ্বারা অতিরিক্ত যে অর্থ পাওয়া উচিত নয় তা পেয়ে থাকলে, সেই ফেরতযোগ্য অর্থ ডিপার্টমেন্ট অফ লেবার অবশ্যই আপনার বেকারত্ব বিমা বেনিফিটের থেকে কেটে নেবে।

## 9. আমি যখন চাকরিতে ফিরে আসি তখন আমার কি করা উচিত?

### আমি যখন পূর্ণ-সময়ের চাকরিতে ফিরে আসি তখন আমার কি করা উচিত?

আপনি যখন চাকরি পাবেন, তখন আপনার শেষ চাকরিহীন দিনগুলির জন্য ক্রেডিট দাবি করা উচিত। তারপর, স্বাভাবিকভাবে বেনিফিট দাবি করা বন্ধ করুন।

### আবার একটি বিরতির পরে আমি কিভাবে আবার বেনিফিটগুলি পেতে পারি?

যদি তিনটির সমস্ত শর্ত আপনার উপর প্রযোজ্য হয়:

- আপনার বেনিফিটের বছর শেষ হয়নি;
- আপনি 104 দিনের বেনিফিট পাননি (পূর্ণ 26 সপ্তাহের বেনিফিট); এবং
- আপনি বেনিফিট দাবি করার পর থেকে অন্তত এক সপ্তাহ হয়েছে;

আপনি আবার বেনিফিটের দাবি করতে পারেন। যদি বেনিফিটগুলি দাবি করার জন্য আপনার সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে পৃষ্ঠা 16-23 দেখুন: **“আমি কিভাবে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করব?”**

আপনি যদি না জানেন যে আপনার বেনিফিট কখন সমাপ্ত হয়, তাহলে আপনি আপনার আর্থিক সুবিধা নির্ধারণে অথবা [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে তা পেতে পারেন।

**গুরুত্বপূর্ণ:** আবার আপনি বেনিফিট দাবি করার পর, আপনি কতদিন বেনিফিট দাবি করেননি তা সম্পর্কে জানতে চেয়ে আপনার কাছে ডাকযোগে একটি ফর্ম পাঠানো হবে। এই ফর্মটি সম্পূর্ণভাবে পূরণ করা এবং সেটিকে উপরে উল্লিখিত ঠিকানায় যত দ্রুত সম্ভব ফেরত পাঠানো **খুব গুরুত্বপূর্ণ**। আপনি সম্পূর্ণভাবে ফর্ম পূরণ না করলে বা আপনি অবিলম্বে না ফেরত পাঠালে, শ্রমবিভাগ অনুরোধকৃত তথ্য না পাওয়া অবধি আপনার বেনিফিট আটকে দিতে পারে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



## 10. শুনানি এবং আপিল প্রক্রিয়া

### আমি কি আমার দাবির ব্যাপারে সিদ্ধান্তগ্রহণের জন্য আপিল করতে পারি?

বেকারত্বের বিমা প্রোগ্রামের উদ্দেশ্যসমূহের জন্য, সিদ্ধান্তগ্রহণ হল আপনার দাবি সংক্রান্ত বিষয়ে শ্রম বিভাগের সিদ্ধান্তের আনুষ্ঠানিক নাম। আমাদের থেকে “সিদ্ধান্তগ্রহণ” শিরোনাম দেওয়া কোনো বিজ্ঞপ্তি পেলে সেটিকে পড়া, বোঝা এবং রেখে দেওয়া গুরুত্বপূর্ণ।

আপনি যদি ঐ অতিরিক্ত অর্থপ্রদান বিষয়টিতে সহমত না হন যা আপনাকে বেনিফিট দিতে অস্বীকার করে বা আপনার বেনিফিট অর্থের রাশির উপরে প্রভাব ফেলে, তাহলে একটি শুনানির জন্য অনুরোধ করার অধিকার আপনার আছে। বেকারত্ব বিমার আপীল বোর্ডের একজন পক্ষপাতহীন প্রশাসনিক আইনি বিচারকের সামনে শুনানি অনুষ্ঠিত হবে।

আপনার NY.gov অ্যাকাউন্টের মাধ্যমে আমাদেরকে একটি নিরাপদ বার্তা পাঠিয়ে আপনি অনলাইনে একটি শুনানির অনুরোধ করতে পারেন। নির্দেশাবলীর জন্য এই দাবিদারের পুস্তিকার 14 অধ্যায় দেখুন: **“পরিশিষ্ট II: একটি সুবক্ষিত বার্তা পাঠানো”**।

আপনার যদি আমাদের সাথে কোনো অ্যাকাউন্ট না থাকে, তাহলে কীভাবে তা খোলা যায় সেই সম্পর্কে নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে এই পুস্তিকার পৃষ্ঠা 3 এ থাকা 3 নং অধ্যায় দেখুন: কীভাবে সেটআপ করবেন তার নির্দেশনার জন্য **“আপনার বেনিফিটগুলি পাওয়া: আপনার PIN, NY.gov ID, ডিভেন্ট ডিপোজিট এবং ডেবিট কার্ড”**।

আপনি এই পুস্তিকার পিছনে দেওয়া দাবিদারের শুনানির জন্য অনুরোধের ফর্ম (Claimant Hearing Request Form) পূর্ণ করেও অনুরোধ করতে পারেন। আপনি এই ঠিকানায় ডাকযোগে চিঠি পাঠাতে পারেন:

New York State Department of Labor  
PO Box 15131  
Albany, NY 12212-5131

**গুরুত্বপূর্ণ: আপনি যে সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তির সঙ্গে অসম্মত তা 30 দিনের মধ্যেই অনলাইনে ডাকযোগে বা পোস্টমার্ক করে করতে হবে।** আপনার সম্পূর্ণ নাম, আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা, আপনার বর্তমান ডাক ঠিকানা ও টেলিফোন নম্বর, সিদ্ধান্তগ্রহণের চিঠি পাওয়ার তারিখ এবং আপনি কেন সম্মত নন তার কারণ অন্তর্ভুক্ত করুন।

আপনি যদি 30 দিনের পর শুনানির অনুরোধ করেন, তাহলে সেই দেরীর কারণ আপনার ব্যাখ্যা করতে হবে এবং আপনার শুনানির সময়ে তা আলোচনা করা হবে। আপনার ব্যাপারে সিদ্ধান্তগ্রহণের 30 দিনের পরে যদি শুনানির অনুরোধ করা হয় তাহলে তা আপনার শুনানির ফলাফলের উপরে প্রভাব ফেলবে।

আপনি শুনানির জন্য অপেক্ষা করার সময়ে বেনিফিট নাও প্রদান করা হতে পারে। যদি প্রশাসনিক আইনি বিচারক আপনার সপক্ষে সিদ্ধান্ত নেন, তাহলে পূর্বে যতদিন আপনি সাপ্তাহিক বেনিফিট (বেনিফিটের জন্য নিশ্চিতকরণ) দাবি করেছেন সে সময়ের প্রদত্ত বাকী অর্থ আপনাকে প্রদান করা হবে যখন আপনি চাকরিহীন হয়ে ছিলেন বা চারদিনের কম কাজ করছিলেন এবং বেনিফিটের সর্বোচ্চ অর্থের থেকে কম আয় করছিলেন। যদি প্রশাসনিক আইনি বিচারক আপনার বিপক্ষে সিদ্ধান্ত নেন, তাহলে আপনার প্রাপ্য নয় এমন যে বেনিফিটের অর্থ আপনি পেয়েছেন তা আপনাকে ফেরৎ দিতে হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনি যদি শুনানির জন্য অনুরোধ করে থাকেন বা কোন শুনানি বা সিদ্ধান্তের অপেক্ষায় থাকেন তাহলে বেনিফিট পাওয়ার ব্যাপারে আপনার অধিকার বজায় থাকবে। টেলিফোন ক্লেইম সেন্টার\* থেকে আপনি কোন নির্দেশ পেয়ে থাকলে তা মেনে চলুন। **গুরুত্বপূর্ণ: এমনকি আপনি যদি বেনিফিট না পান, তাহলেও প্রতি সপ্তাহে যখন আপনি চাকরিহীন হয়ে ছিলেন বা চারদিনের কম কাজ করছিলেন এবং/বা বেনিফিটের সর্বোচ্চ অর্থের থেকে কম আয় করছিলেন সেই সময়কালের সাম্প্রতিক বেনিফিট (বেনিফিট পাওয়ার সার্টিফিকেট পেয়েছেন) আপনি অবশ্যই দাবি করবেন।** যদি শুনানির ফলাফল আপনার সপক্ষে হয় তাহলে পূর্ব-সময়কালের বেনিফিট পেতে এটি আপনাকে সাহায্য করবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে শুনানি মুখোমুখি বা টেলিফোন মারফত আয়োজন করা হতে পারে... আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার শুনানির বিজ্ঞপ্তিতে তালিকাভুক্ত ফোন নম্বর সঠিক।

বেকারত্ব বিমার আপীল বোর্ডের প্রশাসনিক আইনি বিচারক বিভাগ আপনাকে শুনানির বিজ্ঞপ্তি পাঠিয়ে শুনানির সময় ও স্থান সম্বন্ধে আপনাকে জানাবে। **অনুগ্রহ করে লক্ষ্য করুন যে শুনানি ব্যক্তিগতভাবে বা টেলিফোনের মাধ্যমে করা হতে পারে।** যদি আপনার শুনানি টেলিফোনের মাধ্যমে করার ব্যবস্থা হয়ে থাকে তাহলে, আপনাকে পাঠানো শুনানির বিজ্ঞপ্তিতে দেওয়া আপনার টেলিফোন নম্বর যে সঠিক তা নিশ্চিত করুন। আপনি যদি কোন ত্রুটি খুঁজে পান তাহলে, আপনার উচিত অবিলম্বে বিজ্ঞপ্তিতে দেওয়া শুনানির অফিসে তা জানানো যাতে প্রয়োজনীয় সংশোধন করা যায়, অন্যথায় আপনার শুনানি-কার্য আর এগোতে নাও পারে। আপনার যদি শুনানির সময়সূচি পরিবর্তন করার প্রয়োজন হয় তাহলে, শুনানির বিজ্ঞপ্তিতে দেওয়া অফিসে যোগাযোগ করুন।

### **শুনানিতে কি আমি আমার কোন প্রতিনিধি আনতে পারি?**

শুনানিতে আপনার পছন্দ মত কোন অ্যাটর্নী বা কোন প্রতিনিধিকে আপনার সাথে আনার অধিকার আপনার আছে, যদিও তার কোন প্রয়োজন নেই। আইন অনুসারে, বেকারত্ব বীমার আপীল বোর্ড-এ নথিভুক্ত কোন অ্যাটর্নী বা প্রতিনিধি আপনার প্রতিনিধিত্ব করার জন্য পারিশ্রমিক (ফী) দাবি করতে পারেন। **গুরুত্বপূর্ণ: এই পারিশ্রমিক তখনই দাবি করা হবে যখন আপনি এই কেস, কোন আপিল থাকলে তা সহ, জিতবেন।** বেকারত্ব বীমার আপীল বোর্ড যতক্ষণ না অনুমোদন করছেন ততক্ষণ পরিষেবার জন্য আপনার কাছে কোন পারিশ্রমিক দাবি করা যাবে না। যদি কোন পারিশ্রমিক অনুমোদিত হয় তাহলে সেই মর্মে আপিল বোর্ডের কাছ থেকে আপনি বা আপনার অ্যাটর্নী বা আপনার প্রতিনিধি একটি চিঠি পাবেন। আপনি যদি শুনানিতে জিতে গিয়ে থাকেন এবং পরিষেবার এমন একটি বিল পান যা আপিল বোর্ড দ্বারা অনুমোদিত নয়, তাহলে আপনার (518) 402-0205 নম্বরে আপিল বোর্ড-এর সাথে যোগাযোগ করা উচিত।

যদি আপনি একজন অ্যাটর্নী বা একজন নথিভুক্ত প্রতিনিধিকে অর্থপ্রদান করতে না পারেন তাহলে, আপনি কোন প্রো-বোনো অ্যাটর্নী বা আপনার স্থানীয় লীগাল এইড সোসাইটি (Legal Aid Society) বা আইনি পরিষেবা কার্যক্রমের থেকে বিনামূল্যে প্রতিনিধিত্বের সাহায্য পেতে পারেন।

অ্যাটর্নি, নথিভুক্ত প্রতিনিধি, আইনি পরিষেবা কার্যক্রম এবং প্রো-বোনো অ্যাটর্নিদের সংস্কার সহ আইনি সংস্থানসমূহের তালিকা পেতে বেকারত্ব বীমার আপিল বোর্ড-এর ওয়েবসাইট [www.uiappeals.ny.gov](http://www.uiappeals.ny.gov) দেখুন। বা “সংস্থানসমূহের (Resources)” ট্যাবে ক্লিক করুন এবং তারপরে “অ্যাটর্নী ও অনুমোদিত এজেন্টদের তালিকায় (List of Attorneys & Authorized Agents)” ক্লিক করুন। আপনি (518) 402-0205 নম্বরে ফোন করেও এই তালিকার অনুরোধ জানাতে পারেন।

### **একটি শুনানির জন্য আমি কিভাবে প্রস্তুতি নিতে পারি?**

[www.uiappeals.ny.gov](http://www.uiappeals.ny.gov) এ বেকারত্ব বিমা আপীল বোর্ডের ওয়েবসাইটে যান এবং “আপনার বেকারত্ব বিমার শুনানির জন্য প্রস্তুতি” ভিডিওটি দেখুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

শুনানির স্থানে শুনানির পূর্বে আপনার কেসের ফাইল দেখার অধিকার আপনার আছে। আপনার ফাইল দেখার উদ্দেশ্যে একটি অ্যাপয়েন্টমেন্ট-এর সময়সূচী নির্দিষ্ট করার জন্য শুনানির বিস্তৃতিতে দেওয়া আপীল বোর্ড শুনানি অফিসে যোগাযোগ করুন।

শুনানির সময়ে, আপনি সাক্ষ্যপ্রদান করতে পারেন এবং সাক্ষী ও নথিপত্র উপস্থাপন করতে পারেন। আপনি যদি প্রয়োজনীয় সাক্ষ্যপ্রমাণ না পান তাহলে, যে ব্যক্তির কাছে সাক্ষ্যপ্রমাণ আছে সেই ব্যক্তিকে সাক্ষ্যপ্রমাণ নিয়ে আসার জন্য একটি পরওয়ানা পাঠানোর জন্য প্রশাসনিক ল জাজকে অনুরোধ করতে পারেন। আপনি শুনানিতে বিপরীত পক্ষকে এবং সাক্ষীকে প্রশ্ন করতে পারবেন।

শুনানির পূর্বে, আপনি একটি বিস্তারিত তথ্য পুস্তিকা পাবেন, যা শুনানির পদ্ধতি ও আপনার অধিকার সম্বন্ধে আরও ভালোভাবে ব্যাখ্যা করবে। আপনার যদি এমন কোন প্রশ্ন থাকে যার উত্তর বিস্তৃতিতে দেওয়া নেই, তাহলে আপীল বোর্ডের শুনানির অফিসে (শুনানির নোটিশে যোগাযোগের তথ্য দেওয়া আছে) অথবা দাবিদারের আইনজীবীর অফিস -এ যোগাযোগ করুন।

ক্লেইম্যান্ট অ্যাডভোকেট অফিসের সঙ্গে ফোনে (855) 528-5618 নম্বরে যোগাযোগ করা যায়। আপনি আমাদের একটি সুরক্ষিত বার্তাও পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য দেখুন 14 অধ্যায়: “**পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো**”। অনুগ্রহ করে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শুধুমাত্র শেষ চারটি অংক ইমেল করুন; পুরো সংখ্যাটি নয়। এছাড়াও আপনার পুরো নাম অন্তর্ভুক্ত করুন।

### **আমি যদি শুনানিতে উপস্থিত না থাকি তাহলে কি হবে?**

আপনি বা কর্মনিয়োগকারী যিনিই শুনানির অনুরোধ করুন না কেন সমস্ত পরিকল্পিত শুনানিতেই আপনার উপস্থিত থাকা গুরুত্বপূর্ণ। আপনি যদি উপস্থিত থাকতে ব্যর্থ হন, তাহলে আপনি মামলাটি পুনরায় শুরু করার অনুরোধ করতে পারেন। আপনার লিখিত অনুরোধটি যত শীঘ্র সম্ভব ফ্যাক্স বা ডাকযোগে প্রশাসনিক আইন সংক্রান্ত বিচারকের বিভাগে পাঠান, যেটির ঠিকানা রায়ের বিস্তৃতির উপরে দেওয়া আছে। কেস নম্বর, আপনার বর্তমান ডাকের ঠিকানা ও টেলিফোন নম্বর এবং আপনি যে কারণে উপস্থিত থাকতে পারেন নি তা আপনার অনুরোধটিতে নিশ্চিতভাবে অন্তর্ভুক্ত করুন। আপনার শুনানির বিস্তৃতিতে, পাতার ওপরে মাঝখানে, অথবা আপনার শুনানির সিদ্ধান্তের বিস্তৃতিতে ওপরে বাঁদিকে আপনার কেস নম্বরটি খুঁজে পাবেন। আপনি কেন শুনানিতে উপস্থিত ছিলেন না তা ব্যাখ্যা করে এমন একটি নথি সংযোজন করুন। পরবর্তী 45 দিনের মধ্যে আপনি একটি শুনানির জন্য উপস্থিত থাকতে না পারার তারিখগুলি অনুগ্রহ করে তালিকাভুক্ত করুন। আপনার সময়সূচি অনুযায়ী সময় দেওয়ার জন্য আপীল বোর্ড যথাসাধ্য চেষ্টা করবে। আপনি যদি একটি নতুন শুনানির জন্য প্রস্তুত না থাকেন তাহলে আপনার মামলাটি পুনরায় শুরু করার অনুরোধ জানাবেন না।

পরবর্তী পরিকল্পিত শুনানিতে, প্রথমে বিচারক এই সাক্ষ্য গ্রহণ করবেন যে আগের শুনানিতে উপস্থিত না থাকার বা প্রবৃত্ত না হওয়ার কোনো সঠিক কারণ আপনার ছিল কিনা। বিচারক শুধুমাত্র সেক্ষেত্রেই রায়ের অন্যান্য বিষয়গুলি নিয়ে সিদ্ধান্ত নেবেন যদি আগের শুনানিতে আপনার উপস্থিত না থাকার সঠিক কারণ থাকে।

আপনি যদি পুনরায় শুরু হওয়ার শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন, এবং শুনানির জন্য অন্য একটি অনুরোধ করেন, তাহলে মামলাটির জন্য নতুন সময়সূচি আপনা থেকেই নির্ধারিত হবে না। পরিবর্তে, পুনরায় শুরু করার জন্য আপনার অনুরোধটি আপীল বোর্ড-এর কাছে প্রেরিত হবে। বোর্ডটি ফাইলের নথিপত্রের উপর ভিত্তি করে আবেদনটি পুনরীক্ষণ করবে এবং অন্য একটি শুনানির অনুমোদন দেবে শুধুমাত্র যদি এটি সিদ্ধান্ত নেয় যে সঠিক কারণেই আগের দুটি শুনানিতেই আপনি উপস্থিত হতে ব্যর্থ হয়েছেন অথবা যদি, স্বেচ্ছাধীনভাবে, বোর্ডটি সঠিক কারণ সম্পর্কিত প্রশ্নটি বিবেচনা করার জন্য অন্য একটি শুনানির আদেশ দেয়।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আপনি বা  
কর্মনিয়োগকারী  
যিনিই শুনানির  
অনুরোধ করুন না  
কোন সমস্তু  
পরিকল্পিত  
শুনানিতেই আপনার  
উপস্থিত থাকা  
গুরুত্বপূর্ণ।

### আমি কিভাবে বিচারকের সিদ্ধান্তগুলি পাবো?

শুনানির পরে যত শীঘ্র সম্ভব বিচারকের সিদ্ধান্ত মেল'র মাধ্যমে পাঠানো হবে। এটি কি সাক্ষ্যপ্রমাণ পাওয়া গেছে, এর পিছনে কারণসমূহ এবং সিদ্ধান্তটি জানাবে। আপনি যদি সিদ্ধান্তটি বুঝতে না পারেন, তাহলে তা ব্যাখ্যা করার জন্য (855) 528-5618 নম্বরে টেলিফোন ক্লেইম সেন্টার\* বা ক্লেইমেন্ট অ্যাডভোকেটের অফিসে ফোন করুন।

### আমি যদি বিচারকের সিদ্ধান্ত মেনে নিতে অস্বীকার করি, তাহলে আমি আবার কিভাবে আপিল করতে পারব?

প্রশাসনিক আইনি বিচারকের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার, কর্মনিয়োগকর্তার এবং লেবার কমিশনারের আছে। প্রশাসনিক আইনি বিচারকের সিদ্ধান্ত জানানোর নোটিশটি কীভাবে বেকারত্ব বিমা আপিল বোর্ডে আপিল করতে হবে তাও জানাবে।

আপিল করার জন্য, শুনানির সময়ে প্রশাসনিক আইনি বিচারকের সামনে আপনাকে বা আপনার প্রতিনিধিকে উপস্থিত থাকতে হবে। শুধুমাত্র লেবার কমিশনারই প্রতিনিধিত্ব ছাড়াই আপিল করতে পারেন।

আপনি আপনার আপিল এই ঠিকানায় পাঠাতে পারেন: Unemployment Insurance Appeal Board এ PO Box 15126, Albany, NY 12212-5126, বা ফ্যাক্স দ্বারা (518) 402-6208 নম্বরে পাঠাতে পারেন। আপনার চিঠি বা ফ্যাক্সে অবশ্যই প্রশাসনিক ল জাজ কেস নম্বর অন্তর্ভুক্ত থাকবে (দাবিদারের নামের উপর সিদ্ধান্তে তালিকাভুক্ত)।

**গুরুত্বপূর্ণ: প্রশাসনিক আইনি বিচারকের সিদ্ধান্ত আপনাকে মেল মাধ্যমে পাঠানোর 20 দিনের মধ্যে আপিল বোর্ডে আপিলগুলি অবশ্যই ফাইল করতে হবে।** আপনি আপিল প্রাপ্তির একটি নোটিশ পাবেন। এগুলি ফাইলটি দেখা, আপনার শুনানির তর্জমা চাওয়া, একটি লিখিত বিবৃতি জমা দেওয়া এবং অন্যান্য পক্ষের দ্বারা জমা দেওয়া বিবৃতির উত্তর দেওয়ার ব্যাপারে আপনার অধিকার ও সময়কালের ব্যাখ্যা এতে থাকবে। এই সময়সীমাগুলির কঠোরভাবে কার্যপ্রয়োগ করা হবে। এই কারণে, আপনার উচিত অবিলম্বে এবং যত্নসহকারে আপিল প্রাপ্তির বিজ্ঞপ্তিটি পড়া।

আপনাকে সিদ্ধান্তটি মেল করার পরে 20 দিন অতিক্রান্ত হয়ে গেলে, আপনি অবশ্যই আপনার আপিল করার দেরীর কারণ ব্যাখ্যা করবেন। আপনার আপিলের প্রাপ্তিস্বীকার করে আপনি একটি চিঠি পাবেন; তবে, আপনার দেরীতে করা আপিলের পুনরীক্ষণ অবশ্যই আপিল বোর্ড করবে। যদি আপনার দেরীতে আপিল করার কারণ গৃহীত হয়, তাহলে উপরে লিখিত নির্দেশগুলিসহ আপনি আপিল প্রাপ্তির একটি নোটিশ পাবেন। যদি আপনার দেরীতে আপিল করার কারণটি স্বীকৃত না হয়, তাহলে এই মর্মে আপনি একটি চিঠি পাবেন।

আপনি যদি শুনানির জন্য অনুরোধ করে থাকেন বা কোন শুনানি বা সিদ্ধান্তের অপেক্ষায় থাকেন তাহলে বেনিফিট পাওয়ার ব্যাপারে আপনার অধিকার বজায় থাকবে। টেলিফোন ক্লেইম সেন্টার থেকে আপনি কোন নির্দেশ পেয়ে থাকলে তা মেনে চলুন। \* **গুরুত্বপূর্ণ: এমনকি আপনি যদি বেনিফিট না পান, তাহলেও প্রতি সপ্তাহে যখন আপনি চাকরিহীন হয়ে ছিলেন বা চারদিনের কম কাজ করছিলেন এবং/বা বেনিফিটের সর্বোচ্চ অর্থের থেকে কম আয় করছিলেন সেই সময়কালের সাপ্তাহিক বেনিফিট (বেনিফিটের জন্য নিশ্চিতকরণ) আপনি অবশ্যই দাবি করবেন।** যদি শুনানির ফলাফল আপনার সপক্ষে হয় তাহলে পূর্ব-সময়কালের বেনিফিট পেতে এটি আপনাকে সাহায্য করবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**আমি যদি বিচারকের সিদ্ধান্ত মেনে নিতে অস্বীকার করি, তাহলে আমি আবার কিভাবে আপিল করতে পারব?**

আপনি যদি বেকারত্ব বিমা আপিল বোর্ডের সিদ্ধান্তে অসম্মত হন, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেট সুপ্রীম কোর্টের তৃতীয় ডিপার্টমেন্ট, আপিল ডিভিশনে আবার আপিল করতে পারেন। কর্মনিয়োগকারী বা কমিশনার অফ লেবার একই কাজ করতে পারেন।

আপিল বোর্ডের সিদ্ধান্ত আপনাকে মেল মাধ্যমে পাঠানোর 30 দিনের মধ্যে স্টেট সুপ্রীম কোর্টে আপিলগুলি অবশ্যই ফাইল করতে হবে। আপনার আপিল এই ঠিকানায় পাঠান:

Unemployment Insurance Appeal Board  
PO Box 15126  
Albany, NY 12212-5126

এরপর আপনি কীভাবে স্টেট সুপ্রীম কোর্টে আপিল করবেন তা জানিয়ে আপিল বোর্ড আপনাকে নির্দেশাবলী সহ একটি বিস্তৃতি পাঠাবে।

আপনি যদি সুপ্রীম কোর্টে আপিল করার পরিকল্পনা করেন বা কোর্টের কোন সিদ্ধান্তের অপেক্ষায় থাকেন, তাহলে বেনিফিট পাওয়ার ব্যাপারে আপনার অধিকার বজায় থাকবে। টেলিফোন ক্লেইম সেন্টার\* থেকে আপনি কোন নির্দেশ পেয়ে থাকলে তা মেনে চলুন। **গুরুত্বপূর্ণ: এমনকি আপনি যদি বেনিফিট না পান, তাহলেও প্রতি সপ্তাহে যখন আপনি চাকরিহীন হয়ে ছিলেন বা চার দিনের কম কাজ করছিলেন এবং/বা বেনিফিটের সর্বোচ্চ অর্থের থেকে কম আয় করছিলেন সেই সময়কালের সাপ্তাহিক বেনিফিট (বেনিফিটের জন্য নিশ্চিতকরণ) আপনি অবশ্যই দাবি করবেন।** যদি শুনানির ফলাফল আপনার সপক্ষে হয় তাহলে পূর্ব-সময়কালের বেনিফিট পেতে এটি আপনাকে সাহায্য করবে।

**ফোন নম্বর – শুনানি বিভাগের অফিস:**

Brooklyn (Schermehorn Street)	(718) 613-3500
Buffalo	(716) 851-2711
Garden City	(516) 228-3908
Hauppauge	(631) 952-6504
Rochester	(585) 258-4540
Syracuse	(315) 479-3380
Troy	(518) 402-0210
White Plains	(914) 997-9550

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিশেষে ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



## 11. বিশেষ পরিস্থিতি

### আমার বেনিফিটগুলি সম্পর্কে আমার কোনো প্রশ্ন থাকলে কি হবে?

প্রথমে, এই দাবিদারের পুস্তিকা দেখুন। এছাড়াও আপনি FAQ চেক করতে পারেন (প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী) আমাদের ওয়েবসাইট <http://labor.ny.gov/ui/faq.shtm> এ।

এছাড়াও আপনি আপনার অনলাইন অ্যাকাউন্ট থেকে নিরাপদ বার্তা পাঠাতে পারেন।

[www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অ্যাকাউন্টে সাইন ইন করুন। তারপর, আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠার উপরের ডানদিকে এনভেলাপ আইকনে ক্লিক করুন।

আপনাকে অবশ্যই টেলিফোন ক্লেইমস সেন্টারে ফোন করতে হবে,\* অনুগ্রহ করে অবগত থাকুন যে সোমবার এবং কোনো সর্বজনীন ছুটির দিনের পরের দিনটি ফোন কলগুলির জন্য ব্যস্ততম দিন।। বৃহস্পতিবার এবং শুক্রবার স্বল্প ব্যস্ততম দিন।

### আমি যদি মনে করি বেনিফিটগুলি পেতে দেবী হচ্ছে তাহলে কী হবে? এছাড়াও, আমি কিভাবে আমার পেমেন্টের ইতিহাস এবং/অথবা পেমেন্টের স্থিতি সম্পর্কে জানতে পারব?

আপনার বেকারত্বের বিমার বেনিফিট পেমেন্টের সম্পূর্ণ রেকর্ড চেক করতে

[www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন। আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠায়, “বেকারত্বের পরিষেবা”-তে ক্লিক করুন এবং তারপর “পেমেন্টের ইতিহাস দেখুন”-এ ক্লিক করুন।

এছাড়াও আপনি আমাদের টেল-সার্ভিসের স্বয়ংক্রিয় টেলিফোন পরিষেবায় (888) 581-5812 নম্বরে কল করতে পারেন। আপনার পেমেন্টের ইতিহাস এবং পেমেন্টের স্থিতি জানতে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করুন। TTY/TDD ব্যবহারকারীগণ (877) 205-3119 নম্বরে ফোন করুন। ভিডিও বা রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

### গুরুত্বপূর্ণ: আপনি যোগ্যতা নির্ধারণ করার পর, আপনার ডেবিট কার্ডে বা ডিরেক্ট

ডিপোজিটে বেনিফিট পেমেন্টের জন্য তিন ব্যবসায়িক দিবস সময় লাগে। পেমেন্ট করার তিন দিন পরও যদি আপনার অ্যাকাউন্টে ফান্ড না আসে, যদি আপনার ডেবিট কার্ড থাকে তাহলে আপনাকে KeyBank গ্রাহক সেবায় (866) 295-2955 নম্বরে কল করতে হবে। আপনার ডিরেক্ট ডিপোজিট থাকলে, আপনার ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করুন। প্রদত্ত সপ্তাহে যদি সরকারি ছুটি থাকে, তাহলে পেমেন্ট হয়তো এক সপ্তাহ বিলম্ব হতে পারে।

আপনার দাবি বা অর্থপ্রদানের ব্যাপারে কোন প্রশ্ন থাকলে, টেলিফোন ক্লেইম সেন্টারে ফোন করুন।\* আপনার দাবিতে কোন সমস্যা থাকলে, টেলিফোন ক্লেইম সেন্টার\* আপনার সাথে যোগাযোগ করতে পারে। আপনার দাবির ব্যাপারে আমরা যে তথ্য পেয়েছি সেটির প্রত্যুত্তর জানাতে এটি আপনাকে একটি সুযোগ দেয়। আপনি যদি শীঘ্র এবং নির্দেশ অনুসারে প্রত্যুত্তর না দেন তাহলে, আপনার বেনিফিট পেতে দেবী হতে পারে।

### আমার বেনিফিটগুলো বন্ধ করা হয়েছে। কি হচ্ছে?

সম্ভবত, আপনি কোনো কাজ অনুসন্ধান অ্যাপোয়েন্টমেন্ট-এ হাজির ছিলেন না (অনুগ্রহ করে পৃষ্ঠা 28 দেখুন: “আমি আমার চাকরি খোঁজার মিটিং মিস করলে কি হবে?”) বা শ্রমবিভাগ এমন কোনো তথ্য পেয়েছিল যার কারণে আপনার বেনিফিটের যোগ্যতা ক্ষতিগ্রস্ত হতে পারে। সেই তথ্য আগেকার নিয়োগকর্তা থেকে আসতে পারে, আপনার ফেরত পাঠানো প্রশ্নাবলী থেকে জানা যেতে পারে অথবা আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে আপনার বেনিফিটগুলোকে প্রত্যায়িত করার চেষ্টা করে থাকতে পারেন (অনুগ্রহ করে 16 নং পৃষ্ঠা “আমি আমার এলাকা বা দেশের বাইরে কোথাও ভ্রমণ করতে গেলে কি হবে?” দেখুন)। যখন এই রকম হয়, তখন আমাদেরকে অনুসন্ধান করতে এবং আপনার বেনিফিট আটকানো হতে পারে।

আপনি যদি  
বরখাস্তকরণ/  
অবসানমূলক অর্থ  
পান বা ভবিষ্যতে  
পেতে পারেন, তাহলে  
আপনাকে তা  
টেলিফোন ক্লেইম  
সেন্টারে অবশ্যই  
জানাতে হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

এই অনুসন্ধানের জন্য কয়েক সপ্তাহের প্রয়োজন হতে পারে। আমাদের তরফ থেকে কোনো প্রশ্ন, বার্তা বা ফোন করা হলে দ্রুত তার উত্তর আপনাকে দিতে হবে। টেলিফোন ক্লেইমস সেন্টার\* অনুসন্ধান চলাকালীন বেনিফিটগুলোর পেমেন্টের অনুমোদন করতে পারে না। যখন অনুসন্ধান সম্পূর্ণ হবে তখন আপনি বাকি থাকা সমস্ত বেনিফিট পাবেন বা ডাকযোগে আমাদের তরফে নির্ধারণ বিস্তৃতি পাবেন।

যদি আপনার বেনিফিট পাঁচ সপ্তাহ বা কম সময়ের জন্য বাকি থাকে এবং আপনি কোনো উত্তর না পেয়ে থাকেন তাহলে তখন আমরা আপনাকে টেলিফোন ক্লেইমস সেন্টারে কল করার প্রস্তাব দেব।\*

**গুরুত্বপূর্ণ: যখন অনুসন্ধান চলছে, তখন আপনি যতদিন বেকার ততদিন সাপ্তাহিক বেনিফিটের দাবি করা এবং নির্দেশিকা পূরণ করা চালিয়ে যান।**

**আমি যদি বরখাস্তকরণ/অবসানমূলক অর্থ পাই, তাহলে এটি কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করবে?**

আপনার সাপ্তাহিক বরখাস্তকরণ/অবসানমূলক অর্থ আপনার সর্বোচ্চ বেনিফিটের হারের থেকে কম হলে, আপনি বেকারত্ব বিমা পাওয়ার উপযুক্ত হতে পারেন। আপনি যদি বরখাস্তকরণ/অবসানমূলক অর্থ পান বা ভবিষ্যতে পেতে পারেন, তাহলে আপনাকে তা টেলিফোন ক্লেইম সেন্টারে অবশ্যই জানাতে হবে। আপনি যদি তা না করেন, তাহলে আপনি অতিরিক্ত অর্থ পাবেন, যা আপনাকে ফেরৎ দিতে হবে। আপনাকে অন্যান্য জরিমানাও দিতে হতে পারে।

আপনি কোন বেনিফিট পাওয়ার উপযুক্ত হবেন **না** যদি:

- আপনি সাপ্তাহিক যে বরখাস্তকরণ/অবসানমূলক অর্থ পান তা যদি বেনিফিটের সর্বোচ্চ সাপ্তাহিক হারের থেকে বেশি হয় **বা**
- আপনার কর্মনিয়োগকারী এককালীন থোক নগদ অর্থ প্রদান করেছিলেন **এবং** সেই অর্থের সাপ্তাহিক হার যদি বেনিফিটের সর্বোচ্চ সাপ্তাহিক হারের থেকে বেশি হয়।

আপনি হয়তো বেনিফিট পাওয়ার **উপযুক্ত** হবেন যদি:

- আপনি সাপ্তাহিক যে বরখাস্তকরণ/অবসানমূলক অর্থ পান তা যদি বেনিফিটের সর্বোচ্চ সাপ্তাহিক হারের থেকে কম হয় **বা**
- আপনার শেষ কাজের 30 দিনের চেয়েও বেশি পরে আপনি প্রথম আপনার বরখাস্তকরণ বা অবসানমূলক অর্থ পান।

যখন আপনার বরখাস্তকরণ/অবসানমূলক বা পৃথকীকরণের পে শেষ তখনও যদি আপনি বেকার থাকে, তাহলে আপনাকে বেনিফিটের জন্য দাবি করতে হবে। আপনাকে এটি করতে হবে, এমনকি আপনার পর্যাপ্ত পরিমাণে উপার্জন আছে কিনা তার নিশ্চয়তা না থাকলেও অথবা আপনি যদি বরখাস্তকরণ/অবসানমূলক বা পৃথকীকরণের পে চালুর সময় কোনো দাবি করে থাকলে। আপনি বেনিফিট পাওয়ার জন্য যোগ্য কিনা তা আমরা নির্ধারণ করব।

**যদি আমি আমার সম্পূর্ণ সময়ের কাজ হারাই এবং পাশাপাশি আংশিক সময়ের কাজ করি, তাহলে আমাকে কি আংশিক সময়ের কাজ চালিয়ে যেতে হবে?**

এই প্রশ্নটি সেইসব মানুষের জন্য উঠতে পারে যারা দুটি চাকরি করেন যেমন সম্পূর্ণ সময়ের কাজ, এর পাশাপাশি আংশিক সময়ের, যেখানে প্রধান কাজের থেকে কম কাজ আসে। যদি তারা তাদের প্রধান চাকরি হারায়, তাদের আংশিক সময়ের কাজের থেকে উপার্জন অনেক কম হবে তারা যতদিন আংশিক সময়ের কাজ করবেন তারা বেকারত্ব বিমার বেনিফিট পাবেন। তাদের আয় আসলে বেকারত্ব বিমার বেনিফিট পাওয়ার সময় আংশিকসময়ের কাজ করার কারণে কমে গেছে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

নিউইয়র্কের বেকারত্ব বিমার আইনের অধীনে, এই পরিস্থিতিতে কেউ আংশের সময়ের কাজ বন্ধ করার কারণে বেনিফিট হারাতে পারে, এমনকি এর জন্য তাদের খরচ হচ্ছে। তবে, শ্রমবিভাগ লক্ষ্য করেছে যে এর ফলে যে সমস্ত দাবিদাররা সঠিক কাজ করতে যাচ্ছেন তাদের আর্থিক সমস্যা হতে পারে। যদি আপনার এমন পরিস্থিতি আসে, তাহলে আমরা আপনাকে প্রস্তাব করব যে আপনি আপনার আংশিক সময়ের কাজ সপ্তাহে এক বা দুই দিন করুন। যদি আপনি আপনার আংশিক সময়ের কাজ বন্ধ না করেন, তাহলে আপনাকে অবশ্যই শ্রমবিভাগের কাছে আপনার আয় এবং খরচ দেখানোর জন্য প্রস্তুত হতে হবে।

### **দাবি প্রতিষ্ঠা করার জন্য আমি কি মিলিটারি পরিষেবা ব্যবহার করতে পারি?**

আপনি যদি কিছু শর্তপূর্ণ করেন তাহলে দাবি প্রতিষ্ঠা করার জন্য আপনি মিলিটারি পরিষেবা ব্যবহার করতে পারেন। আরো তথ্যের জন্য টেলিফোন ক্লেইম সেন্টার\*-এ ফোন করুন।

আপনি যদি ইতিমধ্যেই তা করে না থাকেন, আপনার সর্বাঙ্গীক সাম্প্রতিক সেপারেশন ফর্ম DD214, Member 4-এর একটি কপি নিম্ন ঠিকানায় মেল করুন:

New York State Department of Labor  
PO Box 15130  
Albany, NY 12212-5130

রিজার্ভ-এ থাকার সময়ে উপার্জিত পারিশ্রমিক একটি দাবি ধার্য করার জন্য ব্যবহার করা যেতে পারে, যদি রিসার্ভ-এ থাকা ব্যক্তি 24 নভেম্বর, 2015 তারিখে বা তার আগে টানা 90 দিন সক্রিয়ভাবে কাজের কর্তব্য পালন করে থাকেন, অথবা 25 নভেম্বর, 2015 তারিখে বা তার পরে টানা 180 দিন সক্রিয়ভাবে কাজের কর্তব্য পালন করে থাকেন।

### **মিলিটারি রিজার্ভ ট্রেনিং কিভাবে আমার বর্তমান দাবির উপরে প্রভাব ফেলে?**

বার্ষিক ফিল্ড ট্রেনিং-এ থাকার সময়ে আর্মি ন্যাশানাল গার্ড বা আর্মি, নেভি, এয়ার ফোর্স, মেরিন কর্পস (Marine Corps) বা কোস্ট গার্ড এর সদস্যরা বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার যোগ্য নন। আপনি কাজের জন্য উপলব্ধ নয় এবং সম্পূর্ণভাবে বেকারও নয় উভয় বলেই বিবেচিত হবেন। তবে, আপনার মাসিক ড্রিল সেশনগুলি আপনার পূর্ণ সাপ্তাহিক বেনিফিট অর্থ পাওয়ার উপরে কোন প্রভাব ফেলবে না। আপনি যে DD214, Member 4-ফর্মটি পৃষ্ঠা 39-এর নিচে “দাবি প্রতিষ্ঠা করার জন্য আমি কি মিলিটারি পরিষেবা ব্যবহার করতে পারি?”-এ প্রদত্ত ঠিকানায় পাঠিয়েছেন তা নিশ্চিত করুন।

### **আমি কোন শিক্ষা প্রতিষ্ঠানে কাজ করলে কি হবে?**

আপনি যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য কাজ করেন, তাহলে আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার উপযুক্ত নাও হতে পারেন। আপনি যে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য কাজ করেন তারা যদি আপনাকে জানিয়ে থাকেন যে আপনি পরবর্তী বৎসর বা টার্মের জন্য কর্মে নিযুক্ত হবেন, তাহলে শিক্ষাবর্ষ বা টার্ম বা ছুটির সময়কালের জন্য আপনাকে বেনিফিট নাও দেওয়া হতে পারে বা বেনিফিট হ্রাস করা হতে পারে। এরকম হলে, যদি পরবর্তী টার্ম বা ছুটির সময়ের পরে পুনরায় একই প্রকার কর্মনিয়োগের ব্যাপারে আপনার কাছে যথেষ্ট নিশ্চয়তা থাকে তাহলে ঐ শিক্ষা প্রতিষ্ঠানে কাজ করার সময়ে আপনি যে পারিশ্রমিক পেয়েছেন সেটি স্কুলের টার্মগুলির মধ্যবর্তী বা ছুটির সময়ে বেনিফিট দাবি করার জন্য ব্যবহার করতে পারবেন না। শিক্ষা প্রতিষ্ঠান ছাড়া অন্য কর্মনিয়োগকারীর সাথে আপনি যদি যথেষ্ট মাত্রায় কর্মে নিযুক্ত হন এবং আয় করেন, তাহলে অন্য কর্মনিয়োগের ভিত্তিতে আপনি দাবি প্রতিষ্ঠা করতে পারেন।

বেকারত্ব বিমা  
বেনিফিট নেওয়ার  
সময়ে আপনি যদি  
পেনসন পাওয়ার  
জন্য উপযুক্ত বলে  
বিবেচিত হন, তাহলে  
আপনি অবশ্যই  
টেলিফোন ক্লেইম  
সেন্টারে\* তা  
জানাবেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

যখন নতুন টার্ম বা শিক্ষাবর্ষ শুরু হয়েছিল, তখন যদি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য কাজের সুযোগ আপনাকে না দেওয়া হয়ে থাকে, তাহলে সেই পূর্ব সময়ের জন্য আপনি বেনিফিটের অর্থ পেতেও পারেন। এটি তখনই হবে যদি আপনি নির্দেশপ্রদানমূলক (ইনস্ট্রাকশানাল), গবেষণা বা মূখ্য প্রশাসনিক পদে না কাজ করে থাকেন। আপনার বেকারত্বের সময়কালে আপনি অবশ্যই প্রতি সপ্তাহে আপনার সাপ্তাহিক বেনিফিট (বেনিফিটের জন্য নিশ্চিতকরণ) দাবি করা চালিয়ে গেছেন, এমনকি আপনাকে বেনিফিটের জন্য অর্থপ্রদান করা না হলেও।

**দ্রষ্টব্য:** আপনি যদি একটি শিক্ষামূলক প্রতিষ্ঠানে কাজ করেন কিন্তু আপনার প্রকৃত নিয়োগকর্তা একজন কন্ট্রাক্টর হন যিনি শিক্ষামূলক প্রতিষ্ঠানটিকে পরিষেবা দেন, তাহলে এই বিভাগটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

### **পেনসন গ্রহণ করা কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করে?**

আপনি যদি অবসর নিয়ে থাকেন এবং চাকরি না খোঁজেন, তাহলে আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার উপযুক্ত নন। আপনি যদি কোন চাকরি থেকে অবসর নিয়ে থাকেন এবং সক্রিয়ভাবে চাকরি খোঁজেন, তাহলে আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার উপযুক্ত হতে পারেন। অন্যান্য সমস্ত দাবিদারদের মতো আপনাকে একই শর্তসমূহ পূরণ করতে হবে।

যদি আপনার কর্মনিয়োগকারী অর্থপ্রদান করে থাকেন তাহলে পেনসনের 100 শতাংশ আপনার বেনিফিট অর্থরাশি থেকে হ্রাস করা হবে, আপনি পেনসনে অর্থপ্রদান করেছেন কি না তার উপরে এটি নির্ভর করবে না। আপনি যদি এককভাবে আপনার পেনসনে অর্থ জমা করে থাকেন, তাহলে আপনার বেনিফিট হ্রাস করা হবে না।

আপনার বেনিফিট অবশ্যই হ্রাস করা হবে কি না তা লেবার ডিপার্টমেন্ট নির্ধারণ করবে। আপনি যদি তাতে অসম্মত হন তাহলে আপনি একটি শুনানির জন্য অনুরোধ করতে পারেন। অনুগ্রহ করে পৃষ্ঠা 32 - 36 দেখুন: **“শুনানি এবং আপিল প্রক্রিয়া।”**

বেকারত্ব বিমা বেনিফিট নেওয়ার সময়ে আপনি যদি পেনসন পাওয়ার জন্য উপযুক্ত বলে বিবেচিত হন, তাহলে আপনি অবশ্যই টেলিফোন ক্লেইম সেন্টারে তা জানাবেন। \* **গুরুত্বপূর্ণ: আপনি যদি আমাদের না জানান, তাহলে আপনি অতিরিক্ত অর্থ পেতে পারেন, যা আপনাকে ফেরৎ দিতে হবে।** আমরা যদি জানতে পারি যে আপনি প্রতারণাপূর্ণ আচরণ করেছেন, তাহলে আপনার ভবিষ্যতের দিনগুলির বেনিফিট বাজেয়াপ্ত হতে পারে এবং আর্থিক জরিমানা হতে পারে।

### **সোশ্যাল সিকিউরিটি গ্রহণ করা কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করে?**

সোশ্যাল সিকিউরিটি গ্রহণ করলে তা আপনার বেকারত্ব বিমা বেনিফিটগুলিকে প্রভাবিত করবে না। তবে, ঠিক অন্যান্য সমস্ত দাবিদারদের মতোই, বেনিফিট গ্রহণ করার সময়ে আপনাকে অবশ্যই নতুন চাকরির জন্য তৈরী থাকতে হবে বা চাকরি খুঁজতে হবে।

### **কর্মচারীদের ক্ষতিপূরণ গ্রহণ করা কি আমার বেনিফিটগুলিকে প্রভাবিত করে?**

আপনি যদি কর্মচারীদের ক্ষতিপূরণ গ্রহণ করেন কিন্তু কাজ করার জন্য উপলব্ধ এবং শারীরিকভাবে সমর্থ হন, তাহলে আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার উপযুক্ত হতে পারেন। তবে, কর্মচারীদের ক্ষতিপূরণ গ্রহণ করলে তা আপনার সাপ্তাহিক বেকারত্ব বিমা বেনিফিটের হার হ্রাস করতে পারে। আপনার কর্মচারীদের ক্ষতিপূরণের এবং বেকারত্ব বিমা বেনিফিটের অর্থের মোট পরিমাণ আপনার ভিত্তি সময়কালের গড় সাপ্তাহিক পারিশ্রমিকের বেশি হতে পারে না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

যদি আপনি আবার কাজে ফিরতে না পারেন, তাহলে আমাদেরকে আপনার অতি সাম্প্রতিক আঘাতের পরবর্তী রিপোর্ট (SROI) জমা দেওয়ার একটি প্রতিলিপি পাঠাতে প্রস্তুত থাকুন। আপনাকে একটি কাগজের প্রতিলিপি ডাকযোগে পাঠানো হয়েছে। অথবা, আপনি নিজে শ্রমিকদের ক্ষতিপূরণ ইলেক্ট্রনিক কেস ফোল্ডারে প্রিন্ট করতে পারেন। অনুগ্রহ করে আপনার ডাক্তারে স্বাক্ষরিত একটি নোট আমাদের পাঠান, যেখানে বলা থাকবে যে আপনি কাজ করতে সক্ষম।

আপনি যদি 599  
প্রোগ্রামে আপনার  
নাম নথিভুক্ত করেন  
তাহলে আপনি কোন  
একটি শিক্ষা বা  
প্রশিক্ষণ কার্যক্রমে  
অংশ নিতে পারেন।

যে সমস্ত সপ্তাহগুলিতে আপনি একই সঙ্গে কর্মচারীদের ক্ষতিপূরণ বেনিফিট এবং বেকারত্ব বিমা বেনিফিট উভয়ই গ্রহণ করেন সেগুলির ব্যাপারে আপনি অবশ্যই টেলিফোন ক্লেইম সেন্টারে\* জানাবেন। **গুরুত্বপূর্ণ: আপনি যদি আমাদের না জানান, তাহলে আপনি অতিরিক্ত অর্থ পেতে পারেন, যা আপনাকে ফেরৎ দিতে হবে।** আপনার বেনিফিট অবশ্যই হ্রাস করা হবে কি না তা লেবার ডিপার্টমেন্ট নির্ধারণ করবে। আপনি যদি তাতে অসম্মত হন তাহলে আপনি একটি শুনানির জন্য অনুরোধ করতে পারেন। অনুগ্রহ করে পৃষ্ঠা 32 - 36 দেখুন: “**শুনানি এবং আপিল প্রক্রিয়া।**”

**বেনিফিট গ্রহণ করার সময়ে আমি কি কোন স্কুল বা প্রশিক্ষণ যেতে পারি?**

আপনি যদি 599 প্রোগ্রামে আপনার নাম নথিভুক্ত করেন তাহলে আপনি কোন একটি শিক্ষা বা প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিতে পারেন। **গুরুত্বপূর্ণ: আপনি প্রশিক্ষণে নাম লেখানোর পর যত শীঘ্রই সম্ভব শ্রমবিভাগে জানান।** এই প্রোগ্রাম বা কার্যক্রমের আওতায় আপনি যদি প্রশিক্ষণ নিতে অনুমতিপ্রাপ্ত হন, তাহলে আপনাকে চাকরি পাওয়ার চেষ্টা করতে হবে না। 599 প্রোগ্রামটি টিউশন বা অন্যান্য স্কুল-সম্বন্ধীয় খরচায় অর্থপ্রদান করে না।

599 প্রোগ্রামের জন্য অনুমোদন পেতে প্রশিক্ষণ কার্যক্রমটিকে অবশ্যই কিছু প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। একটি আবেদন বা সাধারণ তথ্য প্রাপ্তির অনুরোধ জানাতে 599 ট্রেনিং প্রোগ্রাম সেন্ট্রাল রিভিউ ইউনিট এ (518) 402-0189 নম্বরে অনুগ্রহ করে ফোন করুন। **গুরুত্বপূর্ণ: সর্বোচ্চ বেনিফিট পাওয়ার জন্য আপনার দাবি করার প্রথম 13 সপ্তাহের মধ্যে আপনাকে অবশ্যই 599 প্রোগ্রামের জন্য আবেদন করতে হবে।** আপনার এলাকায় প্রশিক্ষণ কার্যক্রমসমূহ খুঁজে বের করতে একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার আপনাকে সাহায্য করতে পারে। নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) এ যান অথবা শ্রমবিভাগের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYSDDL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন।

আপনার দাবি ফাইল করার সময়ে আপনি যদি উল্লেখ করে থাকেন যে আপনি প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিচ্ছেন বা অংশ নিতে চলেছেন, তাহলে আপনার কোর্স বা কার্যক্রম পুনরীক্ষণ করার জন্য আমরা আপনার সাথে যোগাযোগ করব। প্রশিক্ষণ নেওয়া বা উপস্থিত থাকার ব্যাপারে আমাদের জানাতে আপনি বিলম্ব করলে, আপনি কিছু বেনিফিট হারাতে পারেন। বেনিফিট গ্রহণ করাকালীন আপনি যে প্রশিক্ষণ নিচ্ছেন তা আমাদের না জানালে, আপনার শাস্তিস্বরূপ সাজা হতে পারে। আপনি ভবিষ্যতের বেনিফিটসমূহ হারাতে পারেন।

যদি 599 প্রোগ্রামটির অধীনে আপনার প্রশিক্ষণ অনুমোদিত হয়, তাহলে সাধারণত 26 সপ্তাহের সঙ্গে সঙ্গে আপনি অতিরিক্ত 26 সপ্তাহ পর্যন্ত যোগ্য হতে পারেন। তবে, এইসব অতিরিক্ত বেনিফিটের জন্য ফান্ড সর্বদা উপলভ্য থাকে না। যদি ফান্ড উপলভ্য না থাকে, তাহলে হতে পারে যে আপনি অতিরিক্ত বেনিফিটের জন্য অনুমোদিত হতে পারেন, কিন্তু পাননি। অথবা, আপনি যদি বেনিফিট পাওয়া শুরু করেন, তাহলে তা আপনার প্রশিক্ষণ শেষ হওয়ার আগে শেষ হতে পারে।

যদি আপনার হাই স্কুল ডিপ্লোমা না থাকে, তাহলে বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার সময়ে আপনি হাই স্কুলের সমতুল একটি ডিগ্রী পাওয়ার যোগ্য হতে পারেন। যদি আপনার ইংরেজির দক্ষতা সীমিত থাকে তাহলে আপনি দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজির প্রশিক্ষণে যোগ্য হতে পারেন। আরো তথ্যের জন্য একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার-এ যোগাযোগ করুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



### আমি যদি নিউ ইয়র্ক স্টেট রেজিস্টার্ড অ্যাপ্রেনটিশশিপ প্রোগ্রামে নথিভুক্ত হই তাহলে কি হবে?

আপনি যদি নিউ ইয়র্ক স্টেট রেজিস্টার্ড অ্যাপ্রেনটিশশিপ প্রোগ্রামে নথিভুক্ত হন এবং বেকারত্ব বিমা বেনিফিট দাবি করার সময়ে অ্যাপ্রেনটিশশিপ প্রশিক্ষণে অংশ নেন, তাহলে আপনি অবশ্যই টেলিফোন ক্লেইমস সেন্টারে\* জানাবেন যে আপনার প্রশিক্ষণটি রেজিস্টার্ড অ্যাপ্রেনটিশশিপ প্রোগ্রাম-এর জন্য আপনার অ্যাপ্রেনটিশশিপ চুক্তির (ফর্ম AT401) একটি আবশ্যিকতা।

আপনি যদি একটি রেজিস্টার্ড অ্যাপ্রেনটিশশিপ প্রোগ্রামে অংশ নিতে ইচ্ছুক থাকেন, তাহলে আরো তথ্যের জন্য আপনার স্থানীয় অ্যাপ্রেনটিশশিপ অফিসে যোগাযোগ করুন। অ্যাপ্রেনটিশশিপ অফিসগুলির তালিকা পেতে, দেখুন [www.labor.ny.gov/apprenticeship/contactus.shtml](http://www.labor.ny.gov/apprenticeship/contactus.shtml)।

### একটি ব্যবসা শুরু করা: সেলফ এমপ্লয়মেন্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SEAP)

স্বনিযুক্তি সহায়তা কার্যক্রম, বা SEAP আপনার বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার সময়ে আপনার নিজের ব্যবসা শুরু করতে অনুমোদন দেয়। যখন আপনার ব্যবসা থেকে অর্থ আসবে, তখন আপনি 26 সপ্তাহ পর্যন্ত বেনিফিট পেতে পারেন। SEAP প্রোগ্রামে অংশগ্রহণ করার সময় আপনাকে অন্য কাজ না দেখলেও হবে, কিন্তু ব্যবসাতে সম্পূর্ণ সময়ের জন্য আপনাকে অবশ্যই কাজ করতে হবে। **গুরুত্বপূর্ণ: এই প্রোগ্রামের জন্য যোগ্য হতে, কাজ খোঁজার আগে আপনার বেকারত্ব বেনিফিট নিঃশেষ তা আমাদেরকে আগে জানতে হবে।** উপরন্তু, যখন আপনি SEAP এর জন্য আবেদন করবেন তখন আপনার অবশ্যই 13 বা তার বেশী বেনিফিট দাবির জন্য থাকতে হবে। বেনিফিট নিতে থাকার সময়ে আপনার নিজের ব্যবসা শুরু বা তা পরিচালনা করতে পারার পূর্বে আপনাকে অবশ্যই কার্যক্রমের প্রয়োজনীয়তাসমূহ পূরণ করতে হবে এবং **শ্রমবিভাগ থেকে স্বনিযুক্তি সহায়তা কার্যক্রম-এ** ভর্তি লিখিত স্বীকৃতি পেতে হবে।

SEAP সম্পর্কে আরো তথ্যের জন্য, [www.labor.ny.gov/seap](http://www.labor.ny.gov/seap) এ যান অথবা একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে যোগাযোগ করুন। নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, <http://labor.ny.gov/career-center-locator/> এ যান অথবা আমাদের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYSDOL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন।

### আমি বৈদেশিক বাণিজ্যের কারণে চাকরি হারিয়েছি। ট্রেড অ্যাডজাস্টমেন্ট অ্যাসিস্ট্যান্স (TAA) কি?

আপনি যদি বৈদেশিক বাণিজ্যের কাজের অভাবে নিষ্ক্রিয় শ্রমিকে পরিণত হয়ে থাকেন, তাহলে আপনি হয়তো ফেডারেল অ্যাডজাস্টমেন্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের জন্য বা ছোট করে TAA এর জন্য যোগ্য হতে পারেন। TAA সহায়তার মধ্যে থাকতে পারে:

- **নতুন কাজের সহায়তা পাওয়া এবং প্রশিক্ষণ।** এর মধ্যে আপনার দক্ষতা, কেরিয়ার কাউন্সেলিং, রিজুইমে লেখা ও ইন্টারভিউয়ের দক্ষতা, কাজের রেফারেল এবং আরো অনেক কিছু অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **পরিবহন ও জীবিকা নির্বাহের পেমেন্ট** আপনার যাতায়াতের এলাকার বাইরে প্রশিক্ষণে যোগ্য দিতে অতিরিক্ত পরিবহন এবং জীবন ধারণের খরচের সাহায্য করতে পারে।
- **কর্ম অনুসন্ধান ভাতা** আপনার যাতায়াতের এলাকার বাইরে কাজের ইন্টারভিউয়ের খরচের জন্য সাহায্য করতে পারে।
- **নতুন কাজের জন্য আপনার যাতায়াতের এলাকার বাইরে আপনাকে যেতে হলে** আপনার পরিবার ও আপনার জন্য স্থানান্তরের ভাতা দিয়ে সাহায্য করা হতে পারে।
- **ট্রেড অ্যাডজাস্টমেন্ট অ্যালায়েন্স (ছোট করে TRA)।** এই সাপ্তাহিক ভাতা আপনার বেকারত্ব বিমার বেনিফিট শেষ করার পর প্রদান যোগ্য।
- **বিকল্প বা রিএমপ্লয়মেন্ট ট্রেড অ্যাডজাস্টমেন্ট অ্যালায়েন্স (ছোট করে ATAA বা RTAA)।** যদি আপনার বয়স অন্তত 50 বছর হয় এবং আপনি বৈদেশিক বাণিজ্যের জন্য আপনার কাজ হারানোর 26 সপ্তাহের মধ্যে নতুন সম্পূর্ণ সময়ের কাজ পান, তাহলে আপনি এইসব অ্যালায়েন্সের জন্য যোগ্য হতে পারেন। আপনার আগের ও নতুন কাজের মধ্যে বেতনের পার্থক্য কমাতে সাহায্য করেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**গুরুত্বপূর্ণ: এইসব কয়েকটি বেনিফিট পাওয়ার যোগ্য হওয়ার জন্য আপনাকে নির্দিষ্ট কিছু সময়সীমা মেনে চলতে হবে।**

আপনি যদি  
বৈদেশিক বাণিজ্যের  
কাজের অভাবে  
নিষ্ক্রিয় শ্রমিকে  
পরিণত হয়ে থাকেন,  
তাহলে আপনি হয়তো  
ফেডারেল  
অ্যাডজাস্টমেন্ট  
অ্যাসিস্ট্যান্স  
প্রোগ্রামের জন্য বা  
ছোট করে TAA এর  
জন্য যোগ্য হতে  
পারেন।

এই বেনিফিটগুলির যোগ্য হওয়ার জন্য, ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ লেবারকে অবশ্যই সার্টিফিকেট দিতে হবে যে আপনার চাকরি হারানোর পেছনে একটি গুরুত্বপূর্ণ কারণ হল বৈদেশিক বাণিজ্য। এই প্রত্যয়ন পেতে দরখাস্ত জমা দেওয়া আবশ্যিক। দরখাস্ত এইভাবে পূরণ করা যেতে পারে:

- একই কর্মস্থলের তিনজনের সহকর্মী গ্রুপ;
- একজন ইউনিয়ন আধিকারিক;
- একজন কোম্পানি আধিকারিক; বা
- আপনার নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারের কোনো স্টেট বা স্থানীয় এজেন্সির একজন প্রতিনিধি।

আপনি [www.doleta.gov/tradeact/petitions.cfm](http://www.doleta.gov/tradeact/petitions.cfm) এ অনলাইনে দরখাস্তের ফর্ম নিয়ে নির্দেশনা অনুসারে জমা দিতে পারেন। এই আবেদনটি অবশ্যই আপনার চাকরি হারানোর এক বছরের মধ্যেই ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ লেবার-এ ফাইল করতে হবে। যখন মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রমবিভাগ বৈধ দরখাস্ত পাবে, তার 40 দিনের মধ্যে সিদ্ধান্ত জানানো হবে।

এই কার্যক্রমের অধীনে আপনি সে সহায়তা ও পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারেন সেগুলি সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে যোগাযোগ করুন। নিকটবর্তী কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, <http://labor.ny.gov/career-center-locator/> এ যান অথবা নিউইয়র্ক স্টেটের শ্রমবিভাগের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYS DOL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন।

**আমি আমার পুরানো শিল্পক্ষেত্রে বা পেশায় অন্য একটি চাকরি খুঁজে পেতে পারব এমন সম্ভাবনা কম। “স্থানান্তরিত কর্মী” পরিষেবাগুলি কি?**

যে ব্যক্তি নিম্নলিখিত অবস্থাগুলির কোন একটি কারণে তার চাকরি হারিয়েছেন, তাকে “স্থানান্তরিত কর্মী” বলা হয়:

- আপনাকে আপনার চাকরি থেকে বরখাস্ত বা ছাঁটাই করা হয়েছে, আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার যোগ্য এবং আপনার পুরানো শিল্পক্ষেত্রে বা কাজে ফিরে যাওয়ার সম্ভাবনা কম বলে আমাদের মনে হয়েছে;
- কোন কারখানা বন্ধ হয়ে যাওয়া বা প্রচুর ছাঁটাইয়ের কারণে আপনি আপনার চাকরি হারিয়েছেন;
- আপনি দীর্ঘদিন ধরে বেকার ছিলেন এবং এক বা একই ধরনের কাজে আপনার আর একটি চাকরি পাওয়ার সম্ভাবনা কম; বা
- আপনি স্বনিযুক্ত ছিলেন এবং সাধারণ অর্থনৈতিক অবস্থা বা প্রাকৃতিক বিপর্যয়ের কারণে বেকার হয়ে পড়েছেন।

আপনি যদি লেবার ফোর্স থেকে দীর্ঘদিন ধরে দূরে থাকেন তাহলেও আপনাকে স্থানান্তরিত কর্মী হিসাবে বিবেচনা করা হবে। উদাহরণস্বরূপ: আপনি পুরো সময়ের হোম-মেকার ছিলেন এবং আপনি আপনার আয়ের উৎস হারানোয় আপনাকে এখন অবশ্যই লেবার ফোর্সে ফিরে যেতে হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরকে সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

একজন স্থানান্তরিত কর্মী হিসাবে, আপনি প্রশিক্ষণ এবং অন্যান্য পরিষেবাগুলির জন্য যোগ্য বিবেচিত হবেন। এই প্রোগ্রামের আওতায় যে পরিষেবাগুলি উপলব্ধ সেগুলি সম্বন্ধে তথ্য পেতে একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে যোগাযোগ করুন। নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, <http://labor.ny.gov/career-center-locator/> এ যান অথবা নিউইয়র্ক স্টেটের শ্রমবিভাগের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYSDOL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন।

### **আমি যদি নিউ ইউর্ক স্টেট-এর বাইরে কাজ করে থাকি তাহলে কি হবে?**

আপনি যদি গত 18 মাসে নিউ ইউর্ক স্টেট-এ কাজ না করে থাকেন, তাহলে আপনি অন্য যে স্টেটে কাজ করেছেন সেখানে অবশ্যই আপনাকে দাবি ফাইল করতে হবে। অন্য স্টেটে কিভাবে তা করতে হয় তার জন্য সেই স্টেটের ওয়েবসাইট দেখুন।

### **আমি যদি নিউ ইউর্ক স্টেট-এর বাইরে চলে যাওয়ার পরিকল্পনা করি তাহলে কি হবে?**

কীভাবে দাবি স্থানান্তর করতে হয় তা টেলিফোন ক্লেইমস সেন্টার\* আপনাকে জানাবে।

আপনাকে অনলাইনে শ্রমবিভাগের সঙ্গে যোগাযোগ করে বা টেলিফোন ক্লেইমস সেন্টার\* কল করার মাধ্যমে ঠিকানা পরিবর্তন করতে হবে। আপনার ঠিকানা অনলাইনে পরিবর্তন করতে [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং আমার অনলাইন পরিষেবা পৃষ্ঠায় “বেকারত্বের পরিষেবা”-তে ক্লিক করুন। এটি আপনাকে বেকারত্বের বিমা বেনিফিটের অনলাইন পৃষ্ঠায় নিয়ে যাবে। “সাপ্তাহিক বেনিফিটের দাবি করুন” বোতামে ক্লিক করলে সেটি আপনাকে বেনিফিট পেমেন্ট পৃষ্ঠায় আপনাকে নিয়ে যাবে। সেই পৃষ্ঠার “অবিরত করুন” বোতামে ক্লিক করুন, যেটি আপনাকে সাপ্তাহিক বেনিফিটের দাবির পৃষ্ঠায় নিয়ে যাবে। আপনার ঠিকানা এবং/অথবা ফোন নম্বর পরিবর্তন করতে “ঠিকানা/টেলিফোন নম্বর পরিবর্তন করুন” বোতামে ক্লিক করুন।

এছাড়াও আপনাকে টেলিফোন ক্লেইমস সেন্টার\* কল করার মাধ্যমে আপনার ঠিকানা পরিবর্তন করতে হবে। প্রধান মেনুতে, “PIN বা ঠিকানা পরিবর্তনের জন্য” বিকল্পটি চয়ন করুন।

আপনার বেকারত্ব বিমা বেনিফিটের অর্থপ্রদানের পদ্ধতির জন্য আপনি অবশ্যই আপনার যোগাযোগের তথ্য আপডেট করবেন। ডিরেক্ট ডিপোজিট পরিষেবা ব্যবহারকারীদের উচিত তাদের ব্যাঙ্কের সাথে যোগাযোগ করা। ডেবিট কার্ড ব্যবহারকারীদেরকে (866) 295-2955 নম্বরে KeyBank গ্রাহক পরিষেবায় যোগাযোগ করতে হবে।

### **বেকারত্ব বিমা বেনিফিটসমূহ করযোগ্য**

বেকারত্ব বিমা বেনিফিটসমূহ ফেডারাল, নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় করযোগ্য। আপনি আপনার বেকারত্ব বিমা বেনিফিট থেকে ফেডারাল এবং/বা স্টেটের কর কাটিয়ে নিতে পারেন। আপনি যদি তা না করেন তাহলে, বছরের শেষে আপনার কর বাকি থাকবে। আপনি যদি ফেডারাল ট্যাক্স কাটানোর সিদ্ধান্ত নেন, তাহলে আপনার সাপ্তাহিক বেনিফিটের দশ শতাংশ কেটে নেওয়া হবে। আপনি যদি স্টেট ট্যাক্স কাটানোর সিদ্ধান্ত নেন, তাহলে আপনার সাপ্তাহিক বেনিফিটের 2.5 শতাংশ কেটে নেওয়া হবে। শিশু সহায়তা অর্থ ইত্যাদি অবশ্য-প্রদত্ত অর্থ বিয়োগ করার পরেই ফেডারাল এবং/বা স্টেটের ট্যাক্স কাটা হবে। ট্যাক্স কাটানো আপনার স্বৈচ্ছাধীন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এই ওয়েবসাইটে আপনার অ্যাকাউন্টের মাধ্যমে বা টেলিফোন ক্লেইমস সেন্টারে ফোন করে আপনি যেকোন সময়ে ট্যাক্স কাটানো শুরু বা বন্ধ করতে পারেন।\* ট্যাক্স হিসাবে কাটানো কোন অর্থ শ্রম বিভাগ আপনাকে ফেরৎ দিতে পারে না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**বছর-শেষের ট্যাক্স বিবৃতি (ফর্ম 1099-G)**

জানুয়ারীর প্রারম্ভে, আপনার কর সংক্রান্ত বিবৃতি (ফর্ম 1099-G) প্রাপ্তিসাধ্য হবে। কোন একটি ক্যালেন্ডার বছরে আপনাকে মোট কত বেকারত্ব বিমা বেনিফিট অর্থ প্রদান করা হয়েছে এবং কত ট্যাক্স কাটা হয়েছে তা এটি দেখাবে। আপনি হয় আপনার অনলাইন অ্যাকাউন্ট [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) থেকে এটির প্রিন্ট নেবেন, অথবা আপনাকে একটি কপি ডাকযোগে পাঠানোর জন্য বলতে আপনি টেলিফোন ক্লেইমস সেন্টার\*-এ (আপনি আপনার ভাষা নির্বাচন করার পরে, আপনার 1099 ফর্মটি পাওয়ার জন্য প্রস্পটগুলি অনুসরণ করুন) ফোন করতে পারেন। আপনি আপনার দাবি ফাইল করার সময়ে আপনার প্রদত্ত PIN আপনার প্রয়োজন হবে। 1099-G ফর্মটির তথ্য ফেডারাল ইন্টারনাল রেভিনিউ সার্ভিস এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশান অ্যান্ড ফাইন্যান্স-এও পাঠানো হয়।

ফেডারাল ট্যাক্সের ব্যাপারে আপনার কোন প্রশ্ন থাকলে, (800) 829-1040 নম্বরে ইন্টারনাল রেভিনিউ সার্ভিস-এ (Internal Revenue Services, IRS) ফোন করতে পারেন বা [www.irs.gov](http://www.irs.gov) ওয়েবসাইট দেখতে পারেন। স্টেট ট্যাক্সের ব্যাপারে আপনার কোন প্রশ্ন থাকলে, (518) 457-5181 নম্বরে নিউইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশান অ্যান্ড ফাইন্যান্স-এ ফোন করতে পারেন বা [www.tax.ny.gov](http://www.tax.ny.gov) ওয়েবসাইট দেখতে পারেন।

বেকারত্ব বিমা  
বেনিফিট পাওয়ার  
জন্য আপনার  
আবেদন ফাইল  
করার অধিকার  
ছেড়ে দিতে কোন  
কর্মনিয়োগকারী  
আপনাকে  
জোরপূর্বক বাধ্য  
করলে তা বেআইনি  
হবে।

**আমার কর্মনিয়োগকারী আমাকে একজন স্বাধীন কন্ট্রাক্টর হিসাবে এবং/বা হিসাব  
বহির্ভূতভাবে অর্থ প্রদান করেছিলেন। আমি কী করব?**

বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার জন্য আপনার আবেদন ফাইল করার অধিকার ছেড়ে দিতে কোন কর্মনিয়োগকারী আপনাকে জোরপূর্বক বাধ্য করলে তা বেআইনি হবে। কোন কর্মনিয়োগকারীর আপনাকে বলা উচিত নয় যে আপনি বেনিফিট ক্লেইম বা দাবি করতে পারবেন না। প্রত্যেকের একটি দাবি ফাইল করার অধিকার আছে। আপনি বেনিফিট পাওয়ার যোগ্য কি না তা একমাত্র শ্রম বিভাগ নির্ধারণ করবে। আপনার কর্মনিয়োগকারী আপনাকে একজন একক কন্ট্রাক্টর হিসাবে বা হিসাবের খাতার বাইরে একজন কর্মী হিসাবে বিবেচনা করেছেন কি না তার উপরে কিছুই নির্ভর করে না। আপনাকে নগদে, চেকের মাধ্যমে, আংশিক নগদে/আংশিক চেকের মাধ্যমে বা অন্যভাবে অর্থ প্রদান করার উপরে কোন কিছু নির্ভর করে না। যদি আপনার মনে হয় যে আপনি বেনিফিটের জন্য যোগ্য, তাহলে আপনাকে আবেদন করতে হবে এবং বিভাগকে আপনার কেস পর্যালোচনা করতে দিন।

আপনি যদি ত্রুটিপূর্ণভাবে একজন স্বাধীন কন্ট্রাক্টর হিসাবে শ্রেণিভুক্ত হয়ে থাকেন বা আপনাকে হিসাবের খাতার বাইরে অর্থ প্রদান করা হয়ে থাকে, তাহলে আপনার পারিশ্রমিক আপনার আর্থিক বেনিফিট নির্ধারণ ফর্মে দেখা যাবে না। অনুগ্রহ করে পৃষ্ঠা 11 দেখুন: **“যদি আপনার আর্থিক সুবিধা নির্ধারণ বিজ্ঞপ্তি থেকে পারিশ্রমিক এবং/বা কর্মনিয়োগকারীরা বাদ পড়ে।”** এই হ্যান্ডবুকের শেষে দেওয়া “পুনর্বিবেচনার জন্য অনুরোধ” বা “Request for Reconsideration” ফর্মটি সম্পূর্ণ করে পাঠান।

আপনি পূরণ করার জন্য প্রশ্নাবলী পেতে পারেন অথবা আপনি আপনার কর্মীর শ্রেণীর স্থিতি সম্পর্কে টেলিফোন ক্লেইমস সেন্টারের\* মাধ্যমে যোগাযোগ করতে পারেন। যত দ্রুত সম্ভব আপনার প্রশ্নাবলী পূরণ করে ফেরত পাঠান। **অনুগ্রহ করে মনে রাখবেন:** স্বাধীন কন্ট্রাক্টর/নথিহীন পেমেন্টের সমস্যার সমাধানের জন্য ছয় বছরের বেশী সময় লাগতে পারে।

যদি আপনি এমন কোন কর্মীর সম্বন্ধে জানেন যার ত্রুটিপূর্ণভাবে শ্রেণিবিভাগ করা হয়েছে, তাহলে (866) 435-1499 (24-ঘন্টা) নম্বরে কর্মনিয়োগকারীদের জালিয়াতি সংক্রান্ত হটলাইন-কে বা সকাল 8টা থেকে বিকাল 4টার মধ্যে (518) 485-2144 নম্বরে বেকারত্ব বিমা জালিয়াতি শাখাকে-তে ফোন করুন। আমরা আপনার তথ্য গোপন রাখব এবং আপনি অজ্ঞাত পরিচয় হয়ে থাকতে পারেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরদের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

## 12. গুরুত্বপূর্ণ শব্দগুলির সংজ্ঞা

**599 প্রোগ্রাম বা কার্যক্রম:** এটি একটি প্রোগ্রাম যা বেকারত্ব বিমার বেনিফিটগুলি পাওয়ার সময়ে স্কুল বা প্রশিক্ষণে অংশ নেওয়ার অনুমোদন দেয়। **প্রশিক্ষণে নাম লেখানোর পর যত শীঘ্রই সম্ভব শ্রমবিভাগে জানাতে হবে।**

**TAA প্রোগ্রাম বা কার্যক্রম:** ট্রেড অ্যাডজাস্টমেন্ট অ্যাসিস্ট্যান্স (Trade Adjustment Assistance, TAA) বা ব্যবসা নিয়ন্ত্রণ সহায়তা (ট্রেড আইন) কার্যক্রম একটি ফেডারেল কার্যক্রম যেটি যেসব কর্মীরা বৈদেশিক বানিজ্যের ফলস্বরূপ চাকরিহীন হয়ে পড়েছেন তাদের বিশেষ বেনিফিটসমূহ এবং পরিষেবা প্রদান করে। আরো তথ্যের জন্য একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার-এ যোগাযোগ করুন। নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, <http://labor.ny.gov/career-center-locator/> এ যান অথবা শ্রমবিভাগের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYS DOL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন।

**অতিরিক্ত অর্থপ্রদান:** একটি অতিরিক্ত অর্থপ্রদান ঘটে যখন আপনি এমন বেকারত্ব বিমা বেনিফিট পান যা পাওয়ার যোগ্যতা আপনার নেই। বেশিরভাগ ক্ষেত্রে, অতিরিক্ত অর্থ ডিপার্টমেন্ট অফ লেবারকে অবশ্যই ফেরৎ দিতে হবে। আপনি যদি আপনার বেনিফিটগুলি থেকে ফেডারেল এবং/বা স্টেটের কর কাটিয়ে নিতে চান, তাহলে আপনাকে অবশ্যই আটকে রাখা অর্থরাশিও পরিশোধ করতে হবে।

**অপেক্ষার সময়কাল বা সপ্তাহ:** প্রথম যে সম্পূর্ণ সপ্তাহের বেনিফিট আপনি দাবি করেছিলেন সেটি হল অপেক্ষার সময়কাল বা সপ্তাহ। এই সপ্তাহের জন্য আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাবেন না। এই অপেক্ষার সপ্তাহের পরে, আপনার বেনিফিট দাবি করা প্রতিটি সপ্তাহের জন্য আপনি বেকারত্ব বিমা পাবেন।

**আর্থিক সুবিধা নির্ধারণ** বেনিফিট পাওয়ার যোগ্য হওয়ার জন্য আপনার উপার্জন যথার্থ কিনা এই নোটিশে শুধুমাত্র সেটিই দেখাবে। এটি আপনার ভিত্তি সময়কাল, বেনিফিটের হার (যদি কিছু থাকে) এবং কর্মনিয়োগকারী এবং বেনিফিটের হার নির্ণয়ে ব্যবহৃত পারিশ্রমিক দেখায়। **গুরুত্বপূর্ণ: আর্থিক বেনিফিট সিদ্ধান্তগ্রহণ আপনাকে আপনি বেকারত্ব বিমা বেনিফিটের জন্য যোগ্য কিনা তা জানাবে না।** একটি বেনিফিটের হারের জন্য যোগ্য হওয়ার জন্য আপনার পারিশ্রমিক যথেষ্ট কিনা এটি শুধুমাত্র সেটিই দেখায়। আপনি বেনিফিটের জন্য যোগ্য কিনা তার জন্য অন্যান্য কারণ থাকতে পারে।

**কার্যকরী দিবস:** কোন সপ্তাহে (সোম থেকে রবি) আপনি বেনিফিট পাওয়ার জন্য যোগ্য হলে সেই সপ্তাহের প্রতিটি দিনকেই কার্যকরী দিবস বলা হয়। প্রতিটি সপ্তাহে সর্বোচ্চ চারটি কার্যকরী দিন রয়েছে, এবং আপনার মোট সাপ্তাহিক বেনিফিট হার পেতে আপনাকে চারটির প্রতিটি দিনে যোগ্য হওয়া আবশ্যিক। সপ্তাহের যে সমস্ত দিনে আপনি যোগ্য নন, আপনি একটি কম কার্যকরী দিন পাবেন যা আপনার সাপ্তাহিক বেনিফিটের হারের এক চতুর্থাংশের সমান। উদাহরণস্বরূপ, আপনি যদি সপ্তাহের একদিন কাজ করতে উপলভ্য না হন, অথবা দিনের যে কোনো সময়ে কাজ করে থাকেন অথবা সপ্তাহে একদিনের জন্য বেতন সহ ছুটি পেয়েছেন, তাহলে আপনার বেনিফিটের থেকে একটি কার্যকরী দিন কমে যাবে (আপনার বেনিফিট হারের এক চতুর্থাংশ)। আপনি আপনার দাবিতে সর্বোচ্চ 104টি কার্যকরী দিন পাবেন।

**কর্মনিযুক্তির সপ্তাহ:** বিমার আওতাভুক্ত কর্মে কাজ করার জন্য সোমবার থেকে রবিবার পর্যন্ত যে সময়কালে আপনাকে পারিশ্রমিক প্রদান করা হয়েছিল।

এই অপেক্ষার সপ্তাহে আপনাকে অবশ্যই কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সক্ষম হতে হবে, ঠিক অন্যান্য সপ্তাহের মতোই যেগুলির জন্য আপনি বেকারত্ব বিমা বেনিফিট পান। এছাড়াও, আপনাকে চাকরি খোঁজা এবং সংশ্লিষ্ট রেকর্ড-রক্ষার সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে পৃষ্ঠা 24 - 29 দেখুন: **“চাকরি খোঁজার প্রয়োজনীয়তাগুলি কি কি?”**

আপনি যদি আপনার দাবির প্রথম সপ্তাহে সম্পূর্ণ কাজ করেন বা অন্য কোন কারণে অপেক্ষার পূর্ণ সপ্তাহ জুড়ে কাজ না করেন, তাহলে অপেক্ষার সময়কালটি পরবর্তী সপ্তাহে(গুলিতে) পিছিয়ে দেওয়া হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



**চাকরি খোঁজার পরিকল্পনা:** চাকরি খোঁজার পরিকল্পনা হল নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে আপনার এবং আপনার ওয়ার্কফোর্স অ্যাডভাইজার এর সমন্বয়ে তৈরী ও স্বাক্ষরিত একটি বিধিবদ্ধ চুক্তি। আপনি ঠিক কি প্রকার কাজ খুঁজছেন, আপনি চাকরি খোঁজার জন্য কি প্রকার কাজ করবেন এবং কতবার তা করবেন, এবং আপনাকে যদি চাকরি দেওয়া হয় তাহলে কী পারিশ্রমিক চাইছেন ও স্বীকার করবেন সে সম্বন্ধে এই চুক্তিগুলি লিখিতভাবে প্রকাশ করে। আপনার চাকরি খোঁজার উপরে প্রভাব ফেলতে পারে এমন সীমাবদ্ধতা বা নিয়ন্ত্রণগুলিকেও এই পরিকল্পনাটি উদ্দেশ্য করবে। নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, <http://labor.ny.gov/career-center-locator/> এ যান অথবা শ্রমবিভাগের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYS DOL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন।

**জালিয়াতি:** প্রতারণা বা ভুল তথ্য দেওয়ার কোনো কাজ। উদাহরণস্বরূপ, যখন আপনি বেকারত্ব বিমা বেনিফিট পেতে আপনি কাজও করেছিলেন তখন আপনি কাজ করছেন না এমন প্রত্যয়ন করা।

**দাবিদার:** যে কোন ব্যক্তি যিনি বেকারত্ব বিমা বেনিফিট চাইছেন।

**দুর্ব্যবহার:** দুর্ব্যবহার হল এমন কোন আচরণ করা বা না করা যা কাজের ক্ষেত্রে অনুমোদিত নয় বলে আপনি জানতেন এবং যা আপনার কর্মনিয়োগকারীর ক্ষতিসাধন করেছে বা করতে পারে।

**নির্ণয় করা:** বেকারত্বের বিমা প্রোগ্রামের উদ্দেশ্যসমূহের জন্য, সিদ্ধান্তগ্রহণ হল আপনার দাবি সংক্রান্ত বিষয়ে শ্রম বিভাগের সিদ্ধান্তের আনুষ্ঠানিক নাম। উদাহরণস্বরূপ, আর্থিক বেনিফিট সিদ্ধান্তগ্রহণ ফর্ম থেকে প্রতিটি সপ্তাহে আপনি কি পরিমাণ বেনিফিট পাবেন তা সম্পর্কে আমাদের সিদ্ধান্তের বিষয়ে জানতে পারবে। যোগ্য সিদ্ধান্ত থেকে আপনি বেনিফিটের জন্য যোগ্য কিনা তা জানতে পারবে। আমাদের থেকে “সিদ্ধান্তগ্রহণ” শিরোনাম দেওয়া কোনো বিজ্ঞপ্তি পেলে সেটিকে পড়া, বোঝা এবং রেখে দেওয়া গুরুত্বপূর্ণ।

**বাজেয়াপ্ত দিবস:** বাজেয়াপ্ত দিবস ভবিষ্যতের সেই দিনগুলি যখন আপনি বেনিফিট পাওয়ার যোগ্য, কিন্তু তা পান না কারণ ঐ সমস্ত দিনগুলিতে আপনার বেনিফিটসমূহ সাজা হিসাবে বাজেয়াপ্ত হয়ে গেছে।

**বিমার আওতাভুক্ত চাকরি** আইনিটি আধিকাংশ কর্মনিয়োগকারীকে বেকারত্ব বিমা প্রদান করতে বাধ্য করে। কর্মনিয়োগকারী নিউ ইয়র্ক স্টেটে অর্থ সাহায্য দিয়ে থাকেন, যেগুলি আপনার বেনিফিট প্রদান করতে ব্যবহৃত হয়। এমন কিছু কাজের প্রকার আছে যেগুলি বেকারত্ব বিমার আওতাভুক্ত নয়। যদি আপনার কাজ এর আওতাভুক্ত না হয়ে থাকে, তাহলে শ্রমবিভাগ তা আপনাকে একটি চিঠির মাধ্যমে জানাবে।

**বেকারত্ব বিমা বন্ধ হওয়া পারিশ্রমিক:** যে পারিশ্রমিক অনুমোদিত পেশার জন্য বেকারত্ব বিমার সুবিধায়ুক্ত পারিশ্রমিকের 10 শতাংশের কম।

**বেকারত্ব বিমা সুবিধায়ুক্ত পারিশ্রমিক:** সুবিধায়ুক্ত পারিশ্রমিক হল শ্রমবিভাগের দ্বারা করা জরিপের জন্য নির্ধারিত হিসেবে অনুমোদিত এলাকায় একই কাজের জন্য পারিশ্রমিকের হার। **গুরুত্বপূর্ণ: বেকারত্ব বিমার সুবিধায়ুক্ত পারিশ্রমিক কেবলমাত্র বেকারত্ব বিমার উদ্দেশ্যে ব্যবহৃত হবে। এটি সরকারি কাজ বা বিদেশী শ্রম প্রত্যয়নের উদ্দেশ্যের জন্য সুবিধায়ুক্ত পারিশ্রমিকের জন্য ব্যবহার করা যাবে না, উদাহরণস্বরূপ।** একটি নির্দিষ্ট পেশার জন্য বেকারত্বের বিমার চলতি পারিশ্রমিক দেখতে <http://www.labor.ny.gov/stats/uiwages.shtm> এ যান বা একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারের কাছে যাচাই করুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**বেনিফিট বছর শেষের তারিখ** বেনিফিট বছর শেষের তারিখ হল একটি তারিখ যখন আপনার বেকারত্ব বিমার দাবি শেষ হয়। বেনিফিট বছর শেষের তারিখের পরে, ঐ দাবির ভিত্তিতে আপনি আর বেকারত্ব বিমার বেনিফিট সংগ্রহ করতে পারেন না। আমরা যে নথিপত্র আপনাকে পাঠাব তাতে বেনিফিট বছর শেষের তারিখ দেওয়া থাকবে। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) ওয়েবসাইটে আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমেও আপনি তা খুঁজে পেতে পারেন। বেনিফিট বছরের আংশিক সময়ের জন্য যদি আপনি চাকরিতে নিযুক্ত থাকেন, কিন্তু বেনিফিট বছর শেষের তারিখের পরে বেকার হয়ে গিয়েছিলেন, তাহলে আমাদের ওয়েবসাইটে বা টেলিফোন ক্লেইমস সেন্টারে ফোন করে আপনি আর একটি নতুন ক্লেইম বা দাবি ফাইল করতে পারেন।\*

**বেনিফিট বছর:** বেনিফিট বছর হল একটি এক-বছর সময়কাল যা আপনার আসল দাবি ফাইল করার সপ্তাহের পরের সোমবার থেকে শুরু হয়। আপনার বেনিফিট বছরে আপনাকে 26 সপ্তাহ বা তার সমতুল সময়ের জন্য বেনিফিট প্রদান করা হতে পারে।

**বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণ:** সাপ্তাহিক বেকারত্ব বিমার বেনিফিটগুলি ক্লেইম বা দাবি করার প্রক্রিয়াটিকে বেনিফিটগুলির জন্য নিশ্চিতকরণও বলা হয়। এর কারণ হল এই যে সাপ্তাহিক বেনিফিট দাবির সম্পর্কিত প্রশ্নাবলী উত্তর দেওয়ার সময় আপনি শ্রমবিভাগকে সুনিশ্চিত করেছেন যে আপনার উত্তর সত্য ও সঠিক।

**বেনিফিটের হার:** বেনিফিট-এর হার হল আপনি যদি একটি সম্পূর্ণ সপ্তাহের জন্য বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার যোগ্য হন তাহলে যে পরিমাণ বেনিফিট অর্থ পেয়ে থাকেন তা। আপনার ভিত্তি সময়কালে চাকরি এবং আয়ের উপরে ভিত্তি করে এটির হিসাব করা হয়।

**বেস পিরিয়ড বা ভিত্তি সময়:** বেস সময়সীমা হল আপনার কাজের বা পারিশ্রমিকের এক বছর (চার ক্যালেন্ডার ত্রৈমাসিক)। বেকারত্ব বিমার বেনিফিটের জন্য যোগ্য হতে আপনাকে অবশ্যই চার কোয়ার্টারে ন্যূনতম পরিমাণ পারিশ্রমিক পেতে হবে।

**প্রাথমিক ভিত্তি সময়কাল:** আপনার বেনিফিটের আবেদন করার আগে শেষ পাঁচ ক্যালেন্ডার কোয়ার্টারের প্রথম চারটি সম্পূর্ণ হয়ে গেছে। ত্রৈমাসিকে আপনি বেনিফিটের আবেদন করবেন সেটি আপনার বেস সময়সীমার অংশ হিসেবে গণনা করা হয় না।

**বিকল্প ভিত্তি সময়কাল:** আপনার বেনিফিটের আবেদন করার আগে অবিলম্বে শেষ চার কোয়ার্টার সম্পূর্ণ হয়েছে। ত্রৈমাসিকে আপনি বেনিফিটের আবেদন করবেন সেটি আপনার বিকল্প বেস সময়সীমার অংশ হিসেবে গণনা করা হয় না।

**বর্ধিত বেস সময়কাল:** আপনার বেসিক বেস সময়সীমা, তাছাড়া নিকটবর্তী এক বা দুই কোয়ার্টার, আপনার বর্ধিত বেস সময়সীমা। যারা শ্রমিকের ক্ষতিপূরণ বা স্বৈচ্ছাসেবী অগ্নি-নির্বাপন কর্মীদের বেনিফিট যারা পান এবং যারা তাদের বেসিক বা বিকল্প বেস সময়সীমা ভিত্তিক উপার্জনের ভিত্তিতে যোগ্য নয় কেবলমাত্র সেইসব দাবিদারদের কাছে উপলভ্য।

**স্থানান্তরিত কর্মী** যে ব্যক্তি নিম্নলিখিত অবস্থাগুলির কোন একটি কারণে তার চাকরি হারিয়েছেন, তাকে “স্থানান্তরিত কর্মী” বলা হয়:

- আপনাকে আপনার চাকরি থেকে বরখাস্ত বা ছাঁটাই করা হয়েছে, আপনি বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার যোগ্য এবং আপনার পুরানো শিল্পক্ষেত্রে বা কাজে ফিরে যাওয়ার সম্ভাবনা কম বলে আমাদের মনে হয়েছে;
- কোন কারখানা বন্ধ হয়ে যাওয়া বা প্রচুর ছাঁটাইয়ের কারণে আপনি আপনার চাকরি হারিয়েছেন;
- আপনি দীর্ঘদিন ধরে বেকার ছিলেন এবং এক বা একই ধরনের কাজে আপনার আর একটি চাকরি পাওয়ার সম্ভাবনা কম; বা
- আপনি স্বনিযুক্ত ছিলেন এবং সাধারণ অর্থনৈতিক অবস্থা বা প্রাকৃতিক বিপর্যয়ের কারণে বেকার হয়ে পড়েছেন।

আপনি যদি লেবার ফোর্স থেকে অনেক বছর ধরে দূরে থাকেন তাহলেও আপনাকে স্থানান্তরিত কর্মী হিসাবে বিবেচনা করা হবে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

**সপ্তাহ শেষের তারিখ:** আপনি যে সপ্তাহের জন্য বেনিফিটসমূহ দাবি করছেন সেই সপ্তাহের রবিবার হল সপ্তাহ শেষের তারিখ।

**স্বনিযুক্তি সহায়তা প্রোগ্রাম (SEAP-ও বলা হয়):** স্বনিযুক্তি সহায়তা কার্যক্রম বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার সময়ে কিছু ব্যক্তিকে নিজের ব্যবসা শুরু করতে অনুমোদন দেয়। এই প্রোগ্রামের জন্য যোগ্য হতে, আপনার বেনিফিট যে শেষ হয়ে আসছে তা **শ্রমবিভাগের** নজরে আসতে হবে। আপনার দাবিতে আপনার 13 বা তার বেশী সপ্তাহের বেনিফিট আপনার থাকা আবশ্যিক। বেনিফিটগুলি নিতে থাকার সময়ে আপনার নিজের ব্যবসা শুরু বা তা পরিচালনা করতে পারার পূর্বে এই কার্যক্রম-এ ভর্তির জন্য আপনাকে অবশ্যই শ্রম দপ্তরের কাছে অনুরোধ জানাতে হবে এবং SEAP প্রোগ্রামে **লিখিত স্বীকৃতি** পেতে হবে। যদি আপনি SEAP এ স্থান পান, আপনি শুরু করার জন্য পূর্ণ সময়ের জন্য কাজ করতে পারেন এবং বেকারত্ব বিমা বেনিফিট পাওয়ার সময় আপনার ব্যবসা চালান, এমন আপনার ব্যবসা থেকে আয় হলেও। SEAP সম্পর্কে আরো তথ্যের জন্য, [www.labor.ny.gov/seap](http://www.labor.ny.gov/seap) এ যান অথবা একটি নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টারে যোগাযোগ করুন। নিউইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার খুঁজে পেতে, <http://labor.ny.gov/career-center-locator/> এ যান অথবা শ্রমবিভাগের যোগাযোগ কেন্দ্রে (888) 4 NYS DOL ((888) 469-7365) নম্বরে সোম-শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এর মধ্যে ফোন করুন।

### 13. পরিশিষ্ট I: দাবিদারের আইনজীবীর দপ্তর

**বেকারত্বের বিমা প্রক্রিয়াম দাবিদারদের তাদের অধিকার এবং কর্তব্য সম্পর্কে তথ্য দেওয়া**

আপনি যদি এই পুস্তিকাটি পড়ে থাকেন, এবং টেলিফোন ক্লেইমস সেন্টার-এ ফোন করে থাকেন,\* এবং তাসত্ত্বেও বেকারত্ব বিমা, একটি বিশেষ সমস্যা সম্পর্কে আপনার প্রশ্ন থেকে যায় তাহলে আমাদের দাবিদারের আইনজীবীর অফিস সাহায্য করতে পারে। এই বিনামূল্য, নিরপেক্ষ পরিশেষাটি সমস্ত দাবিদারদের জন্য উপলব্ধ, বিশেষ করে যাদের ইংলিশে সীমিত দক্ষতা আছে বা অন্যান্য বাধা আছে।

গুরুত্বপূর্ণ: আপনি আপনার দাবিটি দাখিল করার দিন থেকে আপনার প্রথম অর্থ প্রদানটি পেতে তিন থেকে ছয় সপ্তাহ সময় লাগতে পারে। কারণ আপনার বেনিফিটের জন্য আবেদনটি আমাদেরকে পর্যালোচনা এবং প্রক্রিয়া করতে হবে, আপনি এই সময়ে বেনিফিটগুলো পাবেন না। যদি সময় অতিক্রান্ত হয়ে না থাকে, অনুগ্রহ করে পর্যালোচনা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত অপেক্ষা করুন। এছাড়াও, ক্লেইমেন্ট অ্যাডভোকেট অফিস টেলিফোন ক্লেইমস সেন্টার থেকে পৃথক। \* অ্যাডভোকেটরা দাবির প্রক্রিয়া করতে পারবে না, সিদ্ধান্তগ্রহণ করতে পারবে না অথবা স্বরাশ্রিত করতে পারবে না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিশেষা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

ক্লেইমেন্ট  
অ্যাডভোকেট অফিস  
টেলিফোন ক্লেইমস  
সেন্টার থেকে  
পৃথক।\*

### আমরা কিভাবে সহায়তা করতে পারি

অ্যাডভোকেটরা দাবিদারের বোঝাতে সাহায্য করতে পারে:

- তাদের অধিকার ও দায়িত্বসমূহ;
- বেকারত্বের বিমা সিদ্ধান্তগ্রহণ এবং অন্য যোগাযোগ;
- কীভাবে একটি শুনানির ব্যবস্থা করা যায়; এবং
- কীভাবে একটি রায়ের জন্য আপিল করতে হয়।

### আমরা কোনটি পারি না

অ্যাডভোকেটরা যা পারেন না:

- আইনি প্রতিনিধিত্ব প্রদান করুন;
- আপনার দাবি ত্বরান্বিত করুন;
- আপনার যোগ্যতা সম্পর্কে সিদ্ধান্ত নিন;
- একটি দাবি ফলাফল প্রভাবিত করুন; অথবা
- বেনিফিট প্রদান করুন।

### কেস সহায়তা নির্দেশিকা

যে সমস্ত দাবিদাররা নিচের নির্দেশিকা পূরণ করেছে তাদেরকে অ্যাডভোকেটরা সহায়তা করতে পারেন। অনুগ্রহ করে নির্দেশিকাটি পড়ুন এবং আপনি কোন পরিস্থিতিতে রয়েছেন তা খুঁজুন।

#### 1. আপনি কি দাবির আবেদন করার পরেও শ্রমবিভাগ থেকে কোনো উত্তর পাচ্ছেন না?

অ্যাডভোকেট আপনাকে সহায়তা করার আগে, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি নিম্নলিখিত বিষয়গুলো করেছেন:

- **আপনার প্রথম দাবির আবেদন (নতুন দাবি) করার পর অন্তত ছয় সপ্তাহ কেটে যাওয়ার অনুমতি দেওয়া হয়েছে।** নতুন দাবিগুলোর জন্য সাধারণত তিন থেকে ছয় সপ্তাহ পর্যালোচনা ও প্রক্রিয়া করতে লেগে যায়। ছয় সপ্তাহ না হওয়া পর্যন্ত অনুগ্রহ করে এই অফিসের সঙ্গে যোগাযোগ করবেন না। যদি পাঁচ সপ্তাহের কম হয় তাহলে অপেক্ষা করতে থাকুন।
- **আপনি যে যে সপ্তাহে বেকার ছিলেন এবং প্রস্তুত ছিলেন, কাজ করতে ইচ্ছুক বা সক্ষম ছিলেন তার সাপ্তাহিক বেনিফিট দাবি করা হয়েছে (এর জন্য প্রত্যয়ন করা হয়েছে)।** সাপ্তাহিক বেনিফিট দাবি (প্রত্যয়ন করা) করা হয় মানে কি সেই বিষয়ে নিশ্চিত নন? অনুগ্রহ করে এই পুস্তিকার 6 নং অধ্যায় দেখুন: 16 পৃষ্ঠায় “**আমি কিভাবে সাপ্তাহিক বেনিফিটগুলি দাবি করব?**” যদি আপনি কোনো সপ্তাহের বেনিফিট দাবি করতে ভুলে যান তাহলে অনুগ্রহ করে পৃষ্ঠা নং 18 দেখুন: আপনি যে সপ্তাহগুলো বাদ দিয়ে গেছেন সেগুলোর জন্য কীভাবে ক্রেডিটের অনুরোধ করা যায় তা জানতে “**সাপ্তাহিক বেনিফিটগুলি কখন দাবি করতে হয়?**” দেখুন।
- **টেলিফোন ক্লেইমস সেন্টারে\* ওয়েব বা ফোন মারফত যোগাযোগ করা হয়েছে।** আমরা বুঝেছি যে কলের অপেক্ষা সময় দীর্ঘস্থায়ী হতে পারে, বিশেষ করে সপ্তাহের প্রথমে এবং সরকারি ছুটির আগে ও পরে। আমরা আপনাকে সপ্তাহের পরবর্তী সময়ে এবং দিনে একবারের বেশী কল করতে উৎসাহিত করছি। এছাড়াও আপনি নিরাপদ বার্তার মাধ্যমে টেলিফোন ক্লেইমস সেন্টারের\* সঙ্গে যোগাযোগ করতে পারেন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন। তারপর, অনলাইন পরিষেবা পৃষ্ঠার উপরের ডানদিকে এনভেলাপ আইকনে ক্লিক করুন।

আপনার দাবির আবেদন করার পর থেকে যদি ছয় সপ্তাহের বেশী সময় কেটে গিয়ে থাকে এবং শ্রমবিভাগ থেকে আপনি কোনো উত্তর না পেয়ে থাকেন, তাহলে আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারে\* ফোন করতে পারেন অথবা দাবিদার অ্যাডভোকেটের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

যদি আপনি এইসব নির্দেশিকা পূরণ না করেন, তাহলে এই অফিসটি সম্ভবত আপনাকে সহায়তা করতে পারবে না। মনে রাখবেন যে সমস্ত দাবি অবশ্যই পর্যালোচনা এবং প্রক্রিয়া করা হবে। এটি ছয় সপ্তাহ পর্যন্ত সময় নিতে পারে। যদি আপনার দাবি পর্যালোচনাধীন হয় তাহলে আপনাকে অবশ্যই পর্যালোচনা শেষ না হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে। যদি বেনিফিট থামানো হয় এবং আপনি কোনো প্রম্নাবলী না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে টেলিফোন ক্লেইমস সেন্টারে\* ফোন করে জিজ্ঞাসা করুন কেন বেনিফিট থামানো হয়েছে।

## 2. আপনি কি দাবির আবেদন করতে চাইছেন, কিন্তু সিস্টেম থেকে জানা যাচ্ছে যে আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারের\* প্রতিনিধির সঙ্গে কথা বলেছেন এবং আপনি কারোর সঙ্গে যোগাযোগ করতে পারেন নি?

আপনাকে টেলিফোন ক্লেইমস সেন্টারের\* প্রতিনিধির সঙ্গে কথা বলা চালিয়ে যেতে হবে কারণ তারাই একমাত্র আপনার দাবি সম্পূর্ণ করতে পারেন। আমরা বুঝছি যে কলের অপেক্ষা সময় দীর্ঘস্থায়ী হতে পারে, বিশেষ করে সপ্তাহের প্রথমে এবং সরকারি ছুটির আগে ও পরে। আমরা আপনাকে দিনে একবারের বেশী কল করার জন্য উত্সাহিত করছি। যে সপ্তাহে আপনি দাবির আবেদন করছেন সেই সপ্তাহে আপনি যদি কোনো প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করতে না পারেন এবং সেটি মিস করেন, তাহলে টেলিফোন ক্লেইমস সেন্টার\* দাবির তারিখ পিছিয়ে কোনো সপ্তাহের আগের তারি করতে পারে।

## 3. আপনার প্রাপ্ত বেনিফিট কি অপ্রত্যাশিতভাবে বন্ধ হয়েছে?

যদি আপনি বেনিফিট পাচ্ছিলেন কিন্তু তা কোনো কারণে অপ্রত্যাশিতভাবে বন্ধ হয়ে থাকে তাহলে আপনি অ্যাডভোকেটকে জানানোর আগে নিম্নলিখিত কাজগুলো করেছেন:

- যদি আপনি আপনার সাপ্তাহিক বেনিফিটের দাবির আবেদন করতে না পারেন এবং আপনাকে [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) দেখতে বা (877) 280-4541 নম্বরে কল করতে বলা হয়ে থাকে, তাহলে নিশ্চিত হয়ে নিন যে আপনি প্রথমে এই নির্দেশাবলী অনুসরণ করেছেন;
- নির্দেশনা অনুসরণ করা হয়েছে এবং প্রম্নাবলী ফেরত পাঠানো হয়েছে এবং/অথবা কাগজপত্রের অনুরোধ করা হয়েছে;
- আপনি প্রম্নাবলীর উত্তর দেওয়া বা এজেন্টের সঙ্গে কথা বলার পর দুই সপ্তাহ কেটে গেছে; এবং
- টেলিফোন ক্লেইমস সেন্টারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে।\* আমরা বুঝছি যে কলের অপেক্ষা সময় দীর্ঘস্থায়ী হতে পারে, বিশেষ করে সপ্তাহের প্রথমে এবং সরকারি ছুটির আগে ও পরে। আমরা আপনাকে দিনে একবারের বেশী কল করার জন্য উত্সাহিত করছি। এছাড়াও আপনি নিরাপদ বার্তার মাধ্যমে টেলিফোন ক্লেইমস সেন্টারের\* সঙ্গে যোগাযোগ করতে পারেন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ আপনার অনলাইন অ্যাকাউন্টে সাইন ইন করুন। তারপর, অনলাইন পরিষেবা পৃষ্ঠার উপরের ডানদিকে এনভেলোপ আইকনে ক্লিক করুন।
- যদি আপনি এইসব ধাপগুলো অনুসরণ না করে থাকেন এবং তাও আপনি কোনো উত্তর না পেয়ে থাকলে, অনুগ্রহ করে দাবিদারের অ্যাডভোকেটের সঙ্গে যোগাযোগ করুন।

## 4. আপনি কি কোনো সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তি পেয়েছেন যেখানে বলা আছে যে আপনি বেনিফিটের যোগ্য নন, কিন্তু আপনি সন্মত নন?

দাবিদার অ্যাডভোকেট শুনানি বা আপিল প্রক্রিয়া সম্পর্কে আপনার প্রম্নাবলীর উত্তর দিতে পারেন।

- কিভাবে শুনানি বা আপিলের অনুরোধ করতে হয় তা আমরা ব্যাখ্যা করতে পারি; এবং
- কিভাবে আপিলের জন্য প্রস্তুত হবেন তা আমরা ব্যাখ্যা করতে পারি।

## 5. আপনি সিদ্ধান্তগ্রহণের বিজ্ঞপ্তি পেলেও এর মানে বুঝতে পারেন নি?

দাবিদারের অ্যাডভোকেটের সিদ্ধান্তগ্রহণ সম্পর্কে ব্যাখ্যা করতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন কল করার সময় চিঠিটি আপনার সঙ্গে রাখবেন।

আপনি বেনিফিটের জন্য যোগ্য কিনা বা সিদ্ধান্তগ্রহণের বিষয়টি প্রভাবিত করছেন তা এই অফিস নির্ধারণ করতে পারবে না।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



**6. আপনার কি 26 সপ্তাহ শেষ হয়ে গেছে এবং বেনিফিট সম্প্রসারিত করতে আপনি কি করতে পারেন তা জানতে চান?**

বর্তমানে, বেকারত্ব বিমা সর্বোচ্চ 26 সপ্তাহের বেনিফিট প্রদান করে। এর কোন ব্যতিক্রম হবে না। কংগ্রেস প্রোগ্রামটি সম্প্রসারিত করেনি। এই অফিসটি আপনাকে অতিরিক্ত সপ্তাহ পেতে সহায়তা করবে না কারণ আর উপলব্ধ নেই। যদি আপনি এখনও বেকার থাকেন এবং আপনার জন্য আর কি কি বেনিফিট থাকতে পারে তা জানতে চান তাহলে [www.mybenefits.ny.gov](http://www.mybenefits.ny.gov) ওয়েবসাইট দেখুন।

**7. আপনি টেলিফোন ক্লেইমস সেন্টারের\* মাধ্যমে যোগাযোগ করতে চেষ্টা করেছেন কিন্তু তা করতে পারেন নি?**

দুর্ভাগ্যবশত সপ্তাহে এবং বছরের নির্দিষ্ট সময়ে ফোন করলে অনেকক্ষণ অপেক্ষা করতে হয়। সোমবার এবং ছুটির দিনের পরের দিন সাধারণ ব্যস্ত থাকে। মনে রাখবেন, আপনি সর্বদা নিরাপদ বার্তার মাধ্যমে অনলাইন অ্যাকাউন্ট পাঠাতে পারেন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ সাইন ইন করুন। তারপর, অনলাইন পরিষেবা পৃষ্ঠায় আমার অনলাইন পরিষেবা উপরের ডানদিকে এনভেলোপ আইকনে ক্লিক করুন পৃষ্ঠা।

**8. আপনি দাবির আবেদন করেন নি এবং প্রক্রিয়া সম্পর্কে আপনার প্রশ্ন আছে?**

আপনি দাবির আবেদন করার পরই কেবলমাত্র এই অফিস সাহায্য করতে পারবে।

<http://labor.ny.gov/ui/claimantinfo/beforeyouapplyfaq.shtm> এ আমাদের ওয়েবসাইটে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী এবং এই দাবিদার পুস্তিকা পড়ুন। মনে রাখবেন, যদি এখনও আপনার প্রশ্ন থাকে তাহলে আপনি সর্বদা অনলাইন অ্যাকাউন্টের নিরাপদ বার্তার মাধ্যমে পাঠাতে পারেন। [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ সাইন ইন করুন। তারপর, অনলাইন পরিষেবা পৃষ্ঠার উপরের ডানদিকে এনভেলোপ আইকনে ক্লিক করুন।

আপনি বেনিফিটের জন্য যোগ্য কিনা বা সিদ্ধান্তগ্রহণের বিষয়টি প্রভাবিত করছেন তা এই অফিস নির্ধারণ করতে পারবে না। আপনি বেনিফিটের জন্য যোগ্য কিনা তা খুঁজে পাওয়ার একমাত্র উপায় হল দাবির আবেদন করা। শ্রমবিভাগের দাবি বিশেষজ্ঞরা অবশ্যই দাবি পর্যালোচনা করবেন এবং সিদ্ধান্ত নেবেন।

**কেসের সহায়তার অনুরোধ করা**

যদি আপনি উপরের নির্দেশিকা পূরণ করেন তাহলে, আপনি এই অফিসের সঙ্গে যোগাযোগ করতে পারেন। পরিষেবাগুলি প্রায় 200টি ভাষায় উপলব্ধ আছে।

**ক্রিয়াকলাপের ঘন্টা:** সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে রাত্রি 4 টা পর্যন্ত

টোল-ফ্রী নম্বরে ফোন করুন: (855) 528-5618

আপনি ফোন করার সময়ে, অনুগ্রহ করে:

- আপনার সামাজিক নিরাপত্তা নম্বর;
- প্রশ্নের একটি তালিকা; এবং
- যে কোনো সংশ্লিষ্ট নথিপত্র।

আপনি আমাদের একটি সুরক্ষিত বার্তাও পাঠাতে পারেন। নির্দেশাবলীর জন্য দেখুন 14 অধ্যায়: “**পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো**”। গুরুত্বপূর্ণ: অনুগ্রহ করে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শুধুমাত্র শেষ চারটি অংক ইমেল করুন; পুরো সংখ্যাটি নয়। এছাড়াও আপনার পুরো নাম অন্তর্ভুক্ত করুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

আমাদের অফিসের কর্মীরা আইনজীবী নন, এবং তারা একটি শুনানিতে আপনার প্রতিনিধিত্ব করতে পারেন না। যদি আপনি একজন অ্যাটর্নী বা একজন নথিভুক্ত প্রতিনিধিকে অর্থপ্রদান করতে না পারেন তাহলে, আপনি কোন প্রো-বোনো অ্যাটর্নী বা আপনার স্থানীয় লীগাল এইড সোসাইটি বা আইনি পরিষেবা কার্যক্রমের থেকে বিনামূল্যে প্রতিনিধিত্বের সাহায্য পেতে পারেন। অ্যাটর্নি, নথিভুক্ত প্রতিনিধি, আইনি পরিষেবা কার্যক্রম এবং প্রো-বোনো অ্যাটর্নি সহ আইনি সংস্থানসমূহের তালিকা পেতে বেকারস্ব বীমার আপিল বোর্ড-এর ওয়েবসাইট [www.uiab.ny.gov](http://www.uiab.ny.gov) দেখুন। বা “সংস্থানসমূহের” ট্যাবে ক্লিক করুন এবং তারপরে “অ্যাটর্নী ও অনুমোদিত এজেন্টদের তালিকায়” ক্লিক করুন। আপনি (518) 402-0205 নম্বরে ফোন করেও এই তালিকার অনুরোধ জানাতে পারেন।

## 14. পরিশিষ্ট II: একটি সুরক্ষিত বার্তা পাঠানো

আপনার NY.gov ID দিয়ে আমাদের [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) ওয়েবসাইটে লগ ইন করুন। আপনার যদি ইতিমধ্যেই একটি অ্যাকাউন্ট না থাকে, তাহলে একটি অ্যাকাউন্ট তৈরি করার নির্দেশ দেওয়া আছে আমাদের ওয়েবসাইট [www.labor.ny.gov/signin](http://www.labor.ny.gov/signin) এ। যদি আপনার NY.gov ID তৈরি করতে সমস্যা হয়, তাহলে সাইন ইন পৃষ্ঠায় তালিকাভুক্ত সচিব নির্দেশিকা দেখুন, NY.gov প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন, অথবা সোম - শুক্রবার, সকাল 8:30টা থেকে বিকাল 4:30 এ (800) 833-3000 নম্বরে কল করুন।

একবার সাইন ইন করার পরে, পাতার ওপরে ডানদিকের কোণায় থামের আইকনটি নির্বাচন করুন। এটা আপনাকে আপনার ইনবক্সে নিয়ে যাবে। মেনু বোতামটি নির্বাচন করুন (তিনটি রেখা সহ ছোট বর্গক্ষেত্র) এবং তারপরে “নতুন রচনা করুন (Compose New)” নির্বাচন করুন।

এখন আপনাকে একটি বিষয়ের লাইন চয়ন করতে হবে। বিষয়গুলির একটি তালিকা দেখতে, “বিষয়” শব্দটির পাশের ড্রপডাউন তীরটিতে ক্লিক করুন। যে বিষয়টি আপনার প্রশ্নের সাথে সবচেয়ে ভালভাবে মিলযুক্ত, সেটিতে ক্লিক করুন। আপনি যখন এটা করেন, তখন দ্বিতীয় সারির বিষয়ের লাইনগুলি দেখতে পাওয়া যাবে। আবারও, যে দ্বিতীয় বিষয়টি আপনার প্রশ্নের সাথে সবচেয়ে ভালভাবে মিলযুক্ত, সেটি চয়ন করুন। এটা সুনিশ্চিত করবে যে আপনার বার্তাটি সঠিক কর্মীর কাছে পাঠানো হয়েছে।

আরো তথ্যের জন্য আমাদের “কীভাবে একটি সুরক্ষিত বার্তা পাঠাতে হয়” তথ্যপত্রটি দেখুন এখানে: [www.labor.ny.gov/formsdocs/ui/P837.pdf](http://www.labor.ny.gov/formsdocs/ui/P837.pdf)

## 15. পরিশিষ্ট III: অইলাইনে নিয়ম ও শর্তাবলী পূরণ করা

আপনি যখন আপনার দাবি জমা দেওয়ার জন্য অনলাইন পরিষেবাগুলি ব্যবহার করেন, তখন আপনাকে নিচের নিয়ম ও শর্তাবলীর সঙ্গে অবশ্যই সন্মত হতে হবে।

<p><b>সম্পূর্ণ ও নির্ভুল তথ্য দিন</b></p>	<ul style="list-style-type: none"> <li>আপনি যদি আমাদের অসম্পূর্ণ ও ভুল তথ্য দেন, তাহলে আপনার দাবিটি এবং আপনাকে পরিশোধযোগ্য যে কোনো বকেয়া অর্থপ্রদানে দেরি হতে পারে।</li> <li>আপনি যদি আমাদের মিথ্যা তথ্য দেন বা তথ্য গোপন করেন, তাহলে আপনার ভবিষ্যতের বেনিফিটগুলো চলে যাবে বা কমে যাবে এবং আপনি আইনি মামলার সম্ভাবনা সহ, অন্যান্য গুরুতর পরিণামের সম্মুখীন হতে পারেন।</li> </ul>
---	---

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

<p><b>আপনার দাবি জমা দিন</b></p>	<p>আপনি আপনার আবেদনটি শুরু করার পরে, সমাপ্ত না হওয়া পর্যন্ত সবসময় সামনে এগোবেন।</p> <p>আপনি আপনার দাবিটি জমা দেওয়ার আগে যদি নিচের কোনো কাজ করেন তাহলে আপনার তথ্য হারিয়ে যাবে:</p> <ul style="list-style-type: none"> <li>• আবেদন থেকে প্রস্থান করা</li> <li>• ইন্টারনেট সংযোগ হারানো বা</li> <li>• আপনার ব্রাউজারের “পিছনে” বোতামটি ব্যবহার করা।</li> </ul> <p>আপনি “আবেদনের জবাব পর্যালোচনা” বিভাগে আপনার জবাবগুলি দেখতে, পরিবর্তন করতে বা প্রিন্ট করতে পারেন।</p> <p>এটা হয়ে যাওয়ার পরে “দাবি জমা দিন (Submit Claim)” -এ ক্লিক করুন।</p>
<p><b>আপনার যোগাযোগের তথ্যকে সাম্প্রতিক রাখুন</b></p>	<p>একটি অনলাইন অ্যাকাউন্টের জন্য সাইন ইন করার দ্বারা, আপনি আমাদেরকে দেওয়া যোগাযোগের তথ্যকে সাম্প্রতিক রাখতে সম্মত হয়েছেন। এতে অন্তর্ভুক্ত রয়েছে <b>চিঠি পাঠানোর ঠিকানা</b> (প্রয়োজনীয়) ও <b>ইমেল ঠিকানা</b> (প্রয়োজনীয়)। যদি আপনার যোগাযোগের তথ্যের পরিবর্তন হয়, তাহলে আপনি আমাদের রেকর্ডগুলির জন্য সেই তথ্যকে আপডেট করতে সম্মত হচ্ছেন।</p>
<p><b>বিভাগের সব অনুরোধের উত্তর দিন</b></p>	<p>আমরা NY.gov নিরাপদ বার্তার সিস্টেমের মাধ্যমে আপনাকে যে বার্তা ও প্রশ্নমালাগুলি পাঠাতে পারি, এবং আমরা আপনাকে ডাকযোগে যে সব বার্তা, ফর্ম ও চিঠিগুলি পাঠাই, আপনি সেগুলি দেখতে এবং জবাব দিতে সম্মত হচ্ছেন। সেই নথিগুলিতে তালিকাভুক্ত সময়সীমার মধ্যে আপনাকে অবশ্যই উত্তর দিতে হবে।</p> <p>আপনি স্বীকার করেন ও বোঝেন যে আপনি যদি এগুলি করতে ব্যর্থ হন:</p> <ul style="list-style-type: none"> <li>• আপনার যোগাযোগের তথ্যকে সাম্প্রতিক রাখা,</li> <li>• আপনার NY.gov নিরাপদ বার্তা ইনবক্স দেখা, ও/বা</li> <li>• সেই নথিগুলিতে তালিকাভুক্ত সময়সীমার মধ্যে আমাদের চিঠিপত্রের উত্তর দেওয়া, তাহলে আপনার বেনিফিটগুলো বিলম্বিত, স্থগিত বা প্রত্যাহ্য হতে পারে।</li> </ul>

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

<p><b>দাবি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য রাখুন</b></p>	<p>আপনি আপনার দাবিটি জমা দেওয়ার পরে, একটি <b>“নিশ্চিতকরণ পাতা”</b> দেখতে পাবেন, যেখানে অতিরিক্ত তথ্য ও নির্দেশাবলীর তালিকা আছে।</p> <ul style="list-style-type: none"> <li>• ভবিষ্যতে দেখার জন্য, সেই পাতার তথ্য প্রিন্ট করুন ও লিখে রাখুন।</li> <li>• আপনি যদি এই নির্দেশাবলী অনুসরণ না করেন, তাহলে আপনার অর্থপ্রদানগুলিতে দেরি হতে পারে বা এগুলি হারাতে পারেন।</li> </ul> <p>আপনি যদি আপনার পুরো আবেদনের একটি প্রতিলিপি রেখে দিতে চান, তাহলে আপনি “আবেদনের জবাবগুলি পর্যালোচনা” বিভাগে প্রতিটি পাতা প্রিন্ট করতে পারেন।</p>
<p><b>ডিরেক্ট ডিপোজিট বিকল্প</b></p>	<ul style="list-style-type: none"> <li>• আপনার ডিরেক্ট ডিপোজিট-এর তথ্য জমা দেওয়ার আগে “ডিরেক্ট ডিপোজিট তথ্য পর্যালোচনা” পাতার তথ্য প্রিন্ট করুন বা লিখে নিন।</li> <li>• এটি হল আপনার দেওয়া অ্যাকাউন্ট তথ্যের একমাত্র প্রমাণ।</li> </ul>
<p><b>নির্দেশ দেওয়া হলে ফোন করুন</b></p>	<p>সবগুলি আবেদন অনলাইনে সম্পূর্ণ করা নাও হতে পারে। আপনি যদি একটি নিশ্চিতকরণ পাতা দেখেন যেখানে বলা আছে যে বেকারস্ব বিমা বেনিফিটগুলোর জন্য আপনার আবেদনটি সম্পূর্ণ করতে আপনাকে অবশ্যই একজন দাবি বিশেষজ্ঞ-এর সঙ্গে কথা বলতে হবে, তাহলে আপনাকে অবশ্যই <b>টেলিফোন ক্লেইম সেন্টারে</b> ফোন করতে হবে। আপনার অনলাইনে দেওয়া তথ্যকে সংরক্ষণ করা হবে। <b>তবে আপনি সেই ফোনটি না করা অবধি আপনার দাবিটি প্রক্রিয়া করা হবে না।</b></p>
<p><b>আপনার PIN সুরক্ষিত রাখুন</b></p>	<p><b>***আপনার PIN (ব্যক্তিগত সনাক্তকরণ নম্বর) কখনও কাউকে বলবেন না***</b></p> <p>আপনি যখন একটি দাবি জমা দেন, তখন আপনাকে একটি PIN তৈরি করতে নির্দেশ দেওয়া হবে। আপনার PIN হল আপনার ইলেকট্রনিক স্বাক্ষর।</p> <p>আপনি যতবার দাবি প্রক্রিয়াকরণ সিস্টেমে প্রবেশ করবেন, প্রতিবারই আপনার PIN টি ব্যবহার করবেন। আপনি <b>20 সপ্তাহ পর্যন্ত বেনিফিট হারাতে পারেন</b>, যদি আপনি অন্য একজন ব্যক্তিকে আপনার PIN ব্যবহার করতে দেন।</p> <p>আপনি যদি একজন প্রতিবন্ধকতায়ুক্ত মানুষ হন, যিনি অন্য কারো সহায়তা ছাড়া আমাদের পরিষেবাগুলির সুযোগ নিতে পারেন না, তাহলে আপনি অন্য একজন মানুষকে আপনাকে সাহায্য করার অনুমতি দিতে পারেন। আপনাকে সাহায্যকারী ব্যক্তি যতবার আমাদের পরিষেবাগুলি ব্যবহার করেন, আপনার PIN প্রবেশ করানো সহ, তখন প্রতিবারই আপনাকে অবশ্যই সশরীরে উপস্থিত থাকতে হবে। আপনি আপনার সহায়কের ক্রিয়াকলাপের জন্য দায়বদ্ধ থাকবেন। আপনার সহায়ক আমাদের পরিষেবাগুলি ব্যবহার করার সময় আপনি উপস্থিত না থাকলে আপনি বেনিফিটগুলো বাজেয়াপ্ত হওয়া সহ, জরিমানার সম্মুখীন হতে পারেন।</p>

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

<p><b>বেকারত্ব বেনিফিটগুলোর জন্য আপনাকে যে 9টি কাজ অবশ্যই করতে হবে</b></p>	<ol style="list-style-type: none"> <li><b>আপনি যে দিনগুলোতে কাজ করেন সেই প্রতিটি দিন রিপোর্ট করুন।</b> আপনি যখন আপনার সাপ্তাহিক UI বেনিফিট দাবি করেন, তখন আপনার সমস্ত কাজের দিনগুলো অবশ্যই রিপোর্ট করতে হবে। আংশিক সময়, অস্থায়ী বা বেতনহীন কাজগুলোও এর অন্তর্ভুক্ত।</li> <li><b>নির্ভুল থাকুন।</b> শ্রম বিভাগ আপনাকে যে চিঠিগুলো পাঠিয়েছে সেই সবগুলি যত্নসহকারে পড়ুন। নির্দেশাবলী অনুসরণ করুন এবং সবগুলি ফর্ম যত তাড়াতাড়ি সম্ভব ফেরত দিন। এটা UI অর্থপ্রদানে দেরি হওয়াকে প্রতিরোধ করবে।</li> <li><b>কাজের জন্য উপলভ্য থাকুন।</b> আপনাকে কোনো চাকরি গ্রহণ করার জন্য অবশ্যই অবিলম্বে সক্ষম হতে হবে। প্রতি সপ্তাহে, আপনাকে অবশ্যই প্রতিপাদন করতে হবে যে আপনি কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং সমর্থ ছিলেন।</li> <li><b>চাকরি খুঁজুন।</b> আপনাকে অবশ্যই প্রতি সপ্তাহে চাকরি খুঁজতে হবে এবং আপনি যতজন নিয়োগকর্তার সঙ্গে যোগাযোগ করেছেন তার লিখিত রেকর্ড রাখতে হবে। আপনার সাপ্তাহিক ভিত্তিতে যে সব চাকরি খোঁজার কার্যকলাপগুলি করার প্রয়োজন আছে, তা দেখুন।</li> <li><b>চাকরি খোঁজার একটি পরিকল্পনা করুন।</b> আপনার চাকরি খোঁজার পরিকল্পনায় সাহায্য পাওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেট চাকুরি কেন্দ্রে যোগাযোগ করুন। আপনার সবচেয়ে কাছের স্থানটি খুঁজে পেতে <a href="http://www.labor.ny.gov">www.labor.ny.gov</a> এ যান। আপনি 1-800-447-3992 নম্বরেও কল করতে পারেন। আপনার ভাষাটি বেছে নিন এবং বিকল্প 3 চয়ন করুন।</li> <li><b>আপনি কাজে ফিরে আসার সাথে সাথে যত তাড়াতাড়ি সম্ভব বেনিফিট দাবি করা বন্ধ করুন।</b> আপনার প্রথম পেচেক-এর জন্য অপেক্ষা করবেন না। আপনি যখন একটি পূর্ণ সময়ের চাকরিতে কাজ শুরু করেন তখন আপনি আর বেনিফিট পাওয়ার যোগ্য হন না। আপনি যদি একটি আংশিক সময়ের চাকরি পান তাহলে আপনি আংশিক বেনিফিট পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।</li> <li><b>আপনার দাবিদার পুস্তিকাটি পড়ুন।</b> বেকারত্ব বিমার বেনিফিটগুলি সংগ্রহ করার সময় আপনার অধিকার ও দায়িত্বগুলির সম্পর্কে এটি আপনাকে জানায়। আপনি যে অতিরিক্ত বেনিফিট ও পরিশেবাগুলির জন্য যোগ্য হতে পারেন তার তালিকাও এখানে দেওয়া আছে। আমাদের ওয়েবসাইটে ইলেকট্রনিক ও অডিও সংস্করণগুলিও লভ্য আছে।</li> <li><b>জালিয়াতি এড়ান।</b> সঠিক কাজটি করুন এবং আপনি বেনিফিট পাওয়ার সময় নিয়মগুলি অনুসরণ করুন। আপনি নিয়মাবলী অনুসরণ না করলে গুরুতর আইনি পরিণামের সম্মুখীন হতে পারেন।</li> <li><b>আপনি না জানলে, সাহায্য চান।</b> বেকারত্ব বিমা প্রতিনিধিরা আপনাকে সাহায্য করার জন্য লভ্য আছেন। উত্তরগুলির জন্য 1-888-209-8124 নম্বরে ফোন করুন বা আমাদের ওয়েবসাইট-এ যান।</li> </ol>
--	--

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



আপনার অনলাইন দাবিটি সম্পূর্ণ করার জন্য, আপনাকে অবশ্যই নিম্নলিখিতগুলির জন্যও সম্মত হতে হবে:

আমি সবগুলি ট্যাবযুক্ত বিভাগ পর্যালোচনা করেছি ও প্রতিপাদন করেছি যে তথ্যাবলী সত্য ও নির্ভুল, এবং আমি বুঝেছি যে মিথ্যা বিবৃতির জন্য আইনে শাস্তির বিধান আছে। আমি নির্ভুল ও সম্পূর্ণ তথ্য দিয়েছি, এতে অন্তর্ভুক্ত রয়েছে আমার চিঠি পাঠানোর ঠিকানা (প্রয়োজনীয়) ও ইমেল ঠিকানা (প্রয়োজনীয়)। যদি আমার যোগাযোগের তথ্যের পরিবর্তন হয়, তাহলে আমি সেটাকে আপডেট করতে সম্মত জানাচ্ছি। আমার NY.gov অ্যাকাউন্টের মাধ্যমে আমাকে যে নিরাপদ বার্তা ও প্রশ্নমালাগুলি পাঠানো হয়, এবং সেই চিঠিপত্রে উল্লিখিত সময়সীমাগুলির ভিতরে আমি যে সব ফর্ম ও চিঠি পেতে পারি, আমি সেগুলি দেখতে ও তার উত্তর দিতে সম্মত জানাচ্ছি। আমি বুঝেছি যে আমি যদি বেনিফিটগুলির জন্য যোগ্য না হই, তাহলে কোনো খরচ বা বাধ্যবাধকতা ছাড়াই একজন প্রশাসনিক আইনি বিচারকের সামনে একটি শুনানির অধিকার আমার আছে। শ্রম বিভাগের কাছে তথ্য না দিয়ে গোপন করে বা মিথ্যা তথ্য প্রদান করে আপনি যে বেনিফিট পেয়েছেন, আপনি যদি সেগুলি পরিশোধ না করেন কিংবা তার ফলস্বরূপ ধার্য করা জরিমানাগুলো প্রদান না করেন, সেই ক্ষেত্রে শ্রম বিভাগ আমার বিরুদ্ধে বিচারের রায় পাওয়ার জন্য আইনি পদক্ষেপ নিতে পারে। একবার তা দেওয়া হলে, বিচারের রায় বৈধ হয় এবং আমার বিরুদ্ধে কুড়ি বছরের জন্য ব্যবহার করা যেতে পারে, এবং আমার অর্থের চেক এবং/অথবা ব্যাঙ্ক অ্যাকাউন্টের একটি অংশ সহ, আমার অর্থ নিয়ে নেওয়া হতে পারে। এছাড়াও, বিচারের রায় আমার ক্রেডিট স্কোরের ক্ষতি করবে এবং কোন বাসা ভাড়া করা, চাকরি খোঁজা বা ঋণ নেওয়ায় আমার ক্ষমতার উপরেও প্রভাব ফেলতে পারে। আমি আরও নিশ্চিত করছি যে আমি যুক্তরাষ্ট্র, কোনো U.S. টেরিটোরি বা কানাডার বাইরে থাকাকালীন কোনো সময়কালের জন্য এই দাবিটি জমা দিচ্ছি না।

**নিরাপদ বার্তা বিনিময় ও অন্যান্য বার্তা:** আপনার লেবার অন-লাইন অ্যাকাউন্টের মাধ্যমে ও ডাকযোগে আপনি নিরাপদ বার্তা, চিঠিপত্র ও প্রশ্নমালা পেতে পারেন, যেগুলো আপনাকে প্রদত্ত সময়সীমার মধ্যে অবশ্যই সম্পূর্ণ করে ফেরত পাঠাতে হবে। এটা না করলে, আপনার দাবিটি বিলম্বিত হবে অথবা এর ফলস্বরূপ বেনিফিটগুলো প্রত্যাহ্যান ও/বা স্থগিত করা হতে পারে।

## 16. ফর্মসমূহ

এই নথির সারা অংশ জুড়ে উল্লিখিত ফর্মসমূহ পরবর্তী পৃষ্ঠাগুলিতে দেওয়া হল:

- **একটি চাকরি খোঁজার রেকর্ড (Work Search Record)** আপনার চাকরি খোঁজার কাজের রেকর্ড ও নথিকরণ করতে ব্যবহার করা হয়।
- **একটি পুনর্বিবেচনার অনুরোধ (Request for Reconsideration)** ফর্মটি ব্যবহার করে আপনি যে আপনার আর্থিক সুবিধা নির্ধারণ বিস্তৃতিতে প্রদত্ত তথ্যের সাথে সহমত নন তা টেলিফোন ক্লেইম সেন্টারকে\* জানাতে পারেন।
- **একটি বিকল্প ভিত্তি সময়কালের অনুরোধ (Request for Alternate Base Period)** ফর্ম আপনার বেনিফিটের হার বৃদ্ধি করতে ব্যবহার করা যাবে যদি আপনার সর্বোচ্চ কোয়ার্টারের পারিশ্রমিকগুলি বিকল্প কোয়ার্টারে থাকে।
- **একটি কর্মনিযুক্তির সপ্তাহের উপরে ভিত্তি করে হার নির্ধারণের অনুরোধ (Request for Rate Based on Weeks of Employment)** ফর্ম এবং নির্দেশাবলী।
- **ভোটদাতার রেজিস্ট্রিকরণের ফর্ম। শ্রম বিভাগ-এ এই ফর্মটি ফেরৎ পাঠাবেন না।** একটি সম্পূর্ণ করা ভোটদাতার রেজিস্ট্রিকরণের ফর্ম আপনার স্থানীয় বোর্ড অফ ইলেকশান্স-এ পাঠাতে হবে যেটির ঠিকানা নির্দেশাবলীর পৃষ্ঠায় দেওয়া আছে।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।

\*ক্লেইম সেন্টারে যোগাযোগ করতে অনুগ্রহ করে (888) 209-8124 নম্বরে টেলিফোন করুন। TTY/TDD ব্যবহারকারীদের জন্য: (800) 662-1220 নম্বরে রিলে অপারেটরকে ফোন করুন এবং অপারেটরকে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন। ভিডিও বা অন্য ধরনের রিলে পরিষেবা ব্যবহারকারীদেরকে তাদের রিলে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে (888) 783-1370 নম্বরে কল করতে বলুন।



Department  
of Labor

## কর্ম অনুসন্ধান রেকর্ড

সন্তোষের জন্য:

(রাবিবারের তারিখ ব্যবহার করুন)

পদবি: \_\_\_\_\_ নাম \_\_\_\_\_ NYS ID#: NY \_\_\_\_\_ BSSনং: XXX-XX-\_\_\_\_\_

(নিয়োগপত্রের শীর্ষে পাওয়াযাবে)

(শুধু শেষ চারটি সংখ্যা)

এই ফর্মটি আপনার কর্ম অনুসন্ধানের কার্যক্রম রেকর্ড করতে ব্যবহার করা হতে পারে। পিছনদিকে নির্দেশনা রয়েছে। আপনি আমাদের JobZone ওয়েবসাইটে এই ফর্মটি ব্যবহার করার বদলে কর্ম অনুসন্ধান রেকর্ডও ব্যবহার করতে পারেন। আপনি যখন অনলাইনে সাপ্তাহিক রেকর্ড বীমা সুবিধার দাবী করবেন তখন শুধু JobZone-এর কর্ম অনুসন্ধানের লিঙ্কে ক্লিক করুন।

যে ব্যক্তি আপনি অংশগ্রহণ করেছেন/ যে সব নিয়োগকর্তা আপনার সঙ্গে যোগাযোগ করেছেন: আপনি সন্তোষজুড়ে যে সব চাকরির জন্য আবেদন করেছেন, যেসব ইন্টারভিউয়ে অংশগ্রহণ করেছেন এবং যেসব ব্যক্তি অংশগ্রহণ করেছেন/ যে সব নিয়োগকর্তার সাথে যোগাযোগ করেছেন সেগুলির তালিকা উপরে দেখানো হয়েছে। আপনার সেরা দক্ষতা দিয়ে সব কলামগুলি পূরণ করুন। প্রয়োজনে অতিরিক্ত কাগজ নিন। প্রথম সারিটি হল উপহার।

যোগাযোগের তারিখ	যে পদের জন্য আবেদন করা হয়েছে	ব্যক্তি/নিয়োগকর্তার নাম	যে ব্যক্তির সঙ্গে যোগাযোগ করা হয়েছে তার নাম ও পদবী (জানা থাকলে)	কিভাবে যোগাযোগ করা হয়েছে (নিজে এসে, ফোন, ফ্যাক্স, ইমেল, ওয়েবসাইট, ইত্যাদি)	যোগাযোগ পদ্ধতির জন্য তালিকাভুক্ত যোগাযোগ তথ্য (ঠিকানা, টেলিফোন নম্বর, ইমেল, ওয়েবসাইট/URL, ফ্যাক্স নম্বর)	যোগাযোগের ফলাফল (জানা থাকলে) (ইন্টারভিউ, প্রতিবেদনের জন্য অপেক্ষা, নিয়োগ করা হয়নি)
1/2/2014	ক্লার্ক	ABC Industries	জন স্মিথ এইচ আর ডিরেক্টর	ইমেল	j.smith@abcinc.com	ইন্টারভিউ স্টেট আপ

কর্ম অনুসন্ধানের কার্যক্রম: যাবস/ চাকরীদাতার পরিচিতি ছাড়া চাকরী খোজার জন্য আপনি যা যা করেছিলেন তার তালিকা করুন।

প্রস্তাবিত কার্যক্রমের জন্য পিছনের নির্দেশনা দেখুন। প্রথম সারিটি হল একটি উপহার।

কার্যক্রমের তারিখ \_\_\_\_\_ সঞ্চালিত কার্যক্রম \_\_\_\_\_

1/3/2014 কর্মজীবন কেন্দ্রে রিজিউম (জীবন বৃত্তান্ত) প্রস্তুতির কর্মশালায় উপস্থিত ছিলেন

WS5 (04/15) সমান সুযোগের কর্মসূচী - প্রতিবন্ধী ব্যক্তির জন্য অনুরোধের ভিত্তিতে সহায়ক (অকাজিলারি এইডস) এবং সহায়তার পরিষেবা উপলব্ধ।

## কর্ম অনুসন্ধানের রেকর্ডের নির্দেশনা

বেকার ভাতা সুবিধার দাবী করার সময় আপনাকে অবশ্যই সক্রিয়ভাবে কাজ খুঁজতে হবে। প্রতি সপ্তাহে বেকারত্ব বীমা সুবিধার দাবি করার জন্য আপনাকে একটি কর্ম অনুসন্ধান রেকর্ড রাখতে হবে এবং নিউইয়র্ক রাজ্য শ্রম বিভাগের অনুরোধে তার প্রতিলিপি জমা দেওয়ার জন্য প্রস্তুত থাকুন। নিচে তালিকাভুক্ত যোগাযোগগুলির মাধ্যমে আমরা ফর্মের তথ্য যাচাই করব। আপনি যদি জেনে শুনে আমাদেরকে আপনার কর্ম অনুসন্ধান রেকর্ড সম্পর্কে জ্ঞান তথ্য দেন তাহলে এটি জালিয়াতি হিসাবে বিবেচনা করা হবে এবং আপনার বেকারত্ব বীমা সুবিধা বাতিল করা হতে পারে।

যতক্ষণ না শ্রম বিভাগ থেকে আপনার কর্ম অনুসন্ধান পরিকল্পনা দেওয়া হচ্ছে ততক্ষণ আপনাকে প্রতি সপ্তাহে অন্তত তিনটি কর্ম অনুসন্ধান করা আবশ্যিক।\* তিনটি কার্যক্রম অবশ্যই সপ্তাহের আলাদা আলাদা দিনে হতে হবে। সেগুলিতে অবশ্যই কর্ম অনুসন্ধান কার্যক্রম 1-5- (নিচে) থেকে অন্তত একটি কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে। আরো দুটি বেশি কার্যক্রম সম্পন্ন করা আবশ্যিক এবং নিচে তালিকাভুক্ত নয়টি কার্যক্রম থেকে নির্বাচন হতে পারে। এটি হল নূনতম নির্ণায়ক। আপনাকে আরো বেশি করতে উৎসাহিত করা হবে।

**কর্ম অনুসন্ধানের কার্যক্রম:** কর্ম অনুসন্ধানের কার্যক্রমে এগুলি অন্তর্ভুক্ত হলেও, তা কেবল এতেই সীমিত নয়:

- (1) একটি স্থানীয়নিউ ইয়র্কস্টেট ক্যারিয়ার সেন্টার পরিদর্শন করা এবং:
    - ক্যারিয়ার সেন্টারের পরামর্শদাতাদের সঙ্গে সাক্ষাৎ করা;
    - বিশেষ শিল্প বা অঞ্চলে এভেইলবলবা উপলব্ধ থাকতে পারে এমন কোনো চাকরি সম্পর্কে ক্যারিয়ার সেন্টার কর্মীর নিকট হতে তথ্য সংগ্রহ করা (চাকরীর বাজারের তথ্য সংগ্রহ করা);
    - আপনার দক্ষতা পরিমাপ এবং সম্ভাব্য পেশা এবং চাকরীর সাথে মেলানোর জন্য ক্যারিয়ার সেন্টার কর্মীর সাথে কাজ করা ( পেশার সাথে মেলাবার জন্য দক্ষতা পরিমাপ);
    - নির্দেশনামূলক কর্মশালায় (ওয়ার্কশপ) অংশগ্রহণ করা; এবং
    - ক্যারিয়ার সেন্টার থেকে চাকরীর রেফারেল এবং দক্ষতার সাথে মেলে এমন উপযুক্ত চাকরীর খবর পাওয়া এবং চাকরীদাতার সাথে যোগাযোগ করা।
  - (2) চাকরির সাইট ঘুরে দেখা এবং পদ খালি থাকতে পারে এমন নিয়োগকর্তাদেরকে হাতে হাতে চাকরির আবেদন জমা দেওয়া।
  - (3) জনসাধারণের জন্য বিজ্ঞপ্তি অথবা কর্মখালির বিজ্ঞাপনের প্রতিক্রিয়া রিজিউম (জীবন বৃত্তান্ত) বা পদ খালি থাকতে পারে এমন নিয়োগকর্তাদেরকে চাকরির আবেদন জমা দেওয়া।
  - (4) চাকরি অনুসন্ধানের সেমিনার, নির্ধারিত ক্যারিয়ার নেটওয়ার্কিংয়ের সভা, চাকরির মেলা অথবা কর্মসংস্থান সম্পর্কিত কর্মশালা যেখানে চাকরির অনুসন্ধানের দক্ষতার উন্নতির জন্য নির্দেশনা প্রস্তাব করা হয় সেগুলিতে অংশগ্রহণ করা।
  - (5) সম্ভাব্য নিয়োগকর্তাদের সঙ্গে ইন্টারভিউ দেওয়া।
- (6) পুরানো নিয়োগকর্তা (দেয়) সাথে চাকরীর জন্য আবেদন করা।
  - (7) বেসরকারী কর্মসংস্থান এজেন্সি, প্রেসমেন্ট সার্ভিসেস, ইউনিয়ন এবং স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের প্রেসমেন্ট অফিস এবং/অথবা পেশাদারী সংস্থার সঙ্গে নিবন্ধন করা এবং চাকরি অনুসন্ধান করা।
  - (8) চাকরির অনুসন্ধান করতে, অগ্রসর হওয়ার সহায়তা পেতে, রেফারেলের অনুরোধ বা চাকরির ইন্টারভিউয়ের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে টেলিফোন, ব্যবসায়িক ডিরেক্টরি, ইন্টারনেট বা অনলাইনে চাকরির অনুসন্ধান সিস্টেমের ব্যবহার করা।
  - (9) সরকারী চাকরির জন্য সিভিল সার্ভিস পরীক্ষার জন্য আবেদন এবং/অথবা নিবন্ধন করা। একবছরের জন্য আপনার কর্ম অনুসন্ধান রেকর্ডগুলির প্রতিলিপি রেখে দিন। আমরা না বলা পর্যন্ত শ্রম বিভাগে আপনার কর্ম অনুসন্ধান রেকর্ড পাঠাবেন না। অনলাইনে [www.jobzone.ny.gov](http://www.jobzone.ny.gov) এ আপনি স্থানীয় নিউ ইয়র্ক স্টেট কর্মজীবন কেন্দ্রে বা আপনার দাবির হস্তপুস্তিকায় আরো ফর্ম পাবেন। আপনি আপনার কর্ম অনুসন্ধানের রেকর্ড অনলাইনে [www.jobzone.ny.gov](http://www.jobzone.ny.gov) এ রাখতে পারেন।
- \*শ্রম বিভাগ থেকে অনুমোদিত কোনো কর্ম অনুসন্ধানের পরিকল্পনা যদি আপনার কাছে থাকে তাহলে, আপনাকে পরিকল্পনায় যা ঠিক হয়েছিল তা করতে হবে এবং সেইসবগুলি কর্ম অনুসন্ধানের রেকর্ডে রেখে দিন। আপনার কর্ম অনুসন্ধান পরিকল্পনায় যা বলা আছে তা আপনি করছেন সেই বিষয়ে নিশ্চিত হতে আমরা আপনার কর্ম অনুসন্ধান রেকর্ড যাচাই করব।



**গুরুত্বপূর্ণ!**

আপনার শেষ আর্থিক বেনিফিট নির্ধারণ ডাকযোগে পাঠানোর ৩০ দিনের মধ্যে এই ফর্ম পাওয়া আবশ্যিক। **অনুগ্রহ করে** পরিকারভাবে প্রিন্ট করুন। আপনি তা না করলে আমরা ফর্মটি প্রক্রিয়া করতে পারব না।

**বেকার বীমা**

**পুনর্বিবেচনার অনুরোধ**

**অনুগ্রহ করে পরিকারভাবে প্রিন্ট করুন**

পদবি: \_\_\_\_\_ নাম: \_\_\_\_\_ মার্কের নামের আদ্যবর: \_\_\_\_\_  
ঠিকানা: \_\_\_\_\_  
শহর: \_\_\_\_\_ রাজ্য: \_\_\_\_\_ জিপকোড: \_\_\_\_\_  
দাবী কার্যকর/আরম্ভের তারিখ: \_\_\_\_/\_\_\_\_/\_\_\_\_ সামাজিক নিরাপত্তা নম্বর: XXX-XX-\_\_\_\_

**ফর্মের প্রয়োজনীয়তা**

বেতন সংশোধন করতে এবং/অথবা বেতন যোগ করতে আপনার আর্থিক বেনিফিট নির্ধারনিত প্রভাবিত না করতে নিচের পরামর্শ অনুসরণ করুন।



- কালো অথবা নীল কালি ব্যবহার করে নাচের নিয়োগ কর্তা ও ত্রৈমাসিক বেতনের তথ্য সম্পূর্ণ করুন।
- আপনার চাকুরি ও বেতনের সপক্ষে যে- কোন প্রমাণ যেমন পে স্টাব, W-2s, 1099s, ভাউচার, চেক, বখশিশ, বোনাস, খাদ্য, থাকা, কমিশন, ছুটিকালীন বেতন এবং চাকুরী ও বেতনের রেকর্ড অস্বত্বভুক্ত করুন।



- $8 \frac{1}{2} \times 11$  কাগজের এক পাশে সমর্থিত কাগজপত্রের ফটোকপি করুন। মূল কাগজপত্র প্রেরণ করবেন না।
- প্রত্যেক এন্ট্রিচমেন্টে আপনার নাম, সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চারটি সংখ্যা এবং টেলিফোন নম্বর লিখুন।
- যদি আপনি শ্রমিকের ক্ষতিপূরণ পেয়ে থাকেন, আপনার সর্বশেষ আঘাতের পরবর্তী রিপোর্ট পূরণ (এসআরওআই) -এর একটি কপি অস্বত্বভুক্ত করুন।
- এই সম্পূর্ণ করা ফর্মটি এবং সবগুলি সংযুক্তি উপরে উল্লিখিত গুরুত্বপূর্ণ বার্তায় দেওয়া সময়সীমার মধ্যে পাওয়া আবশ্যিক। **অনুগ্রহ করে পরিকারভাবে প্রিন্ট করুন।**

**নিয়োগকর্তার তথ্য**

অনুগ্রহ করে পরিকারভাবে মুদ্রণ করুন। অতিরিক্ত পৃষ্ঠাসংযুক্ত করুন যদি (৩) জন নিয়োগকর্তার বেশী তথ্য আপনার নিকট থাকে।

নিয়োগকর্তা: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
ঠিকানা: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
শহর: _____ রাজ্য: _____ জিপ: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
নিউ ইয়র্ক স্টেটের বাইরে যদি অন্য কোথাও কাজটি করা হয়ে থাকে, তাহলে স্টেট লিখুন: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____

নিয়োগকর্তা: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
ঠিকানা: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
শহর: _____ রাজ্য: _____ জিপ: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
নিউ ইয়র্ক স্টেটের বাইরে যদি অন্য কোথাও কাজটি করা হয়ে থাকে, তাহলে স্টেট লিখুন: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____

নিয়োগকর্তা: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
ঠিকানা: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
শহর: _____ রাজ্য: _____ জিপ: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____
নিউ ইয়র্ক স্টেটের বাইরে যদি অন্য কোথাও কাজটি করা হয়ে থাকে, তাহলে স্টেট লিখুন: _____	কোয়ার্টার: ____/____/____ - ____/____/____ \$ _____, _____ . _____

**সার্টিফিকেশন**

আমি প্রত্যয়ন করছি যে, আমার জানামতে উপরোক্ত তথ্য সত্য এবং ভ্রান্ত তথ্য দেয়া হলে শাস্তির বিধান রয়েছে বলেও আমি সচেতন। আমার অনুরোধের ফলাফল সম্পর্কে আমাকে অবহিত করা হবে বলে বুঝতে পারছি। কোয়ার্টার

প্রয়োজন

তারিখ

এরিয়া কোড

টেলিফোন নম্বর

**ফেরত পরামর্শ**

সকল সংযুক্তি এই নোটিশ উপরে বর্ণিত গুরুত্বপূর্ণ তথ্য অংশে প্রদত্ত সময়সীমার মধ্যে অবশ্যই গৃহীত হতে হবে।



ফ্যাক্স: 518-457-9378. এই নোটিশ হচ্ছে আপনার কভার পেজ।  
মোট পৃষ্ঠা উল্লেখ করুন \_\_\_\_\_।



ডাক: New York State Department of Labor,  
P.O. Box 15130, Albany, NY 12212-5130.



[www.labor.ny.gov](http://www.labor.ny.gov) অথবা ৮৮৮-৫৮১-৫৮১২ নম্বরে টেলি-সার্ভিসে কল করে আপনার সাপ্তাহিক বেনিফিট দাবী করুন।



আরো তথ্যের জন্য এটি দেখুন  
[www.labor.ny.gov](http://www.labor.ny.gov)



এর জন্য আপনার কেইম্যান্ট হ্যান্ডবুক দেখুনঃ  
[www.labor.ny.gov/uihandbook](http://www.labor.ny.gov/uihandbook)







Department of Labor  
PO Box 15130  
Albany, NY 12212-5130  
www.labor.ny.gov

### গুরুত্বপূর্ণ!

আপনার শেষ আর্থিক বেনিফিট নির্ধারণ  
ডাকযোগে পাঠানোর ৩০ দিনের মধ্যে  
এই ফর্ম পাওয়া আবশ্যিক।  
অনুগ্রহ করে পরিকল্পনাকারীকে প্রিন্ট করুন। আপনি তা না করলে  
আমরা ফর্মটি প্রক্রিয়া করতে পারব না।

## বেকার বীমা বিকল্প বেস পিরিয়ডের

অনুগ্রহ করে পদবি: \_\_\_\_\_ নাম: \_\_\_\_\_ মাঝের নামের আদ্যবর: \_\_\_\_\_  
পরিষ্কারভাবে প্রিন্ট ঠিকানা: \_\_\_\_\_  
করমন শহর: \_\_\_\_\_ রাজ্য: \_\_\_\_\_ জিপকোড: \_\_\_\_\_  
দাবী কার্যকর/আরম্ভের তারিখ: \_\_\_\_/\_\_\_\_/\_\_\_\_ সামাজিক নিরাপত্তা # XXX-XX-\_\_\_\_

ফর্মের প্রয়োজনীয়তা আপনার সাপ্তাহিক বেনিফিট রেট বৃদ্ধি করতে যদি আপনি বিকল্প বেস পিরিয়ড ব্যবহার করতে ইচ্ছুক হন:



- কালো অথবা নীল কালি ব্যবহার করে নিচের ধাপগুলো সম্পূর্ণ করুন;
- আপনার চাকুরি ও বেতনের সপক্ষে যে- কোন প্রমাণ যেমন পে স্টাব, W-2s, 1099s, ভাউচার, চেক, বখশিশ, বোনাস, খাদ্য, থাকা, কমিশন, ছুটিকালীন বেতন এবং চাকুরী ও বেতনের রেকর্ড অস্বর্ভুক্ত করুন।
- $1 \frac{1}{2} \times 11$  কাগজের এক পাশে সমর্থিত কাগজপত্রের ফটোকপি করুন। মূল কাগজপত্র প্রেরণ করবেন না;
